পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

# দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 30, Issue No.: 177 Thursday, 29 May, 2025 ✳ ৩০ বর্ষ, ১৭৭ সংখ্যা ✳ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২, বৃহস্পতিবার, ২৯ মে ২০২৫ ✳ আজ ৮ পাতা ✳ মূল্য– ৩ টাকা

## বাংলায় পা রাখার আগে মোদির নিশানায় তৃণমূলের দুর্নীতি, 'পরিযায়ী' কটাক্ষ জোড়াফুল শিবিরের

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মেঃ** আগামীকাল রাজ্যে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আলিপুরদুয়ারে জনসভা করার কথা রয়েছে তাঁর। মোদির এই সফর ঘিরে উত্তরবঙ্গ জুড়ে পদ্মশিবিরের মধ্যে তুঙ্গে উন্মাদনা। এমন পরিস্থিতিতে বাংলায় পা রাখার আগেই রাজ্যের শাসকদল তৃণমূলের দুর্নীতি নিয়ে সোশ্যাল মাধ্যমে সরব হলেন প্রধানমন্ত্রী মোদি। জবাবে তৃণমূলের তরফে প্রধানমন্ত্রীকে 'পরিযায়ী' হিসেবে কটাক্ষ করা হয়েছে। সব মিলিয়ে মোদির বাংলা সফরের আগে সরগরম বঙ্গ রাজনীতি। এদিন বিকেলে সোশ্যাল মাধ্যমের পোস্টে তৃণমূলের দুর্নীতির পাশাপাশি কেন্দ্রের বিভিন্ন প্রকল্প বাংলার মানুষের কাছে প্রশংসিত হয়েছে বলেও দাবি করেছেন প্রধানমন্ত্রী। টুইটে মোদি লিখেছেন, 'আগামিকাল বিকেলে আলিপুরদুয়ারের জনসভায় আমি ভাষণ দেব। গত এক দশক ধরে এনডিএ সরকারের বিভিন্ন প্রকল্প বাংলার মানুষের দ্বারা ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। একই সঙ্গে তারা তৃণমূল কংগ্রেসের দুর্নীতি এবং দুর্বল প্রশাসনে ক্লান্ত।' মোদির এই টুইট সোশ্যাল মাধ্যমে পোস্ট হওয়ার প্রায় সঙ্গে সঙ্গে তৃণমূল শিবির থেকে ধেয়ে এসেছে পাল্টা কটাক্ষ। শাসকদলের তরফে মোদিকে নিশানা করে লেখা হয়েছে, 'বাংলায় আবার মরসুমি ভ্রমণে আসছেন পরিযায়ী পাখি, তাঁর কাছে সহজ প্রশ্ন, বাংলার ১.৭ লক্ষ কোটি টাকার ন্যায্য পাওনা কেন্দ্র কেন এখনও আটকে রেখেছে?' টুইট পাল্টা টুইট ঘিরে মোদির সফরের আগেই সরগরম বঙ্গ রাজনীতি। যেভাবে বাংলায় পা রাখার আগেই রাজ্যের দুর্নীতি নিয়ে তৃণমূলকে নিশানা করে মোদি পোস্ট করেছেন, তাতে একটা বিষয় স্পষ্ট, আগামিকাল আলিপুরদুয়ারের সভা থেকে তিনি এ ব্যাপারে আক্রমণ আরও তীব্রতর করতে পারেন।

## অগ্নি নির্বাপণ ব্যবস্থায় জোর রাজ্যের

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মেঃ** এপ্রিলের শেষে ভয়াবহ অগ্নিকাণ্ডে বড় বাজারের হোটেলে মৃত্যু হয়েছিল ১৪ জনের। তারপরও একাধিক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে শহরে। প্রতিটি ক্ষেত্রেই অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিয়ে উঠেছে প্রশ্ন। এমন পরিস্থিতিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঠেকাতে অগ্নি নির্বাপণ ব্যবস্থায় জোর দিচ্ছে রাজ্য। এ ব্যাপারে বুধবার কলকাতা পুরসভার কনফারেন্স হলে অনুষ্ঠিত হল রাজ্যস্তরের বিশেষ বৈঠক। ওই বৈঠক থেকেই অগ্নি নির্বাপণ নিয়ে বিধানসভায় নয়া পলিসি আনার সিদ্ধান্ত নেওয়া হল। বৈঠক শেষে একথা জানান কলকাতার মেয়র তথা রাজ্যের পুরমন্ত্রী ফিরহাদ হাকিম।

## কালীঘাট অভিযান করছেন 'যোগ্য' চাকরিহারারা, মুখ্যমন্ত্রীর সাক্ষাৎ চায় মহিলা প্রতিনিধি দল

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মেঃ** বৃহস্পতিবার কালীঘাট অভিযানের ডাক দিলেন আন্দোলনরত 'যোগ্য' চাকরিহারারা। 'যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ'-এর তরফে জানান হয়েছে, তাঁদের একটি মহিলা প্রতিনিধি দল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ি যাবে। তাঁর সঙ্গে সাক্ষা চান তাঁরা। 'যোগ্য' চাকরিহারা যারা বিকাশ ভবনে এতদিন ধরে আন্দোলন করছিলেন তাঁদের অন্যতম মুখ চিন্ময় মণ্ডল জানান, বৃহস্পতিবার তাঁদেরই মধ্যে থেকে মহিলাদের একটি প্রতিনিধি দল কালীঘাটে যাবে। মূল উদ্দেশ্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করে। আগামী দিনে আর কী কর্মসূচি তাঁরা নেবেন, সে ব্যাপারে পরে জানিয়ে দেওয়া হবে বলেও জানান চিন্ময়। এদিকে বুধবার রাতে সাংবাদিক বৈঠক করে মহিলা প্রতিনিধি দলের সদস্যরা বলেন, নতুন করে পরীক্ষায় বসার বিষয়টিই তাঁদের কাছে লজ্জাজনক। কারণ তাঁরা ইতিমধ্যে যোগ্যতার প্রমাণ দিয়েই চাকরি পেয়েছিলেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে এই বিষয়টি নিয়েই কথা বলতে চান তাঁরা। স্পষ্ট বক্তব্য, মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে আর্জি থাকবে যাতে তাঁদের আর পরীক্ষায় বসতে না হয় সেই ব্যবস্থা করা। 'যোগ্য' চাকরিহারারা জানাচ্ছেন, তাঁরা কী অবস্থায় রয়েছেন, কী কী পরিস্থিতির সম্মুখীন হচ্ছেন সে ব্যাপারেই মুখ্যমন্ত্রীকে জানাতে চান। কারণ তাঁদের সঙ্গে সরাসরি তাঁর কথাই হয়নি। মহিলা প্রতিনিধি দল মনে করছে, কোথাও একটা ভুল বোঝাবুঝি তৈরি হয়েছে, দু-তরফে স্পষ্টত কথাবার্তার অভাব রয়েছে। তাই তাঁরা চান, মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে গোটা বিষয়টি স্পষ্ট করতে। এছাড়া তাঁদের আর কোনও উদ্দেশ্য নেই কালীঘাট যাওয়ার, এমনটাই জানান তাঁরা। যদিও মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁদের বৃহস্পতিবার দেখা হবে কিনা সে বিষয় কেউই নিশ্চিত নন। কারণ সেইভাবে কোনও অনুমতি নেওয়া হয়নি। চাকরিহারা সেই প্রসঙ্গে জানাচ্ছেন, অগত্যা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা না হলে এর পরবর্তী পদক্ষেপ কী হবে, সে বিষয়ে আলোচনা করেই সিদ্ধান্ত নেবেন। 'যোগ্য' চাকরিহারাদের অন্যতম মুখ মেহবুব মণ্ডল এদিনই সাংবাদিক বৈঠক করে নতুন পরীক্ষা ব্যবস্থার সমালোচনা করেছিলেন। মুখ্যমন্ত্রীকে উদ্দেশ্য করে মেহবুবের স্পষ্ট বার্তা ছিল, ''এখনও সিলেবাস জানান হয়নি। এতকিছু মাথায় নিয়ে যারা পরীক্ষায় পাশ করতে পারবে না তাঁরা যদি কিছু করে বসে তাহলে তার দায় আপনাকেই নিতে হবে। আমরা যারা যোগ্য তাঁদের কান্নার আওয়াজ কানে গেল না। আমরা ব্রাত্য হয়ে গেলাম। আর অযোগ্যদের অন্য দফতরে দেওয়ার কথা হচ্ছে। আমরা এটা মানব না।'' মেহবুবের দাবি, তাঁদের জন্য মুখ্যমন্ত্রী শুধুমাত্র রিভিউ পিটিশনের দরজা খোলা রেখেছেন। এতে আদতে লাভ হবে কিনা, তাই ভেবে পাচ্ছেন না তাঁরা।

# 'জঙ্গিদের শেষকৃত্যে পাক সেনার অফিসাররা, আর কী প্রমাণ চাই?

### পাকিস্তানকে ধুয়ে দিলেন অভিষেক

**সিঙ্গাপুর, ২৮ মেঃ** পাকিস্তান সেনার বড় বড় অফিসাররা জঙ্গিদের শেষশ্রদ্ধা জানাতে হাজির। সেদেশের সরকারের সঙ্গে জঙ্গিযোগ নিয়ে আর কী প্রমাণ চায় পাকিস্তান? সিঙ্গাপুর থেকে পড়শি এই দেশকে তীব্র আক্রমণ করে একথা বললেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোশ্যাল মিডিয়ায় পাকিস্তানের বিরুদ্ধে সন্ত্রাসবাদে মদত দেওয়ার তথ্য ছড়িয়ে দিতে সাধারণ মানুষকে আবেদনও করেন তিনি। পাকিস্তান সরকারের সঙ্গে জঙ্গিযোগ নিয়ে এদিন সিঙ্গাপুরে অভিষেক বলেন,'' পাবলিক ডোমেনে অনেক প্রমাণ পাবেন। যেখানে আপনি দেখতে পাবেন, পাকিস্তান সেনার পদস্থ অফিসাররা সন্ত্রাসবাদীদের শেষকৃত্যে হাজির রয়েছেন। আর কোথায় এটা দেখা যায়? আর কী প্রমাণ আমরা দিতে পারি?'' অপারেশন সিঁদুর ও সন্ত্রাসবাদ দমনে ভারতের পদক্ষেপের কথা বিশ্বের দরবারে তুলে ধরে দেশে দেশে যাচ্ছে একাধিক বহুদলীয় প্রতিনিধি দল। তেমনই একটি প্রতিনিধি দলের সদস্য ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক। তাঁদের প্রতিনিধি দল এশিয়ার পাঁচটি দেশে পরপর যাচ্ছে। জাপান, দক্ষিণ কোরিয়ার পর পৌঁছেছেন সিঙ্গাপুরে। প্রত্যেক দেশে সন্ত্রাসবাদে মদত দেওয়া নিয়ে পাকিস্তানের মুখোশ খুলে দিচ্ছে প্রতিনিধি দল। এই দলের প্রতিনিধিরা বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য হলেও দেশের স্বার্থে তাঁরা যে এক, তা ফের স্পষ্ট করে দিলেন অভিষেক। এদিন তিনি বলেন, ''অনেকে ভাবেন, দেশের নিরাপত্তা কিংবা সার্বভৌমত্বের বিষয় এলে বিরোধীরা কী অবস্থান নেবেন। রাজনৈতিক মতাদর্শগতভাবে আমাদের পার্থক্য রয়েছে। তাদের বিরুদ্ধে রাজনৈতিক লড়াই করি। কিন্তু, দেশের স্বার্থের কথা উঠলে, আমি দৃঢ়ভাবে পাশে রয়েছি। আমার দেশের স্বার্থের কাছে কখনও আমার রাজনৈতিক স্বার্থকে আসতে দেব না।''

## আগামী ২৪ ঘণ্টায় আরও শক্তি বাড়াবে নিম্নচাপ, উপকূলে কড়া সতর্কতা

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মেঃ** চাখ রাঙাচ্ছে ঘূর্ণিঝড় 'শক্তি'। নিম্নচাপ ইতিমধ্যেই সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। বর্তমান ওড়িশা উপকূল লাগোয়া উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে অবস্থান করছে। আগামী ২৪ ঘণ্টায় এটি আরও শক্তি বাড়িয়ে উত্তর দিকে অগ্রসর হবে। এই সিস্টেমটির জন্য সিকিমে অতিভারী বৃষ্টি হওয়ার সম্ভবনা আছে। ৩১ মে, শনিবার গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে ভারী থেকে অতিভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। উপকূলে ৬০-৭০ কিলোমিটার বেগে ঝড় বইবে। সপ্তাহান্তে মৎস্যজীবীদের সমুদ্র মাছ ধরে যাওয়ায় নিষেধাজ্ঞা জানানো হয়েছে। বৃহস্পতিবার থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে। উত্তর চব্বিশ পরগনা, দক্ষিণ চব্বিশ পরগনা, হাওড়া, হুগলি, নদিয়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে কমলা সতর্কতা রয়েছে।

# ট্রাম্পের যুদ্ধবিরতির প্রস্তাব পত্রপাঠ খারিজ নেতানিয়াহুর

মার্কিন যুক্তরাষ্ট্র,২৮ মে ঃ 'দেশের মাটি থেকে হামাসকে নিশ্চিহ্ন করে তবেই থামা হবে', মার্কিন যুদ্ধবিরতির প্রস্তাব খারিজ করে স্পষ্ট বার্তা দিল ইজরায়েল। অর্থাৎ নেতানিয়াহু বুঝিয়ে দিলেন গাজার মাটিতে নরসংহার জারি থাকছে। আমেরিকার দেওয়া প্রস্তাব হামাস মেনে নিয়েও বাতিল হয়ে গেল ইজরায়েলের আপত্তিতে। শেষ বার গত মার্চ মাসে যুদ্ধবিরতি প্রস্তাব সাক্ষরিত হয়েছিল হামাস ও ইজরায়েলের মধ্যে। তার মেয়াদ শেষ হওয়ার পর নতুন করে হামাসের বিরুদ্ধে ভয়াবহভাবে ঝাঁপিয়ে পড়ে ইহুদি সেনা। গাজাকে অবরুদ্ধ করে লাগাতার হামলায় মৃত্যু হচ্ছে হাজার হাজার নাগরিকের। এই পরিস্থিতিতে দাণ টানতে সম্প্রতি আমেরিকার তরফে দুই পক্ষকে যুদ্ধবিরতির প্রস্তাব দেওয়া হয়। যেখানে বলা হয়, হামাস দুই দফায় ১০ জন পণবন্দিকে মুক্তি দেবে, যার বিনিময়ে হবে ৭০ দিনের যুদ্ধবিরতি। এই ৭০ দিনে দুই পক্ষ স্থায়ী শান্তির লক্ষ্যে আলোচনা করবে। মার্কিন রাষ্ট্রদূত স্টিভ বিটকফের এই প্রস্তাবে সম্মতি জানায় হামাস।তবে ইজরায়েল প্রশাসন মার্কিন প্রস্তাব খারিজ করে জানায়, আমেরিকার তরফে প্রস্তাব দেওয়া হয়েছিল, ১০ পণবন্দির মুক্তির বিনিময়ে ৭০ দিনের যুদ্ধ বিরতির। আমরা কোনওভাবেই এই প্রস্তাবের পক্ষে নই। ইজরায়েলের এক আধিকারিক জানান, এই প্রস্তাব কোনওভাবেই সমর্থনযোগ্য নয়। এমন আর্জি মেনে নেওয়ার অর্থ হামাসের সামনে আত্মসমর্পণ করা। ফলে ইজরায়েল এই প্রস্তাব খারিজ করছে। পাশাপাশি সোশাল মিডিয়ায় ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু লেখেন, ' ভীষণভাবে আশাবাদী আজ অথবা কাল আমি হামাসের বিরুদ্ধে চলা আমাদের এই যুদ্ধের বিস্তারিত তথ্য পণবন্দিদের কাছে পৌঁছে দিতে পারব।' অর্থাৎ নেতানিয়াহু কার্যত বুঝিয়ে দিলেন, হামাসকে শেষ করে পণবন্দিদের উদ্ধারের ইঙ্গিত দিলেন তিনি। উল্লেখ্য, গত কয়েকমাসে গাজাকে অবরুদ্ধ করে ভয়ংকর অভিযান চালাচ্ছে ইজরায়েল। সম্প্রতি এক রিপোর্টে জানা যায়, গাজার ২০ লক্ষ বাসিন্দার মধ্যে বেশিরভাগই ভয়ংকর অপুষ্টির শিকার। ত্রাণ না পৌঁছলে মাত্র ৪৮ ঘণ্টার মধ্যে সেখানে ১৪ হাজার শিশুর মৃত্যুর আশঙ্কা রয়েছে। এর পরই গাজার ত্রাণ পাঠানোর অনুমতি দেয় ইজরায়েল। যদিও উত্তর গাজায় ত্রাণ পাঠানোর অনুমতি দেওয়া হয়নি ইজরায়েলের তরফে। কারণ ওই অঞ্চলে গাজার বাসিন্দাদের উচ্ছেদের কাজ শুরু হয়েছে। অর্থাৎ জোরকদমে চলছে গাজা দখল পর্ব। এই অবস্থায় যুদ্ধবিরতিকে লোকসান হিসেবে দেখছে ইজরায়েল।

# দক্ষিণ-পশ্চিম রাজস্থানে তাপপ্রবাহ, জয়পুর ও আজমেরে বৃষ্টির পূর্বাভাস

জয়পুর, ২৮ মে ঃঝড়-বৃষ্টি চললেও, তীব্র গরম থেকে আপাতত স্বস্তি পাবে না মরুরাজ্য রাজস্থান। আগামী ২-৩ দিন দক্ষিণ-পচিম রাজস্থানে তাপপ্রবাহের পরিস্থিতি বিরাজ করবে। আবার আগামী ৩ দিন জয়পুর, আজমের-সহ রাজস্থানের বেশ কিছু অংশ বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিরও সম্ভাবনা রয়েছে।জয়পুরে আই এমডি-র আঞ্চলিক আবহাওয়া দফতরের বিজ্ঞানী রাধেশ্যাম শর্মা বুধবার বলেছেন, আগামী ৩ দিন জয়পুর, শেখাওয়াতি, ভরতপুর এবং আজমের বিভাগে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ১-২ জুনের দিকে বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পাবে। দক্ষিণ-পশ্চিম রাজস্থানে আগামী ২-৩ দিন ধরে তাপপ্রবাহ অব্যাহত থাকবে।

# বৃহস্পতিতে বঙ্গে আসছেন প্রধানমন্ত্রী, দুই দিনে ৪টি রাজ্যে সফর মোদীর

নয়াদিল্লি, ২৮ মে ঃ আজ,বৃহস্পতিবার পশ্চিমবঙ্গে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পশ্চিমবঙ্গে আসার আগে প্রধানমন্ত্রী যাবেন সিকিমে, সেখানে বেলা এগারোটা নাগাদ একটি কর্মসূচিতে যোগ দেবেন প্রধানমন্ত্রী। সিকিমে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী এবং জনসভায় ভাষণ দেবেন। পরে পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার সফর করবেন প্রধানমন্ত্রী, দুপুর ২ঃ১৫ মিনিট নাগাদ আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় সিটি গ্যাস বিতরণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী। এছাড়াও বৃহস্পতিবারই প্রধানমন্ত্রী বিহার সফর করবেন এবং বিকেল ৫ঃ৪৫ মিনিট নাগাদ পাটনা বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করবেন।এরপর ৩০ মে সকাল ১১ টা নাগাদ বিহারের কারাকাতে ৪৮,৫২০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন, ভিত্তিপ্রস্তর স্থাপন এবং জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী। তিনি একটি জনসাধারণের অনুষ্ঠানেও ভাষণ দেবেন। এরপর প্রধানমন্ত্রী উত্তরপ্রদেশ সফর করবেন, যেখানে তিনি দুপুর ২ঃ ৪৫ মিনিট নাগাদ কানপুর নগরে প্রায় ২০,৯০০ কোটি টাকার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। তিনি একটি জনসাধারণের অনুষ্ঠানেও ভাষণ দেবেন। দুই দিনে ৪টি রাজ্য সফর করবেন প্রধানমন্ত্রী।

# সন্ত্রাসের কোনও ধর্ম হয় নাঃমনীশ পাকিস্তানকে তোপ অনুরাগের

জোহানেসবার্গ, ২৮ মে ঃ সন্ত্রাসবাদ প্রসঙ্গে পাকিস্তানের মুখোশ খুলতে বিশ্বের বিভিন্ন দেশে যাচ্ছে সাংসদদের বিভিন্ন প্রতিনিধি দল। এনসিপি (সিপি) সাংসদ সুপ্রিয়া সুলের নেতৃত্বাধীন একটি দল এখন দক্ষিণ কোরিয়ার জোহানেসবার্গে রয়েছে। সেখানে সন্ত্রাসবাদ প্রসঙ্গে পাকিস্তানের স্বরূপ তুলে ধরেন প্রতিনিধি দলের সদস্য কংগ্রেস সাংসদ মনীশ তিওয়ারি ও বিজেপি সাংসদ তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর।জোহানেসবার্গে প্রবাসী ভারতীয়দের সঙ্গে আলাপচারিতায় মনীশ তিওয়ারি বলেছেন, সন্ত্রাসবাদের কোনও ধর্ম হয় না, সন্ত্রাসবাদের অন্য কোনও প্রকাশ নেই। সন্ত্রাসবাদ একটি সম্পূর্ণ অশুভ শক্তিঃ যা এই বিশ্বের রাজনীতি থেকে নির্মূল করতে হবে। আর সেই কারণেই, পহেলগামে এই ভয়াবহ হামলার পর, যেখানে আমাদের ২৬ জন নাগরিককে ঠান্ডা মাথায় মারা হয়েছিল, আমরা বিশ্ব সম্প্রদায়ের কাছে পৌঁছে যাচ্ছি যাতে সেইসব দেশগুলির বিরুদ্ধে একটি বিশ্বব্যাপী ঐক্যমত্য তৈরি করা যায় যারা সন্ত্রাসকে রাষ্ট্রীয় নীতির হাতিয়ার হিসেবে ব্যবহার করে। ভারত সর্বদা একটি শান্তিপূর্ণ প্রতিবেশীতে বিশ্বাস করে। আমরা একটি শান্তিপূর্ণ প্রতিবেশীতে বিশ্বাস করি, কিন্তু আমরা সন্ত্রাসবাদকে সহ্য করব না এবং সহ্য করতে পারি না, যা ৪৫ বছর ধরে পাকিস্তান পৃষ্ঠপোষকতা করে আসছে।বিজেপি সাংসদ অনুরাগ সিং ঠাকুর বলেছেন, পহেলগামে ধর্মের ভিত্তিতে মানুষজনকে বাছাই করা হয়েছিল এবং তারপর তাঁদের সন্তান এবং স্ত্রীদের সামনে হত্যা করা হয়েছিল। টিআরএফ এই হামলার দায় নিয়েছে। পাকিস্তান হল সেই দেশ যারা ভারত এবং সমগ্র বিশ্বে সন্ত্রাসবাদ ছড়িয়ে দেয়। অনুরাগ বলেছেন, পহেলগাম সন্ত্রাসী হামলার ১৫ দিন পর যখন পাকিস্তান কোনও পদক্ষেপ নেয়নি, তখন আমাদের সশস্ত্র বাহিনী অসাধারণ কিছু করেছিল। ৯টি সন্ত্রাসী ঘাঁটিতে হামলা চালানো হয়েছিল।

# সংসদের বিশেষ অধিবেশন ডাকার আহ্বান তৃণমূল কংগ্রেসের

নয়াদিল্লি, ২৮ মে ঃ বর্ষাকালীন অধিবেশনের প্রাক্কালে জুন মাসে সংসদের বিশেষ অধিবেশন ডাকার আহ্বান জানালো তৃণমূল কংগ্রেস। বুধবার এক সাংবাদিক সম্মেলনে তৃণমূল কংগ্রেস নেত্রী তথা সাংসদ সাগরিকা ঘোষ বলেছেন, আমরা এআইটিসি-র কথা বলতে চাই, আমরা সর্বদা সরকারকে পূর্ণ সমর্থন দিয়েছি, পহেলগাম হামলার পর, অপারেশন সিঁদুরের সময়, আমরা আমাদের পূর্ণ সহযোগিতা দিয়েছি, যখন আমাদের প্রতিনিধিদল পাকিস্তানের মদতপুষ্ট সন্ত্রাসবাদ উন্মোচিত করতে বিদেশে গিয়েছে, তখন আমরা আমাদের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে পাঠিয়েছি, এটি দেখায় যে আমরা কতটা উদ্বিগ্ন ছিলাম।সাগরিকা ঘোষ আরও বলেছেন, আমরা পহেলগাম হামলার ক্ষতিগ্রস্তদের পাশাপাশি পাকিস্তানের গোলাগুলিতে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়িয়েছি, এআইটিসি-র ৫ সদস্যের একটি প্রতিনিধিদল সেখানে গিয়েছিল। কিন্তু আমরা এখন বিশ্বাস করি, আমাদের সমর্থনের পর, আমরা এখন সংসদের বিশেষ অধিবেশনের কপিল সিববলের দাবিকে সমর্থন করছি, কারণ সংসদীয় গণতন্ত্রে, সর্বোপরি মঞ্চ হল সদন, সরকারকে অবশ্যই এগিয়ে আসতে হবে এবং জনগণের আস্থা অর্জন করতে হবে, জাতীয় স্বার্থে আমরা যে প্রশ্নগুলি উত্থাপন করছি তার উত্তর দিতে হবে। আমরা জুনে বর্ষা অধিবেশনের আগে বিশেষ অধিবেশন চাই।

# সন্ত্রাসী কর্মকাণ্ডের শাস্তি অবশ্যই হওয়া উচিত, পানামায় বললেন শশী

পানামা সিটি, ২৮ মে ঃ সন্ত্রাসী কর্মকাণ্ডের শাস্তি অবশ্যই হওয়া উচিত, পানামা সিটিতে ভারতের অবস্থানের কথা বললেন কংগ্রেস সাংসদ শশী থারুর। কংগ্রেস সাংসদ শশী থারুরের নেতৃত্বে সর্বদলীয় প্রতিনিধিদল পানামা সিটিতে জাতীয় অ্যাসেম্বলি পরিদর্শন করেন এবং অ্যাসেম্বলি প্রেসিডেন্ট ডানা কাস্তানেদার সঙ্গে দেখা করেন।পানামা অ্যাসেম্বলির প্রেসিডেন্ট ডানা কাস্তানেদার সঙ্গে এক বৈঠকে কংগ্রেস সাংসদ শশী থারুর বলেন, আমরা সকলেই বিভিন্ন রাজনৈতিক পটভূমি এবং ভারতের বিভিন্ন অংশ থেকে এসেছি, কিন্তু জাতীয় উদ্দেশ্যে আমরা ঐক্যবদ্ধ। ২২ এপ্রিল পহেলগাম সন্ত্রাসী হামলার পর, আমরা অপেক্ষা করেছিলাম যে, পাকিস্তান সরকার এই ভয়াবহ অপরাধের অপরাধীদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেবে কিনা। যখন স্পষ্টতই কিছুই করা হচ্ছিল না, তখন দুই সপ্তাহ পরে, ৭ মে, আমরা পাকিস্তানের অভ্যন্তরে সন্ত্রাসী ঘাঁটির পরিচিত সদর দফতরে হামলা করি। যুদ্ধ শুরু করার কোনও আগ্রহ আমাদের ছিল না, তবে আমরা অনুভব করেছি, সন্ত্রাসী কর্মকাণ্ডের শাস্তি অবশ্যই হওয়া উচিত।পানামা অ্যাসেম্বলির প্রেসিডেন্ট ডানা কাস্তানেদা বলেছেন, দুর্ভাগ্যবশত, আমরা বিশ্বাস করি, এই সমস্যা (পাকিস্তানের মদতে সন্ত্রাসী হামলা) এখনও শেষ হয়নি এবং ভবিষ্যতে যদি আরেকটি সন্ত্রাসী ঘটনা ঘটে, আমরা বিশ্বাস করি, আমাদের এখানে ফিরে আসতে হবে না, আমরা আগে থেকেই আপনাদের বোঝাপড়া জানতে পারব।

# নিম্নচাপের দোসর অমাবস্যার ভরা কটাল, দুর্যোগের শঙ্কায় সুন্দরবন

ক্যানিং, ২৮ মে ঃ নিম্নচাপের দোসর অমাবস্যার ভরা কটাল। বঙ্গোপসাগরে তৈরি হওয়া নিম্নচাপ এগোচ্ছে স্থলভাগের দিকে। দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ইতিমধ্যেই জারি করা হয়েছে হলুদ সতর্কতা। ঘণ্টায় ৪০- ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। মস্যজীবীদের সমুদ্রে নামতে নিষেধ করা হয়েছে। ভিডিও অফিসে শুকনো খাবার, পানীয় জল, তার্পোলিন মজুত রাখা হয়েছে। এই মুহূর্তে দুর্যোগের শঙ্কায় রয়েছে সুন্দরবন।এদিকে, বর্ষা আসার আগেই ভাঙনের মুখে বকখালি। উপকূলবর্তী দু'টি গ্রামে কংক্রিটের বাঁধের ধসে পড়া অংশ দিয়ে নোনা জল ঢুকছে গ্রামে। জল বা।তে থাকায় বকখালি, ফ্রেজারগঞ্জের হোটেলে আশ্রয় নিতে হচ্ছে গ্রামবাসীদের। সেচ দফতর তড়িঘড়ি

# মধ্যপ্রদেশে উল্টে গেল বিহার এসটিএফের গাড়ি, দুজনের মৃত্যু, আহত আরও ৪

ভোপাল, ২৮ মে ঃ মধ্যপ্রদেশের রতলাম জেলাতে দিল্লি-মুম্বই এক্সপ্রেসওয়েতে মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। বুধবার সকালে বিহার এসটিএফের একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। দুর্ঘটনায় দুই জওয়ান ঘটনাস্থলেই প্রাণ হারান এবং ৪ জন আহত হন। একজনের অবস্থা আশঙ্কাজনক, বাকিদের প্রাথমিক চিকিৎসার পর ইন্দোর স্থানান্তর করা হয়েছে।পুলিশ সূত্রে জানা যায়, বিহার এসটিএফের একটি দল গয়া থেকে গুজরাটের গান্ধীধাম যাচ্ছিল একটি অভিযানে। পথেই রতলামের ইসরথুনি এলাকায় গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। তদন্ত শুরু করেছে পুলিশ বলে জানে।

# কোভিড-শূন্য মেঘালয়, চালু সতর্কতামূলক কড়া নজরদারি ব্যবস্থা

শিলং, ২৮ মেঃ মেঘালয়ে এখন পর্যন্ত কোনও নিশ্চিত কোভিড-১৯ সংক্রমিত রোগী শনাক্ত হয়নি, তবু সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে কড়া নজরদারি শুরু করেছে রাজ্যের সংশ্লিষ্ট প্রশাসন।পার্শ্ববর্তী রাজ্য অরুণাচল প্রদেশে দুটি কোভিড-১৯ মামলা শনাক্ত হওয়ায় মেঘালয়ের প্রধানসচিব সম্পথ কুমার মেডিক্যাল এক্সপার্ট কমিটিকে নিয়ে আজ এক উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠকে বসেন। প্রধানসচিবের পৌরোহিত্যে অনুষ্ঠিত বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী রাজ্যে কোভিড-১৯ মোকাবিলায় প্রস্তুতি ব্যবস্থা জোরদার করা হয়েছে। মেডিক্যাল এক্সপার্ট কমিটির মূল্যায়ন-রিপোর্টের ভিত্তিতে এবং অরুণাচল প্রদেশ সহ দেশের অন্যান্য স্থানে কোভিড-১৯-এর প্রবণতা দেখা দেওয়ায় রাজ্যের সমস্ত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানকে তাদের সতর্কতামূলক ব্যবস্থা শক্তিশালী করার নির্দেশ দিয়েছেন প্রধানসচিব সম্পথ কুমার।রাজ্যের রোগ নজরদারির তথ্য পেশ করে সভায় জানানো হয়েছে, এ বছর কোনও নিশ্চিত কোভিড-১৯ কেস রিপোর্ট হয়নি। যা ২০২০ সালে অতিমারি শুরু হওয়ার পর থেকে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। তবে স্বাস্থ্য আধিকারিকরা এ ব্যাপারে অতি সতর্কতা অবলম্বনের ওপর জোর দিয়েছেন।বৈঠকে ইন্টি গ্রেটেড ডিজিজ সার্ভেইল্যান্স প্রোগ্রামের রাজ্য নজরদারি আধিকারিক ২০২০ থেকে চলতি ২০২৫ সালের মে পর্যন্ত কোভিড-১৯ প্যাটার্ন ট্র্যাকিং সম্পর্কিত বিস্তৃত তথ্য এবং চলমান টিকাদান কভারেজ ও জনস্বাস্থ্য প্রতিক্রিয়া ক্ষমতা উপস্থাপন করেছেন। এছাড়া, স্বাস্থ্য আধিকারিকরা প্রয়োজনীয় ওষুধের মজুত করা এবং প্রতিটি জেলায় পরীক্ষা কেন্দ্রগুলির কার্যকারিতা নিশ্চিত করার পরামর্শ দিয়েছেন।বৈঠকের পর কিছু প্রটোকল জারি করেছে রাজ্যের স্বাস্থ্য দফতর। সে অনুযায়ী মেঘালয়ের সমস্ত সরকারি এবং বেসরকারি হাসপাতালকে এখন তাদের কোভিড-১৯ প্রস্তুতি মূল্যায়ন করতে হবে। এগুলির মধ্যে অক্সিজেন সরবরাহ, নিবিড় পরিচর্যার ক্ষমতা, শ্বাসযন্ত্রের সংক্রমণের জন্য পর্যবেক্ষণ ইত্যাদি। স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলিকে বিশেষভাবে নির্দেশ দেওয়া হয়েছে, তারা যেন সিভিয়ার অ্যাকিউট রেসপিরেটরি ইনফেকশন (এসএআরআই), ইনফ্লুয়েঞ্জা-জাতীয় অসুস্থতা (আইএলআই) এবং অন্যান্য জ্বরের উপসর্গের ওপর নজরদারি রাখে।তাছাড়া প্রশাসনিক নির্দেশিকায় শ্বাসযন্ত্রে সংক্রমণের সম্ভাব্য ঝুঁকিপূর্ণ অঞ্চল বাজার এবং সরকারি প্রতিষ্ঠান সহ যানবাহন-চলাচল বহুল স্থানগুলিতে পর্যবেক্ষণের ওপর কড়া নজরদারি রাখতে বলা হয়েছে। দ্বিতীয়ত, পূর্ববর্তী কোভিড-১৯ অতিমারির সময় তৈরিকৃত অভ্যন্তরীণ স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিজিওরগুলি (আইএসওপি) চিকিসা প্রতিষ্ঠান গুলিকে আপডেট করার নির্দেশ দেওয়া হয়েছে।তবে রাজ্যে সতর্কতা বজায় রাখা, জনসাধারণের আতঙ্ক এড়ানো এবং জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষজ্ঞ চিকিৎসক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার প্রতিশ্রুতির ওপর জোর দিয়েছে স্বাস্থ্য বিভাগ।

# অপারেশন সিঁদুর কূটনীতি ঃজাকার্তা পৌঁছল সঞ্জয়ের নেতৃত্বে প্রতিনিধি দল

জাকার্তা, ২৮ মে ঃজেডিইউ সাংসদ সঞ্জয় কুমার ঝা-র নেতৃত্বে সাংসদদের সর্বদলীয় প্রতিনিধিদল বুধবার ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় পৌঁছেছে। এই প্রতিনিধি দলে রয়েছেন কংগ্রেসের সলমন খুরশিদ, তৃণমূল কংগ্রেসের অভিষেক বন্দ্যোপাধ্যায়, বিজেপির অপরাজিতা সারাঙ্গি প্রমুখ। জাকার্তায় পৌঁছনোর পর সবাইকে উত্তরীয় পরিয়ে স্বাগত জানানো হয়।ভারতীয় দূতাবাসের পক্ষ থেকে জানানো হয়েছে, অপারেশন সিঁদুর-এর ওপর ভারতের কূটনৈতিক প্রচারণার অংশ হিসেবে জাকার্তায় পৌঁছেছে প্রতিনিধি দল। ভারত সমস্ত ধরণের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ। জেডি (ইউ) সাংসদ সঞ্জয় ঝা-এর নেতৃত্বাধীন প্রতিনিধিদলকে ইন্দোনেশিয়ার জাকার্তা আন্তর্জাতিক বিমানবন্দরে উষ্ণ অভ্যর্থনা জানান রাষ্ট্রদূত সন্দীপ চক্রবর্তী।

# বিকশিত ভারতের অঙ্গীকার করে সাভারকারকে শ্রদ্ধার্ঘ্য প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ২৮ মে ঃ বিকশিত ভারতের অঙ্গীকার করে বীর সাভারকারকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই উপলক্ষ্যে একটি ভিডিও প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী মোদী। বুধবার সকালে নিজের এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, ভারত মাতার প্রকৃত সন্তান বীর সাভারকর জীর জন্মবার্ষিকীতে তাঁর প্রতি বিনম্র শ্রদ্ধাঞ্জলি।প্রধানমন্ত্রী আরও লিখেছেন, বিদেশী সরকারের কঠোরতম নির্যাতনও মাতৃভূমির প্রতি তাঁর ভক্তিকে নত করতে পারেনি। কৃতজ্ঞ দেশ স্বাধীনতা আন্দোলনে তাঁর অদম্য সাহস এবং সংগ্রামের কাহিনী কখনও ভুলতে পারেনি। দেশের জন্য তাঁর ত্যাগ ও নিষ্ঠা একটি বিকশিত ভারত গঠনে পথপ্রদর্শক হয়ে থাকবে।

# ফ্লাড শেল্টার প্রস্তুতিতে তৎপরতা প্রশাসনের, উপকূলবর্তী এলাকায় মাইকিং

কলকাতা , ২৮ মে ঃ বুধবার সকাল থেকেই আকাশ মেঘলা। ঝিরঝিরে বৃষ্টি চলছে, বিভিন্ন এলাকায় দফায় দফায় বৃষ্টির খবরও মিলেছে। আসন্ন দুর্যোগের সম্ভাবনায় সু ন্দরবনের ফ্লাড শেল্টারগুলিকে ঘিরে তৎপর হয়েছে প্রশাসন। ঘূর্ণিঝড় বা অন্য কোনও প্রাকৃতিক বিপর্যয়ের সময় এই শেল্টারগুলিই হয়ে ওঠে গ্রামবাসীদের একমাত্র নিরাপদ আশ্রয়স্থল। সেই কারণে আগাম সতর্কতা হিসেবে ফ্লাড শেল্টারগুলি পরিষ্কার-পরিচ্ছন্ন করার কাজ শুরু হয়েছে জোর কদমে। মৎস্যজীবীদের মঙ্গলবারই সমুদ্রে না যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল। ইতিমধ্যেই অধিকাংশ ট্রলার ফিরেছে উপকূলে। আপাতত সমুদ্রে মাছ ধরার উপরেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।এদিকে, দিঘা ও মন্দারমনি-সহ উপকূলে প্রতিকূল আবহাওয়ার কারণে প্রশাসনের তরফে মাইকিং করে সতর্কবার্তা জারি করা হয়েছে। আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী কয়েকদিন দুর্যোগপূর্ণ আবহাওয়া থাকতে পারে। উত্তাল হতে পারে সমুদ্র। এই কারণে সতর্কতা অবলম্বন করতে পর্যটকদের সমুদ্রে নামতে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

# কেরলে কোভিড নিয়ে উদ্বেগজনক পরিস্থিতি নেইঃবীণা জর্জ

তিরুবনন্তপুরম, ২৮ মে ঃ কেরলে কোভিড নিয়ে উদ্বেগজনক কোনও পরিস্থিতি নেই। অভয় দিলেন কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীণা জর্জ। কোভিড-১৯ সম্পর্কে বুধবার কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীণা জর্জ বলেছেন, আমরা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। বিশ্বব্যাপী কোভিড-১৯ সংক্রমণ সংখ্যা বৃদ্ধি লক্ষ্য করার পর, আমরা রাজ্য-স্তরের দ্রুত প্রতিক্রিয়া বৈঠক করেছি এবং আধিকারিকদের পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার নির্দেশ দিয়েছি।বীণা জর্জ আরও বলেছেন, সমস্ত জেলাকে এখন কোভিড পরীক্ষা করার জন্য বলা হয়েছে। রাজ্যে কোনও উদ্বেগজনক পরিস্থিতি নেই - চিন্তার কিছু নেই। গতকাল পর্যন্ত, ৫১৯ জন সক্রিয় মামলা রয়েছে। তীব্রতা সাধারণত কম, তবে অসুস্থ ব্যক্তিরা জটিলতার সম্মুখীন হতে পারেন। এখন পর্যন্ত ৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

# জলমগ্ন মুম্বই, বুধবার ভারী বৃষ্টির পূর্বাভাস

মুম্বই, ২৮ মেঃ মঙ্গলবার কার্যত জলমগ্ন হয়ে পড়ে মুম্বই। রাতভর টানা বৃষ্টির জেরে একাধিক অংশে জমেছে জল। বিশেষ করে খার-এর বিভিন্ন অঞ্চলে জল জমায় চরম দুর্ভোগে পড়েছেন সাধারণ মানুষ। বৃষ্টির সেই ধারা বুধবারও চলতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) জানিয়েছে, এ বছর দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ুর জেরে দেশে দীর্ঘমেয়াদে বৃষ্টিপাত হতে পারে। তবে জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত মৌসুমী বৃষ্টির সময় উত্তর-পশ্চিম ও পূর্ব ভারতের কিছু অংশে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টি হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে আইএমডি।

# নিউজিল্যান্ডের পার্লামেন্টে অদ্ভুত ও ব্যতিক্রমী আয়োজন

নিউজিল্যান্ড,২৮ মে ঃ বিস্কুট রাখার পুরোনো ধাঁচের একটি কৌটা-বহুদিন ব্যবহারের ফলে সেটির রং খানিকটা উজ্জ্বলতা হারিয়েছে। ছিঁড়ে গেছে সেটির গায় সাঁটা 'লেভেলের কিছু অংশ। পুরোনো হয়ে যাওয়া এই বিস্কুটের কৌটাটি নিউজিল্যান্ডের পার্লামেন্টে অবশ্য খুবই গুরুত্বপূর্ণ। কারণ, দেশটির ভবিষ্যৎ আইন আসে এই কৌটার ভেতর থেকে! এটির একটি নামও আছে, 'দ্য বিস্কুট টিন'। গত শতাব্দীর নব্বইয়ের দশকের শুরুতে ওয়েলিংটনের এক ডিপার্টমেন্টাল স্টোর থেকে নিউজিল্যান্ডের পার্লামেন্টের এক কর্মী কৌটাটি কিনে আনেন। নকশাদার সেই কৌটা দেখতে যতই মজার লাগুক বা পুরোনো-গুরুগম্ভীর এক প্রক্রিয়ায় সেটি ব্যবহার করা হয়। নিউজিল্যান্ডের পার্লামেন্ট সদস্যরা যেসব বিল নিয়ে পার্লামেন্টে আলোচনা চান, সেগুলোর নামে একটি করে টোকেন ওই কৌটায় ফেলেন। পরে লটারির মতো করে কৌটা থেকে প্রস্তাবিত বিলের কয়েকটি টোকেন তুলে নেওয়া হয় এবং সে অনুযায়ী পার্লামেন্টে আলোচনা ও বিতর্ক চলে। যেখানে অনেক দেশে পার্লামেন্টে কোন বিল প্রস্তাব নিয়ে আলোচনা হবে তা নির্ধারিত হয় রাজনৈতিক দর-কষাকষি ও দলীয় সিদ্ধান্তে, সেখানে নিউজিল্যান্ডের পার্লামেন্টে এই ব্যবস্থা অভিনবই বটে। সব আইনপ্রণেতাকে বিল প্রস্তাব এবং তা নিয়ে আলোচনায় সমান সুযোগ দিতে ব্যতিক্রমী এই আয়োজন 'দ্য বিস্কুট টিন'। প্রস্তাবিত বিল জনপ্রিয় নাকি অজনপ্রিয়, তা বিবেচনা করা হয় না। যেসব টোকেন উঠে আসবে, সেগুলো নিয়েই আলোচনা হবে। বিস্কুটের কৌটাটি নিয়ে নিউজিল্যান্ডের হাউস অব রিপ্রেজেনটেটিভসের ক্লার্ক ডেভিড উইলসন বলেন, 'আমরা বিস্কুট খেয়ে ফেলি এবং খুব সম্ভবত ১ থেকে ৯০ পর্যন্ত নম্বরযুক্ত কিছু বিঙ্গো টোকেন পাই। কম্পিউটার সিস্টেমের বদলে এলোমেলোভাবে সেই টোকেন নম্বর টানা হয়।'সব পার্লামেন্ট সদস্য যাঁরা মন্ত্রী নন, তাঁরা প্রত্যেকে একবারে একটি করে বিল ভোটাভুটির জন্য বিস্কুটের কৌটায় জমা দিতে পারেন। এসব বিলের লটারি তোলা হয় এমন কারও মাধ্যমে, যিনি কোনো রাজনৈতিক দলে যুক্ত নন-যেমন স্কুলশিক্ষার্থীরা বা জন্মদিন উদ্‌যাপন করতে আসা দর্শনার্থীরা। উইলসন বলেন, তাঁর জানামতে, আর কোনো দেশে নিউজিল্যান্ডের মতো এমন অদ্ভুত ও ব্যতিক্রমী আয়োজন নেই।

## রাশিফল

**মেষঃ** আজ আপনাকে কাজে মনোনিবেশ করতে হবে। শিল্পকৌশল ফলাফলকে অনুকূলে রাখবে। সতর্কতা ও যৌক্তিকতার ওপর জোর দেওয়া হবে।

**বৃষঃ**আজকের দিনটি ইতিবাচক পরিবর্তন আনতে পারে। আপনি আপনার ব্যক্তিগত এবং পেশাদার জীবনের মধ্যে ভারসাম্য বজায় রাখতে সক্ষম হবেন।

**মিথুনঃ**আজ আপনি শক্তিপূর্ণ হয়ে থাকবেন- আপনি যাই করুন না কেন- সাধারণত আপনি যে সময় নেন তার অর্ধেক সময়েই এটি করতে পারবেন।

**কর্কটঃ**আজ আপনি পরিস্থিতি অনুযায়ী আরও ভাল পারফরম্যান্স বজায় রাখার উপর জোর দেবেন। অনুষ্ঠানের অনুকূল অপ্রত্যাশিত পরিবর্তনগুলির দ্বারা প্রত্যেকেই প্রভাবিত হবে।

**সিংহঃ** আজকের দিনটি একটি ইতিবাচক দিন। আপনি আপনার শক্তি এবং আত্মবিশ্বাস নিয়ে এগিয়ে যাবেন। আপনার ধারণাগুলি স্পষ্ট ভাবে প্রকাশ করুন, যা আপনার দক্ষতা বৃদ্ধি করবে।

**কন্যাঃ**আজকের দিনটি আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার সঠিক সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা অসুবিধাগুলি সঠিক ভাবে মোকাবিলা করতে সাহায্য করবে। নিজের উপর আস্থা রাখুন।

**তুলাঃ** আজ আপনি অভিজ্ঞতা এবং বোঝার সাথে সমস্ত বিষয়ে ভারসাম্য বজায় রাখার চেষ্টা করবেন।

**বৃশ্চিকঃ** আজকের দিনটি এমন একটি দিন যেখানে আপনি আরাম করতে সমর্থ হবেন। আপনার পেশীগুলিকে আরাম দিতে তেল দিয়ে আপনার শরীর মালিশ করুন।

**ধনুঃ** ব্যক্তিগত সম্পর্কে গভীরতা আসবে এবং আপনি আপনার প্রিয়জনের সঙ্গে আনঃদের মুহূর্তগুলি ভাগ করে নেবেন। আপনার অনুভূতি প্রকাশ করার এটি সঠিক সময়। কেরিয়ারের দিক থেকে আপনি নতুন প্রকল্প বা চ্যালেঞ্জ গ্রহণ

**মকরঃ** আজকে আপনি খুবই চনমনে থাকবেন। প্রবল উদ্দীপনা থাকায় আপনি অনেক কাজ সম্পন্ন করে ফেলবেন এবং চারদিকে আপনার উৎসাহ ছড়িয়ে দেবেন। ।

**কুম্ভঃ** আজকে আপনার মাথায় অর্থ চিন্তা ঘুরবে। আপনি যদি আর্থিক বিষয়গুলি ঠিক ভাবে গোছাতে চান, তাহলে আজকে খুবই ভালো দিন।।

**মীনঃ** আপনার অসাধারণ মেধা ক্ষমতার আপনার অক্ষমতাকে জয় করতে সাহায্য করবে। শুধুমাত্র ইতিবাচক চিন্তার মাধ্যমেই আপনি আপনার এই সমস্যার সমাধান করতে পারবেন। আর্থিক ক্ষেত্রে উন্নতি আপনার পক্ষে দীর্ঘস্থায়ী বকেয়া এবং রসিদের টাকা প্রদান করা সুবিধাজনক করবে। বিবাহযোগ্যদের জন্য বৈবাহিক বন্ধন। ভালোবাসার জন্য উসাহময় দিন- সন্ধ্যের জন্য কিছু বিশেষ

## আবহাওয়া

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে আগামী কয়েক দিন দক্ষিণবঙ্গের উপকূলবর্তী জেলাগুলিতে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। একইসঙ্গে বইবে দমকা হাওয়া। পাশাপাশি দক্ষিণবঙ্গের অন্যান্য জেলা গুলিতেও আগামী কিছু দিন বৃষ্টিপাত চলবে, উত্তরবঙ্গের কয়েক জেলায়ও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী ৩১ মে পর্যন্ত মৎস্যজীবীদের জন্য জারি করা হয়েছে সতর্কতা। সমুদ্র উত্তাল হয়ে উঠবে, তাই ৩১ মে পর্যন্ত মস্যজীবীদের সমুদ্রে যেতে বারণ করা হয়েছে।আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ৩১ মে পর্যন্ত দক্ষিণবঙ্গে এবং ১ জুন পর্যন্ত উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টিপাত চলবে। আগামী ২৪ ঘণ্টায় উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টি প্রত্যাশিত। ২৯ মে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলা ছাড়াও ঝাড়গ্রাম, কলকাতা, হাওড়া, হুগলি, বাঁকুড়া ও পশ্চিম বর্ধমান জেলায় ভারী বৃষ্টি হতে পারে। এরপর ৩০ মে পূর্ব ও পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ও হুগলি জেলায় অতি ভারী বৃষ্টি হতে পারে। ওই দিন দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাতেও বৃষ্টিপাত চলবে। ৩১ মে বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় বৃষ্টি হবে।উত্তরবঙ্গের ক্ষেত্রে আগামী ১ জুন পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হবে। দার্জিলিং ও কালিম্পঙ-সহ উত্তরবঙ্গের পার্বত্য জেলাগুলি ছাড়াও অধিকাংশ জেলাতেই আগামী কিছু দিন বৃষ্টিপাত চলবে। বুধবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২.১ ডিগ্রি কম।।

জোয়ার-সকাল ০৮টা ৫০মিনিট এবং রাত ০৯টা ৫০ মিনিট। ভাটা-সকাল১১টা৫০মনিট এবং রাত ১১টা ৫০মনিট। সূর্যঃউদয় ঃ সকাল ৫টা ০৪মিনিটে এবং অস্ত যাবে আজ ৬টা ০৪মনিটে।

# ভারত বাংলাদেশ সীমান্তর ফাঁসিদেওয়া এলাকায় ড্রোন আতঙ্ক

দুরন্ত বার্তা, ফাঁসিদেওয়া, ২৮ মে ঃ ভারত পাকিস্তান উত্তেজনার মধ্যে গত সোমবারের পর ফের মঙ্গলবার রাতেও একাধিক আলোর বিন্দু দেখে হইচই পড়ে যায় এলাকা জুড়ে। স্থানীয়দের মতে আকাশে ড্রোন উড়ছে, ড্রোনের মাধ্যমে নজরদারি চালানো হচ্ছে এমনটাই কিন্তু মনে করা হচ্ছে। তবে মঙ্গলবার রাতে আকাশে একাধিক আলোর বিন্দুর দেখতে পেয়ে কিছুটা হলেও ভারত বাংলাদেশ সীমান্তর ফাঁসিদেওয়া এলাকার মানুষ আতঙ্কিত। গতকাল রাতের এই আলোর বিন্দু প্রশাসনের নজরেও আসে বলে জানা যায়। এলাকার পুলিস প্রশাসনের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকেও বিষয়টি জানানো হয়েছে বলে জানা গিয়েছে। এই বিষয় নিয়ে দার্জিলিং জেলার পুলিস সুপার প্রবীণ প্রকাশকে ফোন করলে তিনি জানান, বিষয়টি তার নজরে রয়েছে তবে সমস্ত বিষয়টি বিএসএফ ও আর্মিকে জানানো হয়েছে। এগুলি স্কাই স্যাটেলাইট হতে পারে।

# উন্নতমানের সুস্বাদু মিষ্টি তৈরি হবে এবার যান্ত্রিক পদ্ধতির মাধ্যমে

দুরন্ত বার্তা, মালদা, ২৭ মে ঃ সহজ হবে এবার মিষ্টি তৈরি করা। উন্নতমানের সুস্বাদু মিষ্টি তৈরি হবে যান্ত্রিক পদ্ধতির মাধ্যমে। অল্প সময়ে অধিক পরিমাণে মিষ্টি তৈরি করতে পারবেন মিষ্টি প্রস্তুতকারকরা। ওজনেও সম পরিমাপ, মিষ্টি তৈরি করে লাভবান হবেন মিষ্টি ব্যবসায়ীরা। পাশাপাশি যান্ত্রিক পদ্ধতির ফলে খাটনি কমবে শ্রমিকদের। ছানা ভরলেই টপটপ করে বেরিয়ে আসবে মিষ্টি। মিষ্টি তৈরির এই যান্ত্রিক পদ্ধতির ব্যবহার নিয়ে প্রথম পর্যায়ে এক কর্মশালা অনুষ্ঠিত হল মালদহ শহরের

সাঁকোপাড়া বাণিজ্য ভবনে। মালদা জেলা সহ রাজ্যের অন্যান্য জেলার প্রায় শতাধিক মিষ্টি ব্যবসায়ীরা অংশগ্রহণ করেন এই কর্মশালায়। আগামীতে রাজ্য সহ জেলার সমস্ত মিষ্টি প্রস্তুতকারকদের হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। ইতিমধ্যে রাজ্যের অন্যান্য জেলায় এই মেশিনের ব্যবহার শুরু হয়েছে। এদিন প্রায় শতাধিক বিভিন্ন জেলার মিষ্টি ব্যবসায়ীদের তৈরি মিষ্টির স্বাস্থ্যকর গুণগতমান পরীক্ষা করা হয়। অনেক সময় দেখা দেয় স্বাস্থ্যকর সমস্যার কারণে মিষ্টি খেতে পারেন না বিভিন্ন রোগে ভুক্ত ব্যক্তিরা। তাই রোগীদের ক্ষেত্রেও খাবার যোগ্য মিষ্টি তৈরি করার ক্ষেত্রে জেলার মিষ্টি ব্যবসায়ীদের প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে আলোচনা করা হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক দেবাহুতি ইন্দ্র, জেলা শিল্পকেন্দ্রের আধিকারিক মানবেন্দ্র মন্ডল সহ অন্যান্য আধিকারিকরা। অতিরিক্ত জেলাশাসক দেবাহুতি ইন্দ্র জানান, রাজ্যের বিভিন্ন জেলা থেকে আগত মিষ্টি ব্যবসায়ী ও মিষ্টি তৈরির কারিগররা অংশগ্রহণ করেন এই কর্মশালায়। প্রদর্শনীর মাধ্যমে মিষ্টির বিশেষত্ব তুলে ধরা হয়। নিত্য নতুন স্বাদের স্বাস্থ্য সম্মত মিষ্টি তৈরির ব্যাপারেও প্রশিক্ষণ দেওয়া হয় মিষ্টি ব্যবসায়ীদের। বাঙালীদের যেকোন অনুষ্ঠানের ক্ষেত্রে মিষ্টির ব্যাপক চাহিদা লক্ষ্য করা যায়। অনেক সময় কারিগর না থাকায় মিষ্টির যোগান দিতে ব্যর্থ হন মিষ্টি ব্যবসায়ীরা। তাই প্রযুক্তির এমন নতুন পদ্ধতি মিষ্টি ব্যবসায়ীদের ক্ষেত্রে স্বস্তি আনবে এবং সঠিক পরিমাপে দ্রুত অধিক পরিমাণে মিষ্টি তৈরি করতে পারবেন মিষ্টি প্রস্তুতকারক এবং ব্যবসায়ীরা।

কালনার নাদনঘাট থানার সমুদ্রগড় রেল স্টেশন বাজারে রেলের উচ্ছেদ অভিযান। ব্যান্ডেল কাটোয়া রেল শাখার সমুদ্রগড় স্টেশন বাজারে রেলের জায়গায় যে সমস্ত নির্মাণ রয়েছে দোকানপাট রয়েছে তাদের আগেই নোটিশ দিয়ে সরে যাওয়ার কথা বলা হয়েছিল কিছু দোকানদার তাদের দোকান-সারী গুটিয়ে নিয়ে চলেও গেলেও এখনো বহু দোকান এখানে বসে ব্যবসা করছিল রেলের জায়গায়। রেল কর্তৃপক্ষের নোটিশকে অমান্য করেই তারা এই দোকান বসিয়ে রেখেছিল টেশন চত্বরে এদিন বুধবার রেলের পক্ষ থেকে উচ্ছেদ অভিযান শুরু করে। আজ এই উচ্ছেদ অভিযানে রেলকে অবশ্য বাধার মুখে পড়তে হয়নি। যেসব দোকানদার ছিল তাদের পুনর্বাসনের দাবি করেছিল তৃণমূল কংগ্রেস এবং বেশ কয়েকটি বাম সংগঠন। স্মারকলিপি জমা দেওয়া হয়েছিল রেল কর্তৃপক্ষকে কিন্তু কোন পুনর্বাসন ছাড়াই এদিন উচ্ছেদ অভিযান চলছে জোরকদমে, রেলের পক্ষ থেকে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে সমুদ্রগড় রেলস্টেশন বাজারে।

# নৈহাটি পৌর কর্মচারী সমিতির পক্ষ থেকে কর্মচারীদের স্বার্থে পৌরপ্রধানকে ডেপুটেশন

মহন্ত দাশগুপ্ত, ২৮ মে ঃ নৈহাটি পৌর কর্মচারী সমিতির পক্ষ থেকে পৌরপ্রধান অশোক চট্টোপাধ্যায়কে স্মারকলিপি প্রদান করা হলো নৈহাটি পৌরসভার পৌরকর্মচারীদের স্বার্থে ১০ দফা দাবিদাওয়া নিয়ে। দাবি-দাওয়ার মধ্যে নৈহাটি পৌরকর্মচারী সমিতির প্রথম দাবি ছিল, অবিলম্বে সমস্ত অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরণ করতে হবে, দুই নম্বর দাবি ছিল কনসলিডেটেড কর্মচারীদের মাসিক এক হাজার টাকা বেতন বৃদ্ধি করতে হবে,

ভিডিও দাবি ছিল দেরি রেটেড অস্থায়ী কর্মচারীদের বেতন বৃদ্ধি করতে হবে চতুর্থ দাবি ছিল সমস্ত অস্থায়ী কর্মচারীদের ইপিএফ এর আওতায় আনতে হবে, পঞ্চম দাবি ছিল অবিলম্বে পেনশন সময় মত দিতে হবে, ষষ্ঠ দাবি ছিল অবিলম্বে গ্র্যাচুইটি টাকা বর্ধিত সরকারি হারে অবসরপ্রাপ্ত কর্মচারীদের দিতে হবে, সাত নম্বর দাবি ছিল প্রতি মাসের দশ তারিখের মধ্যে স্থায়ী কর্মচারীদের কাঁটা পিএফ এর টাকা জমা দিতে হবে ট্রেজারিতে, ৮ নম্বর দাবি ছিল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার নিরিখে প্রমোশন দিতে হবে, নয় নম্বর দাবি ছিল অবিলম্বে পৌরসভার শূন্য পদে নিয়োগ করতে হবে। দশ নম্বর দাবি ছিল বিভিন্ন ক্ষেত্রের বিষয়ে আলোচনার মাধ্যমে পৌরকর্মচারীদের স্বার্থ রক্ষা করা। এদের এই ডেপুটেশন প্রদান অনুষ্ঠানের উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ পৌর কর্মচারী ফেডারেশনের যুগ্মসাধারণ সম্পাদক সন চক্রবর্তী ও বিশ্বময় ঘোষ। ছিলেন বনগাঁ সাংগঠনিক জেলা আইএনটিটিইউসির সভাপতি নারায়ণ ঘোষ, রাজ্য পৌরকর্মচারী ফেডারেশনের সহ-সভাপতি প্রদীপ ব্যানার্জি, নৈহাটি পৌরকর্মচারী ফেডারেশনের নেতা অভিজিত চ্যাটার্জী ও আশিস মুখার্জি সহ অন্যান্য নেতৃবৃন্দ। সমগ্র অনুষ্ঠান যার উদ্যোগে ও পরিচালনায় যে পৌরকর্মচারী ফেরেশনের কর্ণধার তথা পশ্চিমবঙ্গ পৌর কর্মচারী ফেডারেশনের সম্পাদক ও নৈহাটি পৌকর্মচারী সমিতির সভাপতি তপন দত্ত। প্রত্যেক বড় নেতার বক্তব্য পেশ করা ছাড়াও ডেপুটেশন প্রদান সার্থক হয় বলে জানালেন তপন দত্ত।

# প্রথমবার রথের রশিতে টান দিতে নজিরবিহীন ভিড় দেখবে সৈকত শহর দিঘা

দুরন্ত বার্তা, কাঁথি, ২৮ মে ঃ প্রথমবার রথের রশিতে টান দিতে নজিরবিহীন ভিড় দেখবে সৈকত শহর দিঘা। এবং সেই রশিতে টান দিয়ে সূচনা করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি সোনার ঝাঁটা দিয়ে প্রভু জগন্নাথদেবের মাসির বাড়ি যাওয়ার রাস্তা পরিষ্কার করবেন তিনি। ফলে রথযাত্রাকে ঘিরে যে বিপুল পর্যটক সমাগম হবে তা স্পষ্ট। এমনিতেই জগন্নাথ মন্দিরের দ্বারোদ্ঘাটনের পর থেকে লক্ষ লক্ষ মানুষের ভিড়ে অন্য চেহারা নিয়েছে সৈকত শহর। শুধুমাত্র ভ্রমণ নয়, ইতিমধ্যে দর্শনীয় স্থান হয়ে উঠেছে দিঘা। এবার সেই দিঘায় প্রথমবার জমকালোভাবে রথযাত্রার আয়োজন হতে চলেছে। জগন্নাথ, বলরাম ও সুভদ্রাকে মাসির বাড়ি নিয়ে যাওয়ার জন্য তিনটি রথ প্রস্তুত হয়ে গিয়েছে। মন্দির চত্বরেই রাখা হয়েছে এই রথগুলিকে। পুরীর মতোই দিঘাতেও পৃথক তিনটি রথের ধ্বজা উড়িয়ে জগন্নাথ, বলরাম ও সুভদ্রা যাবেন মাসির বাড়ি। পাশাপাশি ওল্ড দিঘায় থানার কাছে পুরনো জগন্নাথ মন্দিরকে মাসির বাড়ি তৈরি করা হয়েছে। সেই মন্দির সংস্কারের কাজ চলছে জোরকদমে। এবছর রথযাত্রা পালিত হবে আগামী ২৭ জুন। রথযাত্রায় দিঘায় যে পর্যটকের ঢল নামবে, তা আর বলার অপেক্ষা রাখে না। পুরীতে রথের চাকা গড়ানোর আগে সোনার ঝাড় দিয়ে রাস্তা পরিষ্কার করা হয়। দিঘার রথযাত্রাতেও তার ব্যতিক্রম হবে না। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সেই সোনার ঝাড় দিয়ে রাস্তা পরিষ্কার করবেন বলে ইসকন সূত্রে জানা গেছে। মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে নিজের অনুদানের টাকায় তৈরি হওয়া সোনার ঝাঁটা ইসকনের হাতে তুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি রথযাত্রার জন্য দিঘায় কড়া নিরাপত্তা ব্যবস্থা রাখা হবে বলে জেলা পুলিশ প্রশাসন সূত্রে খবর। জগন্নাথ মন্দির থেকে তিনটি রথ ওল্ড দিঘার সমুদ্রপাড়ে থাকা মাসির বাড়িতে পৌঁছাবে। সেখানে উলটোরথ পর্যন্ত সাতদিন থাকবেন জগন্নাথ, বলরাম, সুভদ্রা। মাসির বাড়ি চত্বরে এই সাতদিন মেলার আয়োজন থাকছে বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে।

# গালিগালাজের প্রতিবাদ করতেই খুন, পরে আত্মসমর্পণ অভিযুক্তের

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২৮ মে ঃ মদ্যপ অবস্থায় গালিগালাজের প্রতিবাদ করতেই প্রতিবাদীর মাথায় রডের আঘাত! পরে মৃত্যু। দুর্গাপুরের ভগতপল্লির ৩০ নং ওয়ার্ডের এই ঘটনায় থানায় এসে আত্মসমর্পণ অভিযুক্তের। সাতদিনের হেফাজত চেয়ে দুর্গাপুর মহকুমা আদালতে অভিযুক্তকে তুলেছে কোকওভেন থানার পুলিশ। মৃতের নাম যীশু কুমার ওরফে রাজেশ। বয়স ৪৬ বছর। কোকওভেন থানার অন্তর্গত ভগতপল্লির এই ঘটনায় অভিযুক্ত পিন্টু বাউরি পুলিশের কাছে আত্মসমর্পণ করে। দুর্গাপুর মহকুমা আদালতে তোলা হয়েছে। ঘটনার সূত্রপাত মঙ্গলবার সন্ধ্যেয়। ট্যাঙ্কার চালক যীশু কুমার কাজ সেরে ২০ দিন পর বাড়ি ফিরছিলেন। অভিযোগ, ৩০ নম্বর ওয়ার্ডের করঙ্গপাড়া গ্রামের চারমাথা মোড়ের কাছে গাছের তলায় বসে পিন্টু বাউরি মদ্যপ অবস্থায় গালিগালাজ করছিল। নিশানায় ছিলেন যীশু কুমার। প্রতিবাদ করেন যীশু। অভিযোগ, এরপরই বচসায় জড়িয়ে পড়েন দুজন। শেষে যীশুর মাথায় লোহার রড দিয়ে মারে পিন্টু। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন তিনি। স্থানীয়রা তাঁকে দুর্গাপুর মহকুমা হাসপাতালে নিয়ে যায়। দুর্গাপুর মহকুমা হাসপাতালেই মৃত্যু হয় যীশুর। অবস্থা বেগতিক বুঝে নিজেই কোকওভেন থানায় এসে আত্মসমর্পন করে অভিযুক্ত পিন্টু বাউরি। কোকওভেন থানার পুলিশ পিন্টুকে সাতদিনের হেফাজত চেয়ে বুধবার দুর্গাপুর মহকুমা আদালতে তোলে। অভিযুক্তর দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে এলাকার বাসিন্দারা।

# দাঁতনে ভয়াবহ পথ দুর্ঘটনা, আহত ৭

দুরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ২৮ মে ঃ বুধবার সকালে পশ্চিম মেদিনীপুরে ঘটে গেল ভয়াবহ পথ দুর্ঘটনা। ঘটনাটি দাঁতন থানার মোগলমারি বাসস্ট্যান্ড এলাকার। দুর্ঘটনায় সাতজন আহত হয়েছেন। তাঁদের মধ্যে তিন জনের অবস্থা গুরুতর। এদিন সকালে একটি টোটো ও সাইকেল আরোহীকে ধাক্কা মেরে ফল দোকানে ঢুকে যায় চারচাকা গাড়ি। সকলকেই ভর্তি করা হয়েছে দাঁতন গ্রামীণ হাসপাতালে। গোটা ঘটনাটির তদন্ত শুরু করেছে পুলিশ। স্থানীয় সূত্রের খবর, বুধবার সকালে দাঁতন থানার অন্তর্গত মোগলমারি বাসস্ট্যান্ড এলাকায় একটি টোটো ও সাইকেল আরোহীকে ধাক্কা মেরে ফল দোকানে ঢুকে যায় চারচাকা গাড়ি। দুর্ঘটনায় আহত হয়েছেন ৭ জন। তাঁদের মধ্যে ৩ জনের আঘাত গুরুতর বলে জানা গেছে। অন্যদিকে, বুধবার সকাল সাড়ে ১০টা নাগাদ দুর্ঘটনাটি ঘটে শালবনী ব্লকের পিড়াকাটা সংলগ্ন ভাতমোড় এলাকায় রাজ্য সড়কে। ডুমুরটোর-মেদিনীপুরগামী যাত্রিবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের জমিতে গিয়ে উল্টে পড়ে। ঘটনায় ১৩ জন বাসযাত্রী আহত হন। ভাতমোড় এলাকার কাছে ডুমুরটোর-মেদিনীপুরগামী একটি যাত্রিবাহী বাস উল্টে যায়। দ্রুতগতির কারণে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে, এতে বেশ কয়েকজন যাত্রী আহত হন। আহত ১৩ জনকে উদ্ধার করে মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শালবনী এবং পিরাকাটা ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়।

**ABRIDGED TENDER NOTICE**
Prodhan, Bewa-1 Gram Panchayat Farakia, Murshidabad **NIT No-2/ invites Tender BEWA-1 GP/ 2025-26 dated-27/05/2025** for 26 nos work under 15 th finance within Bewa-1 GP. Last date of submission application is **05/06/2025 up to 16:00 PM.** Interested Tenderers may visit at the office of the undersigned in any working day.
**Sd/- Prodhan**
**Bewa-1 GP**
**Farakka, Murshidabad.**

**OFFICE OF THE PARA PANCHAYAT SAMITY**
**PARA::PURULIA**
**NOTICE INVITING e-TENDER**
The Notice Inviting e-Tender, vide **NIeT No.-WBPUR/EO/PARA/ NIT(e)-03/2025-26** of the Office of the Para Panchayet Samity, P.O-Para, District-Purulia, 18 (Eighteen) no. works/Schemes under 15 th CFC Fund in the portal: **www.wbtenders.gov.in.** Document download/sell starting from **27.05.2025 up to 03.06.2025 16.00 PM.** Bid submission starting from **27.05.2025 up to 03.06.2025 at 16:00 PM.** And Opening on **05.06.2025 at 16:05 P.M.** For details please visit website.
**Sd/- Executive Officer**
**Para Panchayat Samity**

Office of the
**MAHALANDI-II GRAM PANCHAYAT**
**P.O.-Jibanti, PS-Kandi, Dist.-Murshidabad**
**NIeT No. (1)03/MHND-II G.P./2025-26, (2) 04/MHND-II G.P./2025-26**
The Prodhan, Mahalandi-II G.P. invites e-tender for total 18(Eighteen)Nos. different works. Bid submission starting from **28/05/2025 at 18.00 Hrs. up to 09/06/2025 at 16.00 Hrs**. Bid opening date for Technical Proposals on **11/06/2025 at 16.00 Hrs**. & Financial Proposals on **13/06/2025 at 11:00 Hrs**. For details visit website **https://wbtenders.gov.in**
**Sd/- Prodhan**
**Mahalandi-II Gram Panchayat**

## অর্জুনপুকুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

গ্রাম- অর্জুনপুকুর, পোস্ট- নাদনঘাট জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৫১৫
নিবন্ধন সংখ্যাঃ- ১৩১ তারিখ ২৩.০৬.১৯২২

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা **অর্জুনপুকুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেডের** সমস্ত সদস্য / সদস্যাদের জানানো যাইতেছে যে, সমিতির পরিচালক পর্যদের সদস্য / সদস্যা নির্বাচন উপলক্ষ্যে আগামী **২৯.০৬.২০২৫ (রবিবার)** তারিখে এক বিশেষ সাধারন সভার আয়োজন করা হইয়াছে। উক্ত সভায় যোগদান করিয়া নিম্নলিখিত সূচী অনুযায়ী সমিতি পরিচালক মন্ডলীর **নয় (০৯)** জন সদস্য / সদস্যা (দুই জন মহিলা সংরক্ষিত / একজন তপশিলি জাতি / উপজাতি সংরক্ষিত এবং ৬ জন অসংরক্ষিত)। নির্বাচন করিবার জন্য সমিতির সকল সদস্য / সদস্যাকে জানানো যাইতেছে।

আলোচ্যসূচীঃ- সমিতির পরিচালক পর্ষদের সদস্য/ সদস্যা নির্বাচন

তারিখঃ- **২৮.০৫.২০২৫**
স্থানঃ- **সমিতির কার্য্যালয়**

স্বা /- **স্পেশাল অফিসার**
অর্জুনপুকুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

নির্বাচন নির্ঘন্ট

| ক্রম | বিষয় | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বন্টন | ০৩.০৬.২০২৫ | বেলা ১১টা থেকে দুপুর ২টা | সমিতির কার্য্যালয় |
| ০২ | মনোনয়নপত্র জমা | ০৪.০৬.২০২৫ | বেলা ১১টা থেকে দুপুর ২টা | সমিতির কার্য্যালয় |
| ০৩ | মনোনয়নপত্র পরীক্ষা | ০৫.০৬.২০২৫ | বেলা ১১টা | সমিতির কার্য্যালয় |
| ০৪ | বৈধ মনোনয়নপত্রের তালিকা প্রকাশ | ০৫.০৬.২০২৫ | মনোনয়নপত্র পরীক্ষার অব্যহিত পরেই | সমিতির কার্য্যালয় ও নোটিশ বোর্ড |
| ০৫ | ব্যক্তিগতভাবে প্রার্থীপদ প্রত্যাহার | ০৯.০৬.২০২৫ | বিকেল ৩টে পর্যন্ত | সমিতির কার্য্যালয় |
| ০৬ | প্রত্যাহার শেষে বৈধ চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ০৯.০৬.২০২৫ | বিকেল ৩টের পর | সমিতির নোটিশ বোর্ড |
| ০৭ | প্রয়োজন অনুসারে প্রতীক বন্টন | ১০.০৬.২০২৫ | সকাল ১১টা | সমিতির কার্য্যালয় |
| ০৮ | ভোট গ্রহণ (যদি প্রয়োজন হয়) | **২৯.০৬.২০২৫, রবিবার** | বেলা ১১টা থেকে বেলা ৩টা | সমিতির কার্য্যালয় |
| ০৯ | ভোট গণনা ও ফল প্রকাশ | **২৯.০৬.২০২৫, রবিবার** | ভোট গ্রহণ শেষ হবার পরেই | সমিতির কার্য্যালয় |

● মনোনয়নপত্র দাখিলের প্রথম দিনের হিসাবে প্রার্থীর সমিতিতে সদস্য পদের মেয়াদ ন্যূনতম এক বৎসর হতে হবে। ● ধারা অনুযায়ী মনোনয়নপত্র ১০ নম্বর নিদর্শে দাখিল করতে হবে। মনোনয়ন পত্রের নমুনা সমিতির অফিসে পাওয়া যাবে। আইন অনুযায়ী পরিচালক মন্ডলী নির্বাচনের জন্য নির্দিষ্ট যোগ্যতা থাকতে হবে, অনুরূপভাবে অযোগ্যতার শর্তাবলীও পরিচালক মন্ডলী নির্বাচনের ক্ষেত্রে বলবৎ থাকবে। (দেখুন WBCS ACT 2006 amendment up to date WBCS Rules 2011) ● ভোটারের পরিচয় প্রমান করবার জন্য ভারতের নির্বাচন কমিশন কর্তৃক স্বীকৃত যে কোনও প্রমানপত্র ভোটদানের সময় আনতে হবে। SC/ST সংরক্ষিত সিটের জন্য Caste Certificate আবশ্যিক। ● নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিষদে জানবার জন্য সমিতির কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

স্বা /- **কৃশানু সিংহ রায়**
**সহকারি রিটার্নিং অফিসার**
**অর্জুনপুকুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড**

তারিখঃ **২৮.০৫.২০২৫**
স্থানঃ **সমিতির কার্য্যালয়**

## আলিপুরদুয়ার টি কোং লিমিটেড

**CIN : L01132WB1912PLC002308**
বাবুপাড়া (বাবুপাড়া গার্লস হাইস্কুলের নিকট)
পোঃ ও জেলা- আলিপুরদুয়ার, পিন- ৭৩৬১২১ (পশ্চিমবঙ্গ)
ফোন ঃ ৯৪৩৪৭৪৪৫১০/ ৯১২৬৬৭৬৬১০
ইমেলঃ alipurduarteacoltdegmail.com, ওয়েবসাইট:- www.alipurduartea.co.in

ইকুইটি শেয়ারের স্বেচ্ছায় তালিকাভুক্তির প্রস্তাবিত বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সিকিউরিটিজ এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ইক্যুইটি শেয়ার ডিলিস্টিং) রেগুলেশন, ২০২১ এর রেগুলেশন ৬, যা সময়ে সময়ে সংশোধিত (SEBI ডিলিস্টিং রেগুলেশনস) অনুসারে, আলিপুরদুয়ার টি কোম্পানি লিমিটেড (CIN-L01132WB 1912PLC002306) (কোম্পানি) এর পরিচালনা পর্ষদ ১৪ মে, ২০২৫ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় অন্যান্য বিষয়ের সাথে, সিএসই কর্তৃক জারি করা ১৭ই জানুয়ারী, ২০২৫ তারিখের সার্কুলার অনুসারে, দ্য ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড থেকে ইক্যুইটি শেয়ার স্বেচ্ছায় ডিলিস্ট করার প্রস্তাব অনুমোদন করেছে।
কোম্পানির ইক্যুইটি শেয়ার স্থগিত রয়েছে এবং কয়েক বছর ধরে সিএসইতে লেনদেন করা হয় না। কোম্পানিটি সিকিউরিটিজ কন্ট্রাক্টস (রেগুলেশন) রুল, ১৯৫৭ এর রুল ১৯(২) এবং রুল ১৯এ-তে উল্লেখিত পদ্ধতিতে ন্যূনতম পাবলিক শেয়ারহোল্ডিং নীতি লঙ্ঘন করে, যা ১০ অক্টোবর, ২০১৭ তারিখের SEBI সার্কুলার রেফারেন্স নং CFD/CMD/CIR/P/2017/115 যাকে MPS বলা হয়। SEBI ডিলিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৬ অনুসারে, উল্লেখিত নিয়ম অনুসারে কোম্পানির ইক্যুইটি শেয়ার CSE থেকে তালিকাভুক্ত করার প্রস্তাব করা হয়েছে। CSE থেকে কোম্পানির ইক্যুইটি শেয়ার বাদ দেওয়া কোনওভাবেই বিনিয়োগকারীদের স্বার্থের জন্য ক্ষতিকর হবে না এবং / অথবা তাদের স্বার্থের উপর প্রভাব ফেলবে না।

বোর্ডের আদেশক্রমে,
আলিপুরদুয়ার টি কোং লিমিটেড
স্বা /- রোখসার পারভীন
কোম্পানি সচিব
সদস্যপদ নং-A49209

স্থান- কলকাতা
তারিখ- ২০।০৫।২০২৫

**SWAMI VIVEKANANDA GRAM PANCHAYAT**
**AKSHAYNAGAR, KAKDWIP,Dist.-South 24 Pgs., W.B.**
**NIT NO.-306(20)/SVGP/2025**
**Dated-28/05/2025**
Last date of Submission On or before **06/06/2025 (up-to 5 PM)** Date of Opening -**10/06/2025 (From 02:00P.M). (For viewing Tender:-www.wbtenders.gov.in)**
Thanking You
**Sd/- Pradhan**
**Swami Vivekanand Garm Panchayat**

**আলিপুরদুয়ার ডিভিশনের অধীনে ইঞ্জিনিয়ারিং কাজ**

**ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. ২২/ডব্লিউ-২/এপিডিজে; তারিখঃ ২৩-০৫-২০২৫।** নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নংঃ** ০৮-এপি-I-২০২৫। **কাজের নামঃ** সিনি. ডিইএন/I/আলিপুরদুয়ার জংশন অধিক্ষেত্রের অধীনে ১২ মাসের জন্যে ধূপগুড়ি (২), খালাইগ্রাম, ঘোকসাডাঙ্গা, গুমানি হাট, এসজেআরআর, পুন্ডিবাড়ি, শালবাড়ি, নিউ কোচবিহার (৪) এবং ফালাকাটা, নিউ বানেশ্বর, নিউ আলিপুরদুয়ার, সামুকতালা রোড, কামাখ্যাগুড়ি, জোড়াই, শ্রীরামপুর আসাম, জলপাইগুড়ি রোড, নিউ দোমোহনি, নিউ ময়নাগুড়ি, বেতগাড়া, আলটাগ্রাম, জামালদাহ গোপালপুর, নায়ারহাট, মাথাভাঙা (২), চাপাগুড়ি, মারাডাঙ্গা, টিএফজিএইচ, বক্সিরহাট এবং আগমনিতে জল সরবরাহের জন্য ভালভের পরিচালন। ধূপগুড়ি (০৩), ফালাকাটা, ঘোকসাডাঙ্গা, খালাইগ্রাম, শালবাড়ি, গুমানি হাট, এসজেআরআর, পুন্ডিবাড়ি, এবং নিউ কোচবিহার (২), জলপাইগুড়ি রোড, নিউ দোমোহনি, নিউ ময়নাগুড়ি, বেতগাড়া, আলতাগ্রাম, নিউ বানেশ্বর, নিউ আলিপুরদুয়ার, সামুকতালা রোড, কামাখ্যাগুড়ি, জোড়াই এবং শ্রীরামপুর আসামে ইলেক্ট্রো-ক্লোরিনেটরের রক্ষণাবেক্ষণ। নিউ কোচবিহার (২), পুন্ডিবাড়ি, এসজেআরআর, ঘোকসাডাঙ্গা, গুমানি হাট, শালবাড়ি, খালাইগ্রাম, ধূপগুড়ি (৩) নিউ ময়নাগুড়ি (৩), জলপাইগুড়ি রোড, নিউ দোমোহনি, বেতগাড়া, আলতাগ্রাম, নিউ বানেশ্বর, নিউ আলিপুরদুয়ার, মাথাভাঙ্গা, চাপাগুড়ি, মারাডাঙ্গা, তুফানগঞ্জ, বক্সিরহাট, আগমনি এবং জামালদহ গোপালপুরে আয়রণ রিমুভাল প্ল্যান্টের ওভারহলিং। মাথাভাঙ্গা, চাপাগুড়ি, মারাডাঙ্গা, তুফানগঞ্জ, বক্সিরহাট, আগমনি, জামালদহ গোপালপুর এবং নয়ারহাটে ডেনোরা ম্যাক সিল্কর ম্যাক-৫০ এর সরবরাহ ও ইনস্টলেশন, কমিশনিং। টেন্ডার মূল্যঃ ১,৬৮,৮৬,৬০৬.৩৭ টাকা; বায়নার ধনঃ ২,৩৪,৪০০.০০ টাকা। **ই-টেন্ডার বন্ধ হবে** ১৩-০৬-২০২৫ তারিখের ১৫.০০ ঘণ্টায় এবং **খোলা হবে** ১৩-০৬-২০২৫ তারিখের ১৫.৩০ ঘণ্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **http://www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।
**ডিআরএম (ওয়ার্কস), আলিপুরদুয়ার জং.**
**উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে**
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

**ক্ষমতা বৃদ্ধিকরণ এবং বৈদ্যুতিক শক্তি বিতরণ ব্যবস্থার উন্নয়ন**

**ই-টেন্ডার বিজ্ঞপ্তি নংঃ ইএল/২৯/১৫_২০২৫/কে/২২৭, তারিখঃ ২৬-০৫-২০২৫।** নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নংঃ ১৫_২০২৫, কাজের নামঃ** কাটিহারে- ফেস- II "স্টাফ কোয়ার্টারে বিভিন্ন স্টাফদের সুবিধার উন্নয়ন" এর অধিক্ষেত্রে বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহারের সুবিধার্থে রেলওয়ে কলোনিগুলিতে ক্ষমতা উন্নয়ন এবং বৈদ্যুতিক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন। টেন্ডার মূল্যঃ ২,০৭,৬২,৩৯৩ টাকা; বায়নার ধনঃ ২,৫৩,৯০০ টাকা। **ই-টেন্ডার বন্ধ হবে** ১৯-০৬-২০২৫ তারিখের ১৫.০০ ঘন্টায় এবং **খুলবে** ১৯-০৬-২০২৫ তারিখের ১৫.৩০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ১৯-০৬-২০২৫ তারিখের ১৫.০০ ঘন্টা পর্যন্ত **http://www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।
**সিনি. ডিইই/জি অ্যান্ড সিএইচজি./কাটিহার**
**উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে**
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

# দেহ উদ্ধার কাণ্ডে অধরা খুনি, বিক্ষোভ

দুরন্তবার্তা, কলকাতা, ২৮ মে ঃ রাজারহাটের চাঁদপুর গ্রাম পঞ্চায়েতের মোবারকপুর মাঠপাড়া এলাকায় ভেড়ি থেকে উদ্ধার হয়েছিল স্থানীয় এক যুবকের দেহ। খুনের তদন্ত শুরু হলেও ৪৮ ঘণ্টা পরেও কেউ ধরা পড়েনি। বুধবার সেই যুবকের খুনের ঘটনায় দ্রুত বিচারের দাবিতে রাজারহাট থানার কাছে বিক্ষোভ দেখায় গ্রামবাসীরা। তাদের অভিযোগ, দু'দিনেও কেউ ধরা পড়েনি। পুলিশ সূত্রে জানা গেছে, এই ঘটনায় কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

Office of the
**Dhandali Gram Panchayat**
**Belari,Shyampur-I,Howrah**
**Sub.- GRAM PANCHAYAT TENDER NOTICE**
Sealed Tenders are invited by the Pradhan, Dhandali Gram Panchayat, Shyampur-I, Howrah, for 11 nos. of work vide Memo No.- **155/DGP/2025 Dated- 28/05/2025 NIET NO - WB/HZP/SHY-I/DGP/ NIET-06/25-26,** Detail information available at this GP Office during the working hours.
**Sd/- Pradhan,**
**Dhandali Gram Panchayat,**
**Shyampur-I, Howrah.**

**HIRBANDH GRAM PANCHAYAT**
**Vill.-Tilabani, PO-Bauridiha, Dist-Bankura, Pin-722121**
**NIeT No.-03/HirGP/2025-26, Date-27/05/2025**
e-Tender are hereby invited by this office from the bonafied, reliable, resourceful and experienced contractors for the different works. Fund: 15 th FC(Tied & Untied). Last date of submission of Technical Bid & Financial Bid (online) on **04.06.2025 up to 18.00 hrs**. Date of Opening of Bid at office of the Hirbandh Gram Panchayat on **06.06.2025 at 18.00 hrs.** For details visit website **https://wbtenders.gov.in**
**Sd/- Pradhan**
**Hirbandh Gram Panchayat**

## ম্যাভেন্স বায়োটেক লিমিটেড

**CIN: L17297WB1981PLC034226**
নিবন্ধিত অফিসঃ রুম নং ৪০৭, ৪ তল, প্রিমিসেস নং. ৪ সিভিল রো, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০০১
ই-মেইলঃ **investors@mavensbiotech.com** ওয়েবসাইটঃ **www.mavensbiotech.com**

৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত চতুর্থ প্রান্তিক এবং বছরের নিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার
[সেবি (LODR) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৪৭(১) (বি) দেখুন]

(লক্ষ টাকা)

| ক্রম নং | বিবরণ | ৩ মাস শেষে ৩১ মার্চ ২৫ পরীক্ষিত | ৩ মাস শেষে ৩১ ডিসেম্বর ২০২৪ অনিরীক্ষিত | ৩ মাস শেষে ৩১ মার্চ২০২৪ পরীক্ষিত | বর্ষ শেষে ৩১ মার্চ ২০২৫ পরীক্ষিত | বর্ষ শেষে ৩১ মার্চ ২০২৪ পরীক্ষিত |
|---|---|---|---|---|---|---|
| ১. | কারবার থেকে মোট আয় | ১.০৭ | ১.৫৩ | ১.৮১ | ৫.৯১ | ৯.৬২ |
| ২. | নিট লাভ/ (ক্ষতি) সময়ের জন্য (করের আগে, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম) | (৩.০৯) | (১.৪৪) | (২.১৪) | (১০.৭২) | (৬.৬৯) |
| ৩. | নিট লাভ / (ক্ষতি) সময়ের জন্য (করের আগে এবং/ অথবা অসাধারণ আইটেম) | (৩.০৯) | (১.৪৪) | ৮.৬৬ | (১০.৭২) | ৪.১১ |
| ৪. | নিট লাভ/ (ক্ষতি) করের পরে সময়ের জন্য (ব্যতিক্রমী এবং/ অথবা অসাধারণ আইটেম) | (৩৪.০৯) | (১.৪৪) | ৮.৬৬ | (৪১.৭২) | ৪.১১ |
| ৫. | এই সময়ের জন্য মোট বিস্তৃত আয় [এই সময়ের জন্য লাভ / (ক্ষতি) (করের পরে) এবং অন্যান্য বিস্তৃত আয় (করের পরে) অন্তর্ভুক্ত] | (৩৪.০৯) | (১.৪৪) | ৮.৬৬ | (৪১.৭২) | ৪.১১ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন | ১০৯৯.২০ | ১০৯৯.২০ | ১০৯৯.২০ | ১০৯৯.২০ | ১০৯৯.২০ |
| ৭. | সংরক্ষণ (পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে দেখানো পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | - | - | - | (৫৯৩.৭০) | (৫৫১.৯৮) |
| ৮. | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১ /- টাকা) (বার্ষিক নয়) মূল এবং মিশ্র | (০.০৩) | (০.০০) | ০.০১ | (০.০৪) | ০.০০ |

মন্তব্যঃ
উপরে উল্লিখিত তথ্যটি SEBI (তালিকাবদ্ধ বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ এর ৩৩ নং প্রবিধানের অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা ত্রৈমাসিক এবং বছর সমাপ্ত নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের একটি উদ্ধৃতি। নিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com-এ পাওয়া যাবে। একই তথ্য কোম্পানির ওয়েবসাইট www.mavensbiotech.com-এও পাওয়া যাবে।

বোর্ডের আদেশানুসারে,
ম্যাভেন্স বায়োটেক লিমিটেডের জন্য
জয় প্রকাশ
ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও
**DIN No.: 02525414**

তারিখঃ ২৮ মে, ২০২৫
স্থানঃ কলকাতা

## KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

**ABRIDGED NIT**

**The Executive Engineer, Water Supply (GRWW), KMC** invites e-tender for the following works:

**(1) NIT No. : EEWS/KMC/GRWW/24-25/223**
Name of the work: **Construction of masonry valve chamber for 450 mm dia sluice valve and 600 mm dia manhole assembly fitted on interconnection pipeline of Budge-Budge dedicated and Gandhi Maidan dedicated line infront of Budge-Budge CWPS, GRWW.** Estimated amount: ₹ **1,62,373.00.** Earnest money: ₹ **3,250.00.** Period of completion: **14 days.** Last date and time of receipt/opening of tender (online): **12.06.2025 at 2 P.M./14.06.2025 at 2 P.M.**

**(2) NIT No. : EE/O&M-III/e-T13/2025-26**
Name of the work: **Repairing, servicing and overhauling of back wash motor no.-3 at Back Wash Pump Room with other allied accessories under WTP-I, GRWW.** Estimated amount: ₹ **2,70,708.00.** Earnest money: ₹ **5,450.00.** Period of completion: **12 days.** Last date and time of receipt/opening of tender (online): **17.06.2025 at 12 Noon/19.06.2025 at 12 Noon.** The bid forms and other details will be available shortly from the website: **http://wbtenders.gov.in (For Sl. No. 1)** and **https://etender.wb.nic.in (For Sl. No. 2)**

**The Executive Engineer, Water Supply (Jadavpur Unit), BR-XII, KMC** invites e-tender for the following works:

**(1) NIT No. : WS/BR-XII/108/25-26/04/1st Call**
Name of the work: **Supply and laying of 100 mm dia D.I water pipe line at Purba Panchannagram Madhyapara near H/o - Mihir Mondal, Ramesh Bhagat and Rambabu Pandit in Ward No.-108, BR-XII.** Estimated amount: ₹ **1,85,554.87.** Earnest money: ₹ **4,000.00.** Period of completion: **20 days.**

**(2) NIT No. : WS/BR-XII/108/24-25/09/1st Call**
Name of the work: **Emergency shifting of 100 mm dia D.I pipe line due to construction of new RCC box bridge by Irrigation Department at Hossenpur over CC1 East Branch Channel near B. Fit in Ward No.-108, BR-XII.** Estimated amount: ₹ **1,69,300.25.** Earnest money: ₹ **3,500.00.** Period of completion: **15 days.**

**(3) NIT No. : WS/BR-XII/108/M/25-26/01/1st Call**
Name of the work: **Maintenance work of water supply pipeline and other allied works at Madurdah, Hossenpur Dharapara and its surrounding area in Ward No.-108, BR-XII.** Estimated amount: ₹ **2,64,677.44.** Earnest money: ₹ **5,500.00.** Period of completion: **30 days.**

**(4) NIT No. : WS/BR-XI/104/25-26/M-1/1st Call**
Name of the work: **Restoration work of water supply main by leak repairing of large dia. reserve main, Cap wash and ancillary works in Garfa Sitala Mandir Road, Middle Road, Vivekananda Road and surroundings in Ward No.-104, BR-XI.** Estimated amount: ₹ **2,96,158.66.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **45 days.**

**(5) NIT No. : WS/BR-XI/104/25-26/C-1/1st Call**
Name of the work: **Construction of concrete chamber along with cutting and washing of M.S. pipe at different location for the inlet pipe of Middle Road B.P.S. in Ward No.-104, BR-XI.** Estimated amount: ₹ **4,60,587.22.** Earnest money: ₹ **9,500.00.** Period of completion: **21 days.** Last date of receipt/opening of tender (online): **10.06.2025 - 1 P.M./ 12.06.2025 - 1 P.M. (For Sl. No. 1 to 5).** The bid forms and other details are available from the websites: **https://etender.wb.nic.in** & **http://wbtenders.gov.in (For Sl. No. 1 to 5).**

**The Executive Engineer, Water Supply, (South), BR-X, KMC** invites e-tender for the following works:

**(1) NIT No. : KMC/WS/EE/S/100/25-26/02/1st Call**
Name of the work: **Link connection with laying of water supply 100 mm dia. D.I. pipe along with installation of CESC meter box near 26/1, D.P.P. Road in Ward No.-100, BR-X.** Estimated amount: ₹ **2,52,845.03.** Earnest money: ₹ **5,200.00.** Period of completion: **10 days.**

**(2) NIT No. : KMC/WS/EE/S/100/25-26/01/1st Call**
Name of the work: **Link connection with laying of water supply 100 mm dia. D.I. pipe along with installation of CESC meter box near 13/D, D.P.P. Road in Ward No.-100, BR-X.** Estimated amount: ₹ **2,39,301.45.** Earnest money: ₹ **5,000.00.** Period of completion: **10 days.**

**(3) NIT No. : KMC/WS/EE/S/M/25-26/2/1st Call**
Name of the work: **Leak repairing work on existing water pipe line at 115B P.A. Shah Road, 156 P.G.H. Shah Road, 56/1 T.C. Road, 1/25 D.P.P. Road etc. in BR-X.** Estimated amount: ₹ **2,22,469.82.** Earnest money: ₹ **4,500.00.** Period of completion: **21 days.** Date of publication/submission start: **02.06.2025 - 2 P.M. (For Sl. No. 1 to 3).** Last date of submission: **14.06.2025 - 2 P.M. (For Sl. No. 1 to 3).** Tender opening date: **17.06.2025 - 2 P.M. (For Sl. No. 1 to 3).** The bid forms and other details are available from the website **https://wbtenders.gov.in (For Sl. No. 1 to 3).**

**The Executive Engineer, Water Supply, (BPS), KMC** invites e-tender online quotation two bid system for the following works:

**(1) NIT No. : KMC/WS/NNHW/24-25/02**
Name of the work: **Replacement of inlet valve and construction of valve chamber including shade at Netaji Nagar Head Works.** Estimated cost: ₹ **2,67,360.00.** Earnest money: ₹ **5,500.00.** Period of completion: **25 days.**

**(2) NIT No. : KMC/WS/NNHW/25-26/02**
Name of the work: **Restoration and modification of the wiring for single phase loads and lighting arrangement at Netaji Nagar Head Works.** Estimated cost: ₹ **1,18,172.95.** Earnest money: ₹ **2,500.00.** Period of completion: **15 days.**

**(3) NIT No. : KMC/WS/RBPS/25-26/02**
Name of the work: **Fabrication and installation of second water level indicator for both SUGR and IMG capacity ESR at Ranikuthi BPS.** Estimated cost: ₹ **1,97,895.00.** Earnest money: ₹ **4,000.00.** Period of completion: **25 days.**

**(4) NIT No. : KMC/WS/LHW/25-26/03**
Name of the work: **Restoration and modification of the wiring for single phase loads and lighting arrangement at Layalka Head Works.** Estimated cost: ₹ **1,17,927.00.** Earnest money: ₹ **2,500.00.** Period of completion: **15 days.** Last date of submission of bid: **11.06.2025 - 2 P.M. (For Sl. No. 1 to 4).** Tender will be opened on: **13.06.2025 - 2 P.M. (For Sl. No. 1 to 4).** The bid forms and other details are available on and from **28.05.2025 - 2 P.M. (For Sl. No. 1 to 4).**

**(5) NIT No. : KMC/WS/CHETLABPS/25-26/01**
Name of the work: **Electro-mechanical fault detection and restoration work of submersible pump-motors at Chetla and Daspara BPS for one year.** Estimated cost: ₹ **2,11,974.00.** Earnest money: ₹ **5,000.00.** Period of completion: **365 days.**

**(6) NIT No. : KMC/WS/BBPS/25-26/03**
Name of the work: **Electro-mechanical fault detection and restoration work of submersible pump-motors at Behala and Gandhi Maidan BPS for one year.** Estimated cost: ₹ **2,11,974.00.** Earnest money: ₹ **5,000.00.** Period of completion: **365 days.** Last date of submission of bid: **09.06.2025 - 2 P.M. (For Sl. No. 5 & 6).** Tender will be opened on: **11.06.2025 - 2 P.M. (For Sl. No. 5 & 6).** The bid forms and other details are available on and from **29.05.2025 - 2 P.M. (For Sl. No. 5 & 6).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 6).**

**The Executive Engineer, Water Supply, (MGPS & WPS), KMC** invites e-tender online in two bid system for the following work:
**NIT No. : KMC/WS/MGPS/02/2025-26**
Name of the work: **Replacement of defective valve accessories by newly supplied items of suction line valve no. 1 at Mullick Ghat Pumping Station.** Estimated amount: ₹ **1,47,216.59.** Earnest money: ₹ **2,950.00.** Period of completion: **30 days.** Last date and time for bid submission (online): **11.06.2025 at 2 P.M.** The bid forms and other details will be available shortly from the website: **https://etender.wb.nic.in**

**The Director General (Water Supply), KMC** invites e-tender online percentage two bid system for the following work:
**NIT No. : WS/SENEM/24-25/24**
Name of the work: **Electro-mechanical fault detection and restoration work at Senhati Sachindra Nath Park Capsule BPS.** Estimated cost: ₹ **1,85,685.00.** Earnest money: ₹ **4,000.00.** Period of completion: **365 days.** Start date of submission of bid: **02.06.2025 - 2 P.M.** Last date of submission of bid: **18.06.2025 - 2 P.M.** Tender will be opened on: **20.06.2025 - 2 P.M.** The bid forms and other details are available on and from **02.06.2025 at 2 P.M.** from the website: **https://etender.wb.nic.in** (325/25-26)

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্তবার্তা

৩০ বর্ষ, দৈনিক সংখ্যা, ১৭৭ সংখ্যা, বৃহস্পতিবার ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২

# বরখাস্ত শিক্ষকদের দিল্লিতে বিক্ষোভের পরিকল্পনা

বাংলার স্কুল শিক্ষকদের বিরোধ আলোচনায় কোনও অগ্রগতি হয়নি, বরখাস্ত শিক্ষকরা দিল্লিতে বিক্ষোভ করার পরিকল্পনা করছেন। শিক্ষামন্ত্রীর বৈঠক এড়িয়ে গেছেন, ৬ সদস্যের প্রতিনিধিদল প্রধান সচিবের সাথে দেখা করেছেন। চাকরি পুনর্বহালের দাবিতে আন্দোলনরত শিক্ষকদের প্রতিনিধিদের এবং শিক্ষা বিভাগের কর্মকর্তাদের মধ্যে সোমবার দুই ঘণ্টাব্যাপী বৈঠকে চলমান অচলাবস্থা ভাঙতে ব্যর্থ হয়েছে। পরিবর্তে, আন্দোলনকারী শিক্ষকরা জানিয়েছেন যে তারা তাদের বিক্ষোভ দিল্লিতে নিয়ে যাবেন। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর বৈঠকে না যাওয়ার পর, বরখাস্ত শিক্ষকদের ছয় সদস্যের প্রতিনিধিদল সল্টলেকের বিকাশ ভবনে প্রধান সচিব বিনোদ কুমার এবং সচিব শুভ্রা চক্রবর্তীর সাথে দেখা করে, যার বাইরে সুপ্রিম কোর্ট কর্তৃক বরখাস্ত শিক্ষকরা গত তিন সপ্তাহ ধরে বিক্ষোভ করে আসছেন। শিক্ষামন্ত্রী বসু আন্দোলনরত শিক্ষকদের সরকারের প্রতি আস্থা রাখার আহবান জানান ও আশ্বস্ত করেন যে অচলাবস্থার সমাধানের জন্য সমস্ত আইনি পদক্ষেপ নেওয়া হচ্ছে। তিনি পুনর্ব্যক্ত করেছিলেন যে ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়ায় পদ্ধতিগত ত্রুটির কারণে সুপ্রিম কোর্ট কর্তৃক বরখাস্ত হওয়া তদন্দক্ষ শিক্ষকরা ৩১ ডিসেম্বরের মধ্যে নতুন নিয়োগ প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত বেতন পাবেন এবং চাকরিতে থাকবেন। এই প্রতিবাদের নেতৃত্বদানকারী যোগ্য শিক্ষা শিক্ষক অধিকার মঞ্চের সদস্য বৃন্দাবন ঘোষ বৈঠকের পর সংবাদমাধ্যমকে বলেন যে তারা সুপ্রিম কোর্টে সরকারের পুনর্বিবেচনার আবেদন নিয়ে আলোচনা করেছেন। তত্তারা আমাদের (রিভিউ পিটিশনের) খসড়া দেখিয়েছে। এটি শক্তিশালী। তবে তারা আমাদের বলেছে যে এটি গৃহীত হবে কিনা তা সুপ্রিম কোর্টের উপর নির্ভর করে। সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে, ৩১ মে-র আগে পুনর্বিবেচনার বিজ্ঞপ্তি জারি করতে হবে। আমরা তাদের বলেছি যে আমরা আবার পরীক্ষায় বসতে চাই না। আমরা পরীক্ষা দেওয়ার মতো মানসিক ও শারীরিক অবস্থায় নেই। তারা (উচ্চপদস্থ কর্মকর্তারা) আমাদের কথা শুনেছেন, কিন্তু তারা বলেছেন যে কেউ আইনের উর্ধ্বে নয় এবং তাদের সুপ্রিম কোর্টের আদেশ মেনে চলতে হবে, ঘোষ বলেন। তদি সামান্য কিছু অংশই অবৈধ কাজে জড়িত থাকে, তাহলে কেন প্রতিটি যোগ্য প্রার্থীকে নির্যাতনের শিকার হতে হবে? সম্পূর্ণ বিনয়ের সাথে, আমরা আবারও রাজ্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি যে প্রায় ২৬,০০০ প্রার্থীর প্রতিটি ওএমআর শিট পরীক্ষা করে কলঙ্কিতদের চিহ্নিত করা নিশ্চিত করা হোক,দ তিনি আরও বলেন। ৩১ মে-র মধ্যে ২০১৬ সালের নিয়োগ সংক্রান্ত নতুন বিজ্ঞপ্তি জারি করার জন্য এসএসসির নির্দেশ সম্পর্কে জানতে চাইলে ঘোষ বলেন, তআমরা কোনও নতুন বিজ্ঞপ্তি চাই না। সরকারকে আমাদের পরিস্থিতি মাননীয় বিচারকদের কাছে জানানোর জন্য আইন বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করতে দিন। আমরা প্রার্থনা করি যে রাজ্য সুপ্রিম কোর্টের সামনে একটি নতুন প্যানেল গঠনের আবেদন জমা দেয় যেখানে কলঙ্কিত প্রার্থীদের নাম থাকবে। বল এখন সুপ্রিম কোর্টের কোর্টে। বৈঠকে শিক্ষামন্ত্রীর অনুপস্থিতিতে অসন্তুষ্টি প্রকাশ করে প্রতিনিধিদলের আরেক সদস্য হাবিবুল্লাহ বলেন তআমরা যে কর্মকর্তাদের সাথে দেখা করেছি তাদের কাছে আমাদের বেশ কয়েকটি প্রশ্নের উত্তর ছিল না। তারা বলেছিলেন যে তারা আমাদের অবস্থান সম্পর্কে সরকারের সাথে যোগাযোগ করবেন। আমরা জিজ্ঞাসাও করেছি যে শিক্ষামন্ত্রী কেন বৈঠকে অংশ নিচ্ছেন না। বেশ কয়েকটি প্রশ্নের উত্তর এখনও পাওয়া যায়নি। তাই, আমরা অসন্তুষ্ট ছিলাম। আমরা চেয়েছিলাম মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বা শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আমাদের সাথে দেখা করুন, কিন্তু তা হয়নি। কিছু বিষয় রয়েছে যা কেবল মন্ত্রী পর্যায়েই সমাধান করা যেতে পারে। আঙ্খ মরা মুখোমুখি আলোচনার জন্য শিক্ষামন্ত্রীকে একটি নতুন মেইল পাঠাব। আমরা এখনও মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর সাথে দেখা করতে চাই,দ তিনি আরও বলেন। তারা তাদের প্রতিবাদ দিল্লিতে নিয়ে যাবেন বলে উল্লেখ করে হাবিবুল্লাহ বলেন তআমরা প্রতিবাদ দিল্লিতে নিয়ে যাব। এটি বাংলায় স্থায়ী হবে না। আমরা মনে করি আমরা ন্যায়বিচার পাইনি। সুপ্রিম কোর্ট আমাদের পক্ষ দেখেনি। তাই, সুপ্রিম কোর্টের আদেশ পর্যালোচনা করা উচিত, হাবিবুল্লাহ যোগ করেন।

## রবীন্দ্রনাথ ঠাকুরের বাণী



যে ধর্মের নামে বিদ্বেষ সঞ্চিত করে, ঈশ্বরের অর্ঘ্য হতে সে হয় বঞ্চিত।

যৌবনই ভোগের কাল বার্ধক্য স্মৃতিচারণের।

লোকে ভুলে যায় দাম্পত্যটা একটা আর্ট, প্রতিদিন ওকে নতুন করে সৃষ্টি করা চাই।

স্বামীরা প্রেমিক হতে অবশ্যই রাজি, তবে সেটা নিজের স্ত্রীর সাথে নয়। নিজের স্ত্রীর প্রেমিক হবার বিষয়টা কেন যেন তারা ভাবতেই চায় না।

যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে।

সোহাগের সঙ্গে রাগ না মিশিলে ভালবাসার স্বাদ থাকেনা ; তরকারীতে লঙ্কামরিচের মত।

## শ্রীরামকৃষ্ণের বাণী



যদি তুমি সত্যিকারেই পাগল হতে চাও, তাহলে সাংসারিক বস্তুর জন্য পাগল হয়ো না, বরং ভগবানের ভালোবাসায় পাগল হও।

যদি তুমি পূর্ব দিকে যেতে চাও, তাহলে কখনই পশ্চিমদিকে যেওনা।

ভালোবাসার মাধ্যমে ত্যাগ এবংবিবেক স্বাভাবিক ভাবেই প্রাপ্ত হয়েই থাকে।

একমাত্র ভগবানই বিশ্বের পথপ্রদর্শক এবং গুরু।

## অনুকুলচন্দ্রের বাণী



⇨ মাটির শরীর মাটি হবে মাটি ছাড়া নাই বিধান, মাটিরে তুই কররে খাঁটি অমৃতেরই এনে নিদান।

⇨ কেউ যদি তোমার নিন্দা করে করুক, কিন্তু খেয়াল রেখো তোমার চলন চরিত্রে নিন্দনীয় কিছু যেন কোনো ক্রমে স্থিতিলাভ করতে না পারে, তাহলে নিন্দা ব্যর্থ হয়ে উঠবে এমনিতেই।

# ট্রাম্প ধাঁধায় মোদী সরকারের দিশাহীনতা

**বিশেষ প্রতিবেদক**

'আমেরিকা ফার্স্ট' নীতিতে চালিত ট্রাম্প প্রশাসন একদিকে যেমন ভারতের সঙ্গে প্রতিরক্ষা ও কূটনৈতিক সম্পর্ক জোরদার করেছিল, অন্যদিকে বাণিজ্য ও অভিবাসন ইস্যুতে বারবার তৈরি হয়েছিল টানাপোড়েন। এর ফলে নরেন্দ্র মোদী সরকারের জন্য একাধিক কূটনৈতিক সংকট সৃষ্টি হয়েছিল, যা অনেকটাই 'ট্রাম্প ভাইরাস' বলে বিবেচিত হতে পারে।

ট্রাম্প প্রশাসনের আমলে যুক্তরাষ্ট্র ভারতকে 'বিকাশমান দেশ' বা উন্নয়নশীল দেশের তালিকা থেকে সরিয়ে দেয়। এর ফলে ভারত যে জেনারালাইজড সিস্টেম অব প্রেফারেন্স (GSP) স্কিমের আওতায় শুল্কহীনভাবে বহু পণ্য আমেরিকায় রপ্তানি করত, তা বন্ধ হয়ে যায়। মোদী সরকার বারবার আলোচনার মাধ্যমে GSP সুবিধা ফেরানোর চেষ্টা করলেও তাতে সাড়া মেলেনি।

এদিকে ট্রাম্প প্রশাসন ভারতীয় পণ্যের ওপর একাধিক শুল্ক আরোপ করে। এর পাল্টা জবাবে ভারতও আমেরিকান পণ্যের ওপর পাল্টা শুল্ক আরোপ করে। এই টানাপোড়েন দ্বিপাক্ষিক সম্পর্ককে এক সময় অনেকটাই বিঘ্নিত করে।

ভারতীয় আইটি শিল্পের জন্য সবচেয়ে বড় ধাক্কা ছিল ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতি। H1B ভিসা, যা ভারতীয় প্রযুক্তিকর্মীদের জন্য যুক্তরাষ্ট্রে কাজের প্রধান মাধ্যম, তা নিয়ন্ত্রণে কঠোরতা আনে হোয়াইট হাউস। নানাবিধ নীতিগত পরিবর্তনের ফলে অনেক ভারতীয় পেশাজীবীর জন্য যুক্তরাষ্ট্রে কাজের সুযোগ সংকুচিত হয়। এই অবস্থায় মোদী সরকার একাধিকবার আমেরিকান প্রশাসনের সঙ্গে আলোচনায় বসে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করলেও, সাফল্য খুবই সীমিত ছিল।

এই সব জটিলতার মধ্যেও একটি বড় ইতিবাচক দিক ছিল প্রতিরক্ষা ও কৌশলগত সহযোগিতা। ট্রাম্পের আমলে দুই দেশই 'QUAD' জোটের কার্যকারিতা বাড়াতে তৎপর হয়ে ওঠে। ভারত, যুক্তরাষ্ট্র, জাপান এবং অস্ট্রেলিয়ার এই চার-দেশীয় জোটের মাধ্যমে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে চীনের আধিপত্য রুখতে একগুচ্ছ যৌথ কৌশল গ্রহণ করা হয়।

ভারত ও যুক্তরাষ্ট্রের মধ্যে 'COMCASA', 'LEMOA' এবং 'BECA'-র মতো গুরুত্বপূর্ণ প্রতিরক্ষা চুক্তিও সম্পন্ন হয় এই সময়ে। এগুলি ভারতকে যুক্তরাষ্ট্রের সামরিক তথ্য, প্রযুক্তি ও লজিস্টিক সাপোর্ট পাওয়ার সুযোগ দেয়। এইসব দিক থেকে মোদী সরকার ট্রাম্প প্রশাসনের সঙ্গে দৃঢ় নিরাপত্তা সম্পর্ক গড়ে তুলতে পেরেছিল।

ট্রাম্প-মোদী সম্পর্ক একদিকে ব্যক্তিগতভাবে অত্যন্ত দৃঢ় ছিল। 'হাউডি মোদী' (হিউস্টনে) এবং 'নমস্তে ট্রাম্প' (আহমেদাবাদে) অনুষ্ঠানে দুই নেতা একে অপরকে সমর্থন জানিয়ে বিশ্ববাসীকে দেখিয়েছিলেন এক অভিনব দৃশ্য। কিন্তু কূটনৈতিক স্তরে এই সম্পর্ক সেই অর্থে কাঙ্ক্ষিত ফল বয়ে আনতে পারেনি।

ট্রাম্প প্রশাসন কাশ্মীর ইস্যু নিয়ে মধ্যস্থতার প্রস্তাব দিলে ভারত সরকার তা দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করে। ধর্মীয় স্বাধীনতা ও মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে ট্রাম্প প্রশাসনের একাধিক কর্মকর্তা প্রকাশ্যে ভারত সরকারকে সমালোচনা করেন, যা দুই দেশের মধ্যে সম্পর্কের উত্তাপ বাড়িয়ে দেয়।

২০২০ সালে করোনা মহামারি শুরু হলে এক অদ্ভুত কূটনৈতিক চাপের মুখে পড়ে ভারত। ট্রাম্প প্রেসিডেন্ট প্রকাশ্যে হুঁশিয়ারি দিয়ে বলেন, হাইড্রোক্সি ক্লোরোকুইনের রপ্তানি না করলে ভারতের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। পরবর্তী সময়ে ভারত সেই ওষুধ রপ্তানি করলেও এই ভাষাগত হুমকি দুই দেশের কূটনৈতিক সৌজন্যকে আঘাত করেছিল।

ট্রাম্প প্রশাসনের সময় মোদী সরকার এক অস্বস্তিকর সমীকরণের মধ্যে পড়ে যায়। একদিকে ব্যক্তিগত সম্পর্কের ঘনিষ্ঠতা রক্ষা করতে গিয়ে ট্রাম্পের একাধিক বিতর্কিত সিদ্ধান্তের বিরুদ্ধে মুখ খোলেনি ভারত, অন্যদিকে বিশ্বমঞ্চে 'স্বাধীন পররাষ্ট্রনীতি'র দাবিও রেখে যেতে হয়েছে। এর ফলে ভারতের পররাষ্ট্রনীতি কখনো কখনো দ্বিধাগ্রস্ত মনে হয়েছে, বিশেষত চীন বা রাশিয়ার সঙ্গে সম্পর্কের প্রশ্নে।

বর্তমানে ট্রাম্প আবার ২০২৪ সালের নির্বাচনে রিপাবলিকান দলের প্রার্থী হিসেবে প্রচার চালাচ্ছেন। তাঁর ফের ক্ষমতায় ফেরা মোদী সরকারের জন্য নতুন করে চ্যালেঞ্জ তৈরি করতে পারে। কারণ, ট্রাম্প প্রশাসনের বৈদেশিক নীতি অনিশ্চয়তা এবং হঠাৎ পরিবর্তনের জন্য পরিচিত। মোদী সরকারকে তাই ভবিষ্যতে একটি ভারসাম্যপূর্ণ ও বাস্তবসম্মত নীতি নিতে হবে যাতে ট্রাম্পের প্রত্যাবর্তন হলেও ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কের মূল কাঠামো অক্ষুণ্ন থাকে।

ট্রাম্প যুগে ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্ক ছিল এক জটিল সমীকরণের ফল। একদিকে কৌশলগত ও প্রতিরক্ষা সম্পর্কের দৃঢ়তা, অন্যদিকে বাণিজ্য ও অভিবাসন ইস্যুতে উত্তেজনা। মোদী সরকারের সামনে চ্যালেঞ্জ ছিল এই টালমাটাল অবস্থার মধ্যে ভারসাম্য রক্ষা করা, যা তারা কিছুটা সফলভাবে করলেও 'ট্রাম্প ভাইরাস' ভারতীয় কূটনীতিকে একাধিকবার চাপে ফেলেছিল। এখন প্রশ্ন, যদি ট্রাম্প আবার ফিরে আসেন, ভারত কতটা প্রস্তুত থাকবে এই ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ের জন্য?

# শ্রমিকের স্বীকৃতি মেলেনি, বঞ্চনার শিকার বিশাল কর্মী বাহিনী নীরব রাজনীতি ও আন্দোলনের জবাবহীনতা

পশ্চিমবঙ্গের কর্মজীবী সমাজের এক বিরাট অংশ আজও শ্রমিক হিসেবে স্বীকৃতি পায়নি। অব্যাহত শ্রম ও পরিশ্রম সত্ত্বেও এদের শ্রমিকের মর্যাদা দেওয়া হয়নি কোনও সরকারের তরফ থেকে; না বামফ্রন্ট সরকারের সময়, না বর্তমান তৃণমূল সরকারের আঙ্খ মলে। হাজার হাজার কর্মী দীর্ঘদিন ধরে সরকারি ও বেসরকারি নানা প্রকল্পে, সংস্থায় ও ক্ষেত্রবিশেষে কাজ করে চলেছেন; কিন্তু তাঁদের কাজের নিশ্চয়তা নেই, নেই সামাজিক সুরক্ষা বা নিয়মিত বেতন কাঠামো।

এই বাস্তবতা তুলে ধরছে রাজ্যের একটি দীর্ঘস্থায়ী সমস্যা;'অস্বীকৃত শ্রমজীবীদের' অস্তিত্ব। স্বচ্ছ ভারত মিশন থেকে শুরু করে আশাকর্মী, অঙ্গনওয়াড়ি, রান্নার দিদি, স্বাস্থ্য সহায়িকা, পরিসেবা প্রদানকারী এবং অস্থায়ী চুক্তিভিত্তিক কাজ করা বহু কর্মী রয়েছেন, যাঁরা বছরের পর বছর কাজ করলেও এখনও শ্রমিক হিসেবে স্বীকৃতি পাননি। সরকারি নথিতে তাঁরা শ্রমিক নন; স্রেফ তকর্মরত ব্যক্তিত। ফলে তাঁরা বঞ্চিত হন শ্রম আইনের ন্যূনতম সুবিধা থেকেও।

যাঁরা আশা করেছিলেন, শ্রমিক স্বার্থরক্ষা ও বামপন্থী আদর্শে বিশ্বাসী বামফ্রন্ট সরকার অন্তত এদের মর্যাদা দেবে, তাঁদের হতাশ হতে হয়। দীর্ঘ ৩৪ বছরের শাসনকালে বামফ্রন্ট সরকার একাধিক আন্দোলন ও দাবিপত্র পাওয়ার পরেও এই বিশাল কর্মীবাহিনীকে আইনি স্বীকৃতি দেয়নি। অস্থায়ী কর্মীদের দুঃস্থতার কথা স্বীকার করলেও, মৌলিক কাঠামোগত সংস্কার আনা হয়নি।

এর ফলে অঙ্গনওয়াড়ি কর্মী, আশা ও স্বাস্থ্যকর্মীরা ন্যূনতম মজুরি থেকে বঞ্চিত হয়েছেন। দীর্ঘদিন ধরে চলা আন্দোলনগুলিকে বরং প্রশাসনিক ভাবে নিয়ন্ত্রণ করার চেষ্টা হয়েছে; অনেক সময় সংগঠকদের চাকরি চলে গেছে, কখনও তাদের বিরুদ্ধে এফআইআর করা হয়েছে।

২০১১ সালে ক্ষমতায় আসার পর তৃণমূল কংগ্রেস তপরিবর্তনেরদ বার্তা নিয়ে এসেছিল। কিন্তু এই কর্মী শ্রেণির ক্ষেত্রে সেই পরিবর্তন দেখা যায়নি। বরং একাধিক প্রকল্পে চুক্তিভিত্তিক কর্মীর সংখ্যা আরও বেড়েছে। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে হাজার হাজার কর্মী রয়েছেন যাঁদের চুক্তি নবায়ন হয় বছরে একবার, মাসিক ভাতা দেওয়া হয় নির্দিষ্ট প্রকল্পভিত্তিক বরাদ্দ অনুযায়ী।

তাঁদের নেই স্থায়ী চাকরির নিশ্চয়তা, পেনশন বা স্বাস্থ্যবিমার সুবিধা। বরং মাঝে মধ্যেই অভিযোগ ওঠে, রাজনৈতিক আনুগত্য অনুযায়ী নিয়োগ ও নবায়ন প্রক্রিয়া হয়। এই ব্যবস্থাকে অনেকেই বলেন 'নতুন যুগের ঠিকা শ্রমের' মডেল।

এই বঞ্চনার বিরুদ্ধে বহুবার আঙ্খ ন্দোলন হয়েছে। কখনও 'অস্থঙ্খ ায়ী কর্মী সংগ্রাম কমিটি', কখনও 'মিড-ডে মিল কর্মী ইউনিয়ন', কখনওবা 'আশা কর্মী ঐক্য মঞ্চ';নানা সংগঠন বছর বছর রাস্তায় নেমেছে, ধর্ণা দিয়েছে, ঘেরাও করেছে। কিন্তু বড় কোনো রাজনৈতিক দল এদের দাবি নিয়ে সরব হয়নি।

নেতারা আশ্বাস দিয়েছেন, কিন্তু বাস্তবে সমস্যা থেকে গেছে একই জায়গায়। আন্দোলনকারীদের অনেকে বলছেন, তআমাদের ঘাম থেকে রাষ্ট্র চলে, অথচ সেই রাষ্ট্র আমাদের শ্রমিক বলেও মানতে চায় না। এই প্রশ্ন উঠছে ঘনঘন; কেন রাজনীতিকরা নীরব? কারণ অনেকেই মনে করছেন, অস্থায়ী কর্মীদের উপর রাজনৈতিক নিয়ন্ত্রণ সহজ; তাদের চাকরির নিশ্চয়তা নেই বলে তারা সহজে দমনযোগ্য। সেই কারণে, তাদের শ্রমিকের স্বীকৃতি দিলে প্রশাসনের উপর তাদের অধিকার বেড়ে যাবে, এবং রাজনীতিকদের নিয়ন্ত্রণ কমবে।

আরেকটি কারণ আর্থিক;একবার যদি স্বীকৃতি দেওয়া হয়, তবে রাজ্য সরকারের উপর প্রচুর আর্থিক চাপ আসবে। তাদের নিয়মিত বেতন, পেনশন, ছুটি, স্বাস্থ্যসুবিধা ইত্যাদি নিশ্চিত করতে হবে। এই খরচ বহন করতে সরকার ইচ্ছুক নয়।

রাজ্যের হাজার হাজার অস্থঙ্খ ায়ী কর্মী আজও অন্ধকারে। নতুন প্রজন্মের শিক্ষিত যুবকেরাও এইসব চুক্তিভিত্তিক কাজ নিয়েই সংসার চালাতে বাধ্য হচ্ছেন, কারণ অন্য কোনও নিশ্চিত কর্মসংস্থান নেই। কিন্তু তাঁরা জানেন, যে পরিমাণ কাজ করছেন, তার প্রতিদানে তাঁরা শ্রমিকের স্বীকৃতিও পাচ্ছেন না, সামাজিক সুরক্ষাও নয়।

এখন প্রশ্ন;এই 'অদৃশ্য শ্রমিক' শ্রেণির কণ্ঠস্বর কি কখনও রাজনীতির মূল কেন্দ্রে পৌঁছাবে? তাদের দাবি কি আর কেবল মিছিল ও মাইকেই সীমাবদ্ধ থাকবে, না কি ভবিষ্যতের কোনো সরকার সাহস করে এই শ্রমিক শ্রেণিকে তাদের প্রাপ্য মর্যাদা দেবে?

পরিস্থিতির উত্তর এখনও অস্পষ্ট। কিন্তু যেটা স্পষ্ট, তা হল;বাম হোক বা ডান, সব সরকারই এখন পর্যন্ত এক জিনিসে ঐকমত্য;এই বিশাল কর্মীবাহিনীকে শ্রমিক হিসেবে স্বীকার না করা। আর তার ফলেই জন্ম নিয়েছে একটি রাষ্ট্রীয় বঞ্চনার অধ্যায়;যেখানে শ্রম আছে, শ্রমিক নেই।

# হেডলাইন বাড়ছে পার্ক, কমছে খেলার মাঠ শহুরে উন্নয়নের ভিড়ে শিশুরা হারাচ্ছে খোলা জায়গা

শহরের রূপ বদলাচ্ছে। আঙ্খ ধুনিকায়নের জোয়ারে একদিকে যেমন নতুন পার্ক তৈরি হচ্ছে, তেমনি অন্যদিকে একে একে হারিয়ে যাচ্ছে খেলার মাঠ। বসবাসযোগ্য শহর গড়ার নামে এই যে 'পার্ক বনাম মাঠ' দ্বন্দ্ব;তা এখন বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে নাগরিক জীবনে, বিশেষত শিশু-কিশোরদের জন্য।

গত কয়েক বছরে কলকাতা, হাওড়া, শিলিগুড়ি কিংবা দুর্গাপুরে পুরসভা ও রাজ্য সরকারের উদ্যোগে অনেক নতুন পার্ক গড়ে উঠেছে। কোথাও নাগরিকদের হাঁটার জন্য ওয়াকওয়ে তৈরি হয়েছে, কোথাও শিশুপার্ক বা সুইংয়ের ব্যবস্থা, আঙ্খ বার কোথাও তৈরি হয়েছে বাগান ও বসার জায়গা।

পুরসভাগুলি দাবি করছে, শহরের মানুষের সুস্থ জীবনযাপনের জন্য এই সব পার্ক অপরিহার্য। পরিবেশবান্ধব নগর গঠনে এগুলির বড় ভূমিকা রয়েছে। কিন্তু প্রশ্ন উঠছে;এই পার্কে কি সত্যিই শিশু-কিশোররা খেলাধুলা করতে পারছে?

অন্যদিকে, এই সব শহরে একে একে খেলার মাঠ বেসরকারি নির্মাণ প্রকল্প, বহুতল আবাসন, পার্কিং লট বা মল তৈরির জায়গা হয়ে যাচ্ছে। যেসব মাঠ একসময় শিশুদের খে লাধুলা, স্থানীয় ক্লাবের কোচিং ক্যাম্প কিংবা পাড়ার টুর্নামেন্টের প্রাণ ছিল, সেগুলিকে আজ লোহার গেট দিয়ে ঘেরা দেখা যায়;কখনো 'রক্ষণাবেক্ষণের অভাবে বন্ধ', কখ নো 'পুনর্গঠনের জন্য অনুপলব্ধ'।

শুধু সরকারি মাঠ নয়, বহু বেসরকারি স্কুলও তাদের নিজস্ব খেলার মাঠ বিক্রি করে দিয়েছে বা সেই জমিতে ভবন নির্মাণ করেছে। এর ফলে শিশুদের খেলাধুলার পরিসর ক্রমশ ছোট হয়ে আসছে।

পার্ক ও খেলার মাঠ;এই দুইয়ের মধ্যে রয়েছে মৌলিক তফাত। পার্ক মূলত বিশ্রামের স্থান, হাঁটার জায়গা বা পরিবার নিয়ে বসে সময় কাটানোর উপযোগী স্থান। কিন্তু খে লার মাঠ মানে হলো মুক্ত খোলা জায়গা, যেখানে ছোট থেকে বড় সকলে শারীরিক কসরত করতে পারে;ফুটবল, ক্রিকেট, ব্যাডমিন্টন বা অন্য যে কোনও খেলা।

কিন্তু এখন দেখা যাচ্ছে, অধিকাংশ নতুন পার্কেই খেলার অনুমতি নেই। ঘাস নষ্ট হওয়ার অজুহাতে সেখ ানে বল খেলার উপর নিষেধাজ্ঞা রয়েছে। রক্ষণাবেক্ষণের অভাবে বা নিরাপত্তার দোহাই দিয়ে কিছু পার্কে প্রবেশাধিকারও সীমিত।

বিশেষজ্ঞরা বলছেন, মাঠের অভাব শিশুদের শারীরিক ও মানসিক বিকাশে বড় বাধা হয়ে দাঁড়াচ্ছে। আজকের শিশুরা বাইরের খেলার বদলে স্মার্টফোন বা টিভির দুনিয়ায় ডুবে যাচ্ছে। শারীরিক অনুশীলনের অভাবে তাদের মধ্যে স্থূলতা, ডায়াবেটিস বা মানসিক চাপের প্রবণতা বাড়ছে।

শিশু মনোবিজ্ঞানী সুদীপ্তা চৌধুরী বলেন, তশিশুরা মাঠে খেলতে গিয়ে যেমন দেহকে সচল রাখে, তেমনি শেখে দলগত কাজ, প্রতিযোগিতা ও সহনশীলতা। মাঠ হারালে সেই অভিজ্ঞতা থেকে তারা বঞ্চিত হচ্ছে।দ

নগর পরিকল্পনায় মাঠের প্রয়োজনীয়তা বারবার উঠে এলেও বাস্তবে দেখা যাচ্ছে, পরিকল্পনার শেষেই আছে 'ওপেন স্পেস'। সেখানে প্রাধান্য পাচ্ছে বিনোদন পার্ক, ভিউ পয়েন্ট বা ওয়াটার বডি। নির্মাণ শিল্পের লাভ ও রাজনৈতিক স্বার্থকে গুরুত্ব দেওয়া হচ্ছে বেশি।

একজন শহর পরিকল্পনাবিদ নাম প্রকাশ না করার শর্তে বলেন, তজমির দাম এতটাই বেড়ে গেছে যে মাঠ সংরক্ষণের চেয়ে পার্ক বানিয়ে নাম দেওয়া সহজ হয়ে দাঁড়িয়েছে। পার্ক দেখতে ভালো লাগে, ছবি তোলা যায়। কিন্তু মাঠ মানে হল খরচ, নিরাপত্তা, রক্ষণাবেক্ষণ;যা অনেকেই এড়াতে চান।

# বেণু সেনের জন্মদিবসে শ্রদ্ধার্ঘ্য

**।। ভারতীয় আলোকচিত্রের কিংবদন্তি ।।**

গ্রাউন্ড ইঞ্জিনিয়ার হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত দৃশ্যদর্শী কল্পনা বাঁধা পড়েছিল এক নিছক দৈব খেলায়। ছোটবেলায় তার এক ক্যামেরা-চালক বন্ধুর সাথে স্বাধীনতা দিবস উদযাপনে গিয়েছিলেন। তার বন্ধুর ক্যামেরা কৌতূহল জাগিয়ে তোলে, প্রথম আগ্রহে আঙ্খ লোকে চিত্রশিল্পী হওয়ার পথ শুরু হয়। ভারতীয় জাদুঘর থেকে ফটো অফিসার হিসেবে কর্মজীবন শুরু হয়।

একের পর এক সম্মান ও তাঁর কৃতি পৃথিবী জোড়া সুনাম ছড়িয়ে যায়। বিশ্বের তৃতীয় ব্যক্তি যিনি ইউনেস্কোর স্বীকৃতিপ্রাপ্ত সংস্থা ফেডারেশনইন্টারন্যাশনালডিল'আর্টফটোগ্রাফিকথেকে'মাস্টারঅফ ফটোগ্রাফি' (MFIAP) এর বিরল সম্মান।

ছবি তোলার ক্ষেত্রে ভারতে তিনিই প্রথম সাদা-কালো নেগেটিভ থেকে রঙিন ফোটোগ্রাম তৈরি এবং রঙ পৃথকীকরণের পদ্ধতি আবিষ্কারকরেছিলেন। বিএসফোর, ট্যানোরামা, ম্যাক্রো পিক্টোগ্রাফি ইত্যাদি পদ্ধতিতে সাদা-কালো ছবি ডেভেলপ করার ক্ষেত্রে তাঁর দক্ষতা ছিল অসামান্য। তথ্য ও ছবি সুবল সাহা

# জামাইষষ্ঠীতে শ্বশুড়িকে খুশি করতে ৫ গিফট

জৈষ্ঠ মাসের শুক্ল ষষ্ঠী তিথিতে পালিত হয় জামাইষষ্ঠী ব্রত। এইদিন শ্বাশুড়িরা জামাই ও মেয়েকে নিমন্ত্রণ করে মা ষষ্ঠীর পূজা করেন ও জামাইয়ের কপালে ফোঁটা দেন। হলুদ সুতো বেঁধে জামাইয়ের সুখ, ঐশ্বর্য ও কন্যার দাম্পত্যসুখ কামনা করা হয়। এই বছর জামাইষষ্ঠী পড়েছে ১ জুন, রবিবার। অনুষ্ঠান মানেই সেখানে উপহার একটা আলাদা জায়গা জুড়ে থাকে। আসলে উপহার এমনই একটা জিনিস, যা যে কোন সম্পর্কের মিষ্টতা দ্বিগুণ করে দেয়। জামাইষষ্ঠীও তার ব্যতিক্রম নয়। শ্বাশুড়ি এবং জামাইদের মধ্যে উপহারের আদানপ্রদান হয়ে থাকে। এ বছর জামাইষষ্ঠী পড়েছে ১ জুন। এই দিনে শ্বাশুড়িকে কি গিফট দেবেন, নিশ্চয়ই ভাবনাচিন্তা করছেন। তা হলে উপহারের এই আইডিয়াগুলি রইল আপনারই জন্য। জেনে নিন -

**শাড়িঃ** শাড়ি যেকোন মহিলারই পছন্দের। তাই শ্বাশুড়িমার পছন্দসই কোন শাড়ি জামাইষষ্ঠীতে উপহার হিসাবে দিতেই পারেন।

**গয়নাঃ** বাজেট অত বেশি না হলে সোনার গয়না হয়ত দিতে পারবেন না। তবে আজকাল নানা ধরনের গয়না পাওয়া যায়। যেগুলি একেবারে বাজেটের মধ্যে। সেরকম গয়নাও দিতে পারেন।

**মোবাইল ফোনঃ** বাজেট একটু বেশি হলে শ্বাশুড়িকে মোবাইল ফোনও উপহার হিসাবে দিতে পারেন।

**টুথ স্পিকারঃ** আজকাল অনেকেই ব্লু টুথ স্পিকার ব্যবহার করেন। সেক্ষেত্রে আপনার শ্বাশুড়ি যদি প্রযুক্তিগত দিক থেকে পটু হন, তা হলে এই উপহার দিতেই পারেন।

**ঘড়িঃ** শ্বাশুড়িকে ঘড়ি উপহার দেওয়াও বেস্ট। বিশেষ করে স্মার্ট ওয়াচ দিতে পারেন।

# জেলার বিভিন্ন জায়গায় অনুপ্রবেশের চেষ্টা ব্যর্থ করল বিএসএফ

শিল্পী দত্ত, কোচবিহার, ২৮ মে ঃ আগামীকাল উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে মুখ্যমন্ত্রীর জনসভা

রয়েছে। তার আগে বুধবার সকাল থেকেই দফায় দফায় কোচবিহারের বিভিন্ন এলাকায় অনুপ্রবেশের ঘটনা ঘটেছে যদিও সমস্ত অনুপ্রবেশকারীদের আটকে দিয়েছে বিএসএফ। কোচবিহার জেলা জুড়ে রয়েছে ভারত বাংলাদেশ সীমান্ত আর তাতে অতন্দ্র প্রহরীর মত পাহারা দিচ্ছে বিএসএফের কর্তব্যরত জওয়ানরা। কোচবিহার জেলার বিস্তীর্ণ এলাকার রয়েছে ভারত বাংলাদেশ সীমান্তভুক্ত। যার মধ্যে এখনো প্রচুর এলাকা রয়েছে যেখানে নেই কাঁটা তারের বেড়া। বুধবার কোচবিহারের শীতলকুচি ব্লকের খলিশামারি এলাকার সাঙ্গারবাড়ি ভারত বাংলাদেশ সীমান্তে প্রায় ১৬ জন অনুপ্রবেশকারী ভারতে প্রবেশ করার চেষ্টা করে। যদিও বিএসএফ তাদের আটকে দেয় পরবর্তীতে তারা জিরো ল্যান্ডে বসে থাকে। অপরদিকে শীতলকুচি ব্লকের মহিষমুড়ি গ্রামের শালবাড়ি এলাকা তিনদিকে বাংলাদেশ দিয়ে ঘেরা এবং একদিকে রয়েছে ধরলা নদী সেই নদী পার করেই ভারত ভূখণ্ডে প্রবেশ করতে হয়। এই শালবাড়ি এলাকার তিনদিকে নেই কাঁটাতারের বেড়া ফলে সহজেই অনুপ্রবেশের ঘটনা ঘটে। বুধবার এই এলাকা দিয়েও প্রায় ৬ জন অনুপ্রবেশকারী ভারতে ঢোকার চেষ্টা করলে তাদেরকে আটকে দেয় বিএসএফ বর্তমানে তারাও জিরো ল্যান্ডে বসে রয়েছে। অপরদিকে কোচবিহারের সিতাই বিধানসভার কৈমারী এলাকার ভারত- বাংলাদেশ সীমান্তেও ১৩ জন অনুপ্রবেশকারী ভারতের প্রবেশের চেষ্টা করলে বিএসএফ তাদের আটকে দেয় বর্তমানে তারাও জিরো ল্যান্ডে বসে রয়েছেন। সকাল থেকেই জেলার বিভিন্ন প্রান্ত দিয়ে কেন ভারতে অনুপ্রবেশের চেষ্টা করা হচ্ছিল তা নিয়ে রয়েছে বিস্তর প্রশ্ন? এরপরই সীমান্তে বিএসএফ এবং বিজিবির মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্রের খবর অনুযায়ী প্রাথমিকভাবে এই সমস্ত অনুপ্রবেশকারীদের নিজেদের দেশের নাগরিক মানতে নারাজ ছিল বাংলাদেশের বিজিবি। যদিও বেলা বাড়তেই বিএসএফের সাথে বৈঠক হয় তাদের। সূত্রের খবর অনুযায়ী জিরো ল্যান্ডে বসে থাকা এই সমস্ত নাগরিকদের পরিচয়পত্র যাচাই করার পরেই সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানা গেছে। উল্লেখ্য গত কয়েকদিন ধরেই আবার নতুন করে অশান্তি ছড়িয়েছে বাংলাদেশ জুড়ে। এরই মাঝে অনুপ্রবেশের ঘটনাকে কেন্দ্র করে তাই চাঞ্চল্য ছড়াচ্ছে কোচবিহারের বিভিন্ন সীমান্তবর্তী এলাকায়। যদিও এই প্রসঙ্গে ভিন্নমত পোষণ করেছে এলাকার সাধারণ মানুষ। শীতলকুচির সাঙ্গারবাড়ি এলাকার বাসিন্দা যুগল রায় বলেন - বাংলাদেশের বিজিবি সাথে করে লোক নিয়ে এসে ভারতে ঢোকানোর চেষ্টা করছে। যদিও বিএসএফ এবং আমরা গ্রামবাসীরা তা হতে দেইনি। অত্যন্ত আতঙ্কে রয়েছে আমরা। ইতিমধ্যে বিএসএফের আধিকারিকরা এসে পৌঁছেছেন। এখন দেখার কি হয় তবে যেভাবে এই ধরনের ঘটনা ঘটছে তাতে এই এলাকার সমস্ত মানুষই আমরা আতঙ্কিত। প্রশ্ন উঠছে কেন এখানে অনুপ্রবেশের ঘটনা সাক্ষী থাকতে হচ্ছে বারবার। তাহলে কি যে সমস্ত জায়গায় কাটা তার নেই সেখান দিয়েই শুধু অনুপ্রবেশের চেষ্টা চলছে ? ঘটনার পর ঘটনাস্থলে গিয়ে উপস্থিত হয় স্থানীয় পুলিশবাহিনী। যদিও এখনও পর্যন্ত বিএসএফ বা জেলা প্রশাসনের পক্ষ থেকে অনুরূপ কোন বক্তব্য পাওয়া যায়নি।

# মমতা বন্দ্যোপাধ্যায় প্রজন্মের কথা ভাবেন ঃ ব্রাত্য বসু

দুরন্ত বার্তা, বোলপুর, ২৮ মে ঃ রাজনৈতিক নেতা পরের নির্বাচনের কথা ভাবেন, কিন্তু একজন রাষ্ট্র নায়ক পরবর্তী প্রজন্মের কথা ভাবেন। সেই অর্থে আমাদের মুখ্যমন্ত্রী একজন রাষ্ট্রনায়ক। বীরভূম শিক্ষাসেল আয়োজিত মাধ্যমিক উচ্চমাধ্যমিক, মাদ্রাসার কৃতী ছাত্র -ছাত্রীদের সম্বর্ধনা অনুষ্ঠানে ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিলের এক উদ্ধৃতি উল্লেখ করে ছাত্রদের উদ্দেশ্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রসঙ্গ টেনে বলেন রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। বুধবার শান্তিনিকেতনে গীতাঞ্জলি প্রেক্ষাগৃহের শিক্ষা সেল আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষা সংসদের চেয়ারম্যান চিরঞ্জিত ভট্টাচার্য্য, শিক্ষা সেলের রাজ্য প্রেসিডেন্ট অধ্যাপক বিজন সরকার, এস আর ডি এ চেয়ারম্যান অনুব্রত মণ্ডল, মন্ত্রী চন্দ্রনাথ সিনহা, সুদীপ্ত ঘোষ, গগন সরকার, জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান প্রলয় নায়েক প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলো জেলার মাধ্যমিক উচ্চ মাধ্যমিক কৃতী ছাত্রছাত্রীরা। এদিন ব্রাত্য বসু কৃতীদের উদ্দেশ্যে বলেন, তোমরা মনে রেখো পরিবারের বাবা- মা , শিক্ষককূল, এমনকি যে প্রতিবেশীরা তোমাদের খোঁজ নিয়ে জানতে চেয়েছেন, হ্যাঁ রে, তোদের পরীক্ষা কেমন হয়েছে? এই মনে রাখতে পারলে দেখবে তুমি একদিন মানুষ হয়ে উঠবে। তারপর তিনি, অনুব্রত মণ্ডল, প্রলয় নায়েক সহ মন্ত্রী চন্দ্রনাথ সিনহার কথা উল্লেখ করে বলেন, তোমরা জেনো, এনারা আমাকে প্রায় জেলায় তোমাদের কোন স্কুলে কী নেই। এছাড়াও, শিক্ষা ক্ষেত্রে মুখ্যমন্ত্রী একজন রাষ্ট্র নায়কের দৃষ্টিতে নতুন প্রজন্মের জন্য কতটা ভেবেছেন, তার উল্লেখ করেন। দীর্ঘদিন পর ব্রাত্য বসু এই গীতাঞ্জলিতে আসেন। শেষবার এসেছিলেন অনুব্রত মণ্ডলকে নিয়ে লেখা খেলা হবে বইয়ের উদ্বোধনে। সেই প্রসঙ্গে অনুব্রত উত্থান নিয়ে বক্তব্যর পাশাপাশি, শিক্ষা মন্ত্রী বলেন, দীর্ঘদিন পর অনুব্রতকে দেখে তার খুব আনন্দ হয়েছে।

**Abridged Notice Inviting e-Tender**

Online tender is hereby invited by the undersigned from bonafied and experienced agencies for 18 nos. various works. For details visit **www.wbtenders.gov.in** Tender ID : **2025_ZPHD_854498_1, 2025_ZPHD_854640_1 and to 2025_ZPHD_854640_3.** Last Date and time **13-06-2025, 6:00 P.M.** Ref. **NIT03 & 4/25-26.**

Sd/-
BDO, Namkhana Dev. Block,
Dist. South 24 Parganas

**কাটিহার ডিভিশনে বিদ্যুতিক কাজ**

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং.: ইএল_ডিএস_১৩_২৫-২৬, তারিখ: ২৬-০৫-২০২৫। টেন্ডার নং.: ইএল_ডিএস_১৩_২৫-২৬ নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে; কাজের নাম: "কাটিহার ডিভিশনে পুরাতন মালদা জংশন-মালদা কোর্টের মধ্যবর্তী কিমি ৩/৭-৮-এ লেভেল ক্রসিং নং ওএস-৩-এ (মানববাহী) ২ লেনের রোড ওভার ব্রিজ নির্মাণ।" (ইলেকট্রিক্যাল জেনারেল)। টেন্ডার মূল্য: ১,১৫,২১,২৮৭/- টাকা; বায়না মূল্য: ২,০৭,৬০০/- টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময়: ১৮-০৬-২০২৫ তারিখে ১৫:০০ ঘন্টায় এবং খোলা ১৮-০৬-২০২৫ তারিখে ১৫:৩০ ঘন্টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ নথি ১৮-০৬-২০২৫ তারিখে ১৫:০০ ঘন্টা পর্যন্ত **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

সিনিয়র ডিইই/টিআরডি, কাটিহার
**উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে**
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

**GOVT OF WEST BENGAL**
**OFFICE OF THE SHYAMPUR-II PANCHAYAT SAMITY**
**SASATI, HOWRAH,711312**
**Tender Ref No-WB/HOW/SHY-II/NIT-04/2025-26 Vide Memo No-431/Shy-II Dated-28.05.2025**

On line e-Tender are Invited from Bonafide Contractor for this work. The details of Tender and Tender document will be made available on website **https://wbtenders.gov.in.** The last date of tender submission -**05.06.2025 at 05.00 PM.**

**SD/-EXECUTIVE OFFICER**
**SHYAMPUR–II PANCHAYAT SAMITY**
**SASATI, HOWRAH, 711312**

**OFFICE OF THE PRODHAN**
**MASHAT GRAM PANCHAYAT**
**(UNDER CHANDITALA-1 BLOCK & PANCHAYAT SAMITI)**
**Vill+PO:-Mashat, Dist: Hooghly, Pin-712701**
**E-mail ID: mashatgp@gmail.com**
**Memo No:- (i) 334/MGP/2025, (ii) 335/MGP/2025 Dated:-28/05/2025**
**E-QUOTATIONS/E-TENDERS NOTICE**

Notice is hereby invited by the Prodhan, Mashat Gram Panchayat for 6(Six)different works. Document download & sale starting(Online) **28.05.2025 at 18.00 Hrs.** Last date of submission of Bid proposal(online) **07.06.2025 at 11.00 PM.** Bid opening date (Technical): **09.06.2025 at 11.00 AM.** For details please visit website **https://wbtenders.gov.in** or office of the undersigned.

**Sd/- Prodhan**
**Mashat Gram Panchayat**

# নলি কাটা অবস্থায় দম্পতির দেহ উদ্ধার চাঞ্চল্য মেমারিতে

সুজিত দত্ত, বর্ধমান, ২৮ মে ঃ গলার নলিকাটা অবস্থায় বাড়ির সামনের রাস্তায় এক দম্পতির দেহ উদ্ধারকে ঘিরে বুধবার চাঞ্চল্য ছড়ালো পূর্ব বর্ধমানের মেমারিতে। মেমারি পুরসভার ১১ নং ওয়ার্ডের কাশিয়ারা মোক্তার বাগান এলাকার কাজী পাড়ার এই হাড়হিম করা ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় মেমারি থানার পুলিশ। দেহ দুটি উদ্ধার করে মেমারি হাসপাতালে পাঠানো হয়। মৃত দম্পতির নাম হাজি মুস্তাফিজুর রহমান (৬৬) ও তার স্ত্রী মমতাজ

পারভীন (৫৫)। স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার আনুমানিক ভোর ৪ টে নাগাদ নামাজ পড়তে যাওয়ার সময় মৃত দম্পতির বাড়ির সামনেই তাদের রক্তাক্ত মৃতদেহ পরে থাকতে দেখতে পায় স্থানীয়রা। ঘরের ভিতর থেকে দেহ দুটি টেনে বাইরে নিয়ে আসার রক্তের দাগ ছিল। সূত্র মারফত জানা গেছে, ঘটনার পর থেকেই দম্পতির পুত্র পেশায় ইঞ্জিনিয়ার হুমায়ুন কবির (৩৫) ঘটনার পর থেকেই নিখোঁজ। সে একসময় দিল্লিতে কর্মরত থাকলেও পরে কলকাতায় একটি ফার্মে কাজ করতেন। তবে সে মানসিকভাবে সুস্থ ছিল না বলেও মৃত দম্পতির প্রতিবেশী সূত্রে জানা গেছে। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে। জেলা পুলিশ সুপার সায়ক দাস বলেন, এদিন ভোর বেলায় পুলিশের কাছে খবর আসে একজন ব্যক্তি ও মহিলা রক্তাক্ত অবস্থায় তাদের বাড়ির সামনেই পড়ে আছেন। পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। দুজনেরই গলায় ধারালো অস্ত্রের দাগ রয়েছে। এটি একটি খুনের ঘটনা। ঘটনার পর দম্পতির ছেলেকে আমরা খুঁজে পাইনি। তবে তাদের মেয়েকে খবর দেওয়া হয়েছে। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হযেছে। ফরেনসিক টিম আসছে। জোড়া খুনের মামলা রজু করেছে পুলিশ। পুলিশ পূর্ণাঙ্গ ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# বোমা উদ্ধার

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২৮ মে ঃ মুর্শিদাবাদের হরিহরপাড়ার নাজিরপুর গ্রামে বোমা উদ্ধার কে ঘিরে চাঞ্চল্য । হরিহরপাড়ার নাজিরপুর গ্রাম থেকে বোমাগুলি উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে জানা যায় সোমবার রাতে দুষ্কৃতিদের ছোঁড়া গুলিতে জখম হয় নাজিমুদ্দিন সেখ নামে এক ব্যাক্তি। মঙ্গলবার রাতে ঘটনাস্থলের আশপাশে তল্লাশি করতেই রাসিদুল সেখ নামে এক ব্যাক্তির বাড়ি থেকে উদ্ধার হয় দুটি বোমা সহ বোমা তৈরির সরঞ্জাম। পুলিশ এসে ঘটনাস্থল ঘিরে রেখে খবর দেয় বোম স্কোয়াড টিমকে তারা এসে বোমগুলি নিষ্ক্রিয় করে। কেনই বা রেখেছিল বোমা বা বোমা তৈরির সরঞ্জাম তদন্ত শুরু করেছে পুলিশ।

# ট্রেন চলাচল স্বাভাবিক রাখতে ও বড় ধরণের বিপর্যয় এড়াতে শিয়ালদহ ডিভিশনের সর্বাঙ্গীণ বর্ষা পরিকল্পনা

কলকাতা, ২৮ মে ঃ ভারতীয় আবহাওয়া দপ্তরের তথ্য অনুযায়ী, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু চলতি বছরে ২৫.০৫.২০২৫ তারিখে কেরালায় আগমন করেছে, যা সাধারণত জুন ১ তারিখে হয়। গত ১৭ বছরে এই প্রথম এত আগে বর্ষা ভারতে প্রবেশ করেছে। ২৮ মে'র মধ্যে পশ্চিমবঙ্গে মনসুন পৌঁছানোর সম্ভাবনা রয়েছে, যা রেল পরিষেবার দৃষ্টিকোণ থেকে আগামী ৪ মাসকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও চ্যালেঞ্জিং করে তুলেছে। গাঙ্গেয় সমভূমি ও উপকূলীয় অঞ্চলে ব্যাপক বৃষ্টিপাতের সম্ভাবনার প্রেক্ষিতে শিয়ালদহ ডিভিশনের পক্ষ থেকে তৎপর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আজ (২৮.০৫.২০২৫) শিয়ালদহ ডিভিশনের ডিআরএম-এর নেতৃত্বে এক জরুরি বৈঠকে যাত্রীদের নিরাপত্তা এবং ট্রেন পরিষেবার স্বাভাবিকতা বজায় রাখতে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ঃ ১. বিদ্যুৎ বিভ্রাট মোকাবিলায় গুরুত্বপূর্ণ ও ঝুঁকিপূর্ণ স্থানে ডিজেল জেনারেটর বসানো হয়েছে। ট্র্যাকে জলজট প্রতিরোধে ও ভারী বৃষ্টির সময় দ্রুত জল নিষ্কাশনের জন্য পর্যাপ্ত পরিমাণে জল পাম্প বসানো হয়েছে। ২. টানা ২৪ ঘণ্টা চালু থাকবে একটি এমার্জেন্সি কন্ট্রোল সেল, যেখানে বিভিন্ন দপ্তরের অফিসাররা উপস্থিত থাকবেন। অপারেটিং, ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল, সিগন্যাল ও টেলিকম বিভাগের অভিজ্ঞ কর্মীরা গুরুত্বপূর্ণ স্থানে নজরদারি করবেন। ৩. যাত্রী এবং রোলিং স্টক-এর নিরাপত্তা সুনিশ্চিত করতে আরপিএফ সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকবে। ৮০০টি বৃষ্টিরক্ষা স্যুট ইতোমধ্যেই সুরক্ষা কর্মীদের মধ্যে বিতরণ করা হয়েছে। ৪. ইলেকট্রিক্যাল, ইঞ্জিনিয়ারিং ও সিগন্যাল-টেলিকম সরঞ্জামের যথাযথ রক্ষণাবেক্ষণ ও সুরক্ষা নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। ৫. অতিরিক্ত বৃষ্টিপাত ও জলজটের ফলে ট্র্যাকে ক্ষতির আশঙ্কা থাকে। গত অর্থবছরে শিয়ালদহ ডিভিশনে এমন ৫৪টি ঘটনা ঘটেছে। ড্রেনেজ ব্যবস্থা পরিষ্কার ও সঠিকভাবে পরিচালনা করা অগ্রাধিকার পাবে। ৬. ক্যানিং ও ডায়মন্ড হারবার-এর মতো ঘূর্ণিঝড় প্রবণ এলাকাগুলিতে বিশেষ নজরদারি থাকবে। ঝুঁকিপূর্ণ এলাকায় নিয়মিত মনসুন পেট্রোলিং চালানো হবে। ৭. কাঁচড়াপাড়া, রানাঘাট, বহরমপুর, ব্যারাকপুরসহ বিভিন্ন রুটে ঝড়-বৃষ্টিতে ট্রেন চলাচল যাতে ব্যাহত না হয়, তার জন্য গাছ কাটার কাজ জরুরি ভিত্তিতে চলছে। ৮. খারাপ আবহাওয়ার সময় ট্রেন চলাচল স্বাভাবিক রাখতে ওভারহেড ইকুইপমেন্ট (OHE)-এর রক্ষণাবেক্ষণে বিশেষ জোর দেওয়া হয়েছে। গুরুত্বপূর্ণ স্থানে টাওয়ার ওয়াগন প্রস্তুত রাখা হয়েছে। ৯. জল চুঁইয়ে পড়া বা প্ল্যাটফর্মে জল জমে শর্ট সার্কিট বা বিদ্যুৎস্পৃষ্ট হওয়া এড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ২০৪টি স্টেশনের ছাউনি সঠিক অবস্থায় রাখতে বলা হয়েছে। ১০. ১২৪টি লিমিটেড হাইট সাবওয়ে -তে পর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থা ও পাম্পিং অ্যারেঞ্জমেন্ট নিশ্চিত করা হয়েছে। সংবেদনশীল LHS এলাকায় সেন্সর-ভিত্তিক জলজট পর্যবেক্ষণ ব্যবস্থা বসানো হয়েছে। ১১. সোনারপুর, বারাসাত, বনগাঁ, রানাঘাট ও ব্যারাকপুর-এ রেইন গেজ বসানো হয়েছে, যাতে বৃষ্টির পরিমাণ মাপা যায় এবং তদনুযায়ী ব্যবস্থা নেওয়া যায়। ১২. নামখানা, ডায়মন্ড হারবার, কৃষ্ণনগর, ব্যারাকপুর, বারাসাত-সহ ৯টি ঝুঁকিপূর্ণ স্থানে অ্যানিমোমিটার বসানো হয়েছে, যাতে বাতাসের গতি ও অভিমুখ নির্ধারণ করে আপৎকালীন পরিস্থিতিতে দ্রুত উদ্ধার পরিকল্পনা নেওয়া যায়। ভারী বৃষ্টিপাত ও প্রাকৃতিক দুর্যোগের সময় যাত্রী ও রেল ব্যবহারকারীদের নিরাপত্তা নিশ্চিত করতে এই সুসংগঠিত প্রস্তুতি এটা প্রমাণ করে যে, শিয়ালদহ ডিভিশনের যে কোন সংকট মোকাবিলায় সদা প্রস্তুত। ডিআরএম রাজীব সাক্সেনার নেতৃত্বে পুরো ডিভিশন অত্যন্ত সচেতনভাবে পরিকল্পিত ও কার্যকরী কর্মী মোতায়েনের মাধ্যমে আসন্ন বর্ষা মরসুমে যাত্রীদের দুর্ভোগ কমাতে সর্বোচ্চ প্রচেষ্টা করছে।

# ভারতীয় তিন সেনাকে শ্রদ্ধা জানিয়ে সিঁদুর খেলে জাতীয় পতাকা হাতে মাতৃ শক্তির মিছিল

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৮ মে ঃ কাশ্মীরের পেহেলগাঁওয়ে সন্ত্রাসবাদীদের বর্বরোচিত হামলার পর ভারতের অপারেশন সিঁদুর। আর এই অপারেশন সিঁদুরে তিন সেনাবাহিনী তার বীরত্ব দেখান। অপারেশন সিঁদুরের সাফল্য এবং ভারতের তিন বাহিনীর বীর জওয়ানদের কীর্তির প্রতি শ্রদ্ধা ও সম্মান জানাতে বুধবার কোচবিহারের রাজপথে জাতীয় পতাকা হাতে এবং সিঁদুর খেলে মিছিল করলো কোচবিহার মাতৃ শক্তি নামে মহিলারা বুধবার কোচবিহারের সাগরদিঘিরপাড় থেকে এই সুসজ্জিত মিছিল শুরু হয়ে কোচবিহারের রাজপথ অতিক্রম করে। এই প্রসঙ্গে মিছিলে আশা সুমিতা সান্যাল বলেন - পেহেলগাঁওয়ে যে ধরনের সন্ত্রাসীরা বর্বরোচিত আক্রমণ করেছিল তাতে প্রাণ যায় নিরীহ যোলজন ভারতীর। এরপর ভারতের সেনাবাহিনী সিদ্ধান্ত নেয় তাদের দুমড়ে মুছে ফেলার এবং সে কারণেই অপারেশন সিঁদুর সাফল্য লাভ করে তারা। এই নক্কার জনক ঘটনার পাল্টা অপারেশন সিঁদুরে ভারতীয় তিন সেনা তার বীরত্বের পরিচয় দেয়। আমরা আত্মই শক্তিরা তাই এক হয়ে ভারতীয় তিন সেনা সেনার অপারেশন সিঁদুরের সাফল্যতায় তাদেরকে শ্রদ্ধা জানাতে এই মিছিল করলাম। তিনি আরো বলেন এই বীর সেনানীরা কারো স্ত্রী কারো সন্তান তাই তাদের শ্রদ্ধা জানানো আমাদের কর্তব্য পাশাপাশি অপারেশন সিঁদুরের সফলতা আমরা সিঁদুর খেলে জাতীয় পতাকা নিয়ে এই বীর সেনাদের শ্রদ্ধাজ্ঞাপন করলাম।

# মেয়েদের স্বাস্থ্য সুরক্ষায় এগিয়ে এলো আলিনগর গ্রাম পঞ্চায়েত

দুরন্ত বার্তা, মালদা, ২৮ মে ঃ অভিনব উদ্যোগ গ্রাম পঞ্চায়েতের। মেয়েদের স্বাস্থ্য সুরক্ষায় এগিয়ে এলো মালদা মোথাবাড়ি বিধানসভা কেন্দ্রের আলিনগর গ্রাম পঞ্চায়েত। দশটি স্বয়ম্বর গোষ্ঠীকে সেনেটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিন সহ পাঁচশো জনকে বিনামূল্যে স্যানেটারি ন্যাপকিন প্রদান করে নজির গড়লেন আলিনগর গ্রাম পঞ্চায়েত। মূলত ঋতুস্রাব বিষয়ে এখনো গ্রাম বাংলার বহু মেয়ে লজ্জাবোধ করে। বিষয়টি গোপন করে চলে। অনেকেই ন্যাপকিন ব্যবহার করতে না পেরে বিভিন্ন ইনফেকশন জনিত সমস্যায় ও অসুখের শিকার হয়। এই সমস্যা সমাধানের জন্য এগিয়ে এসে মেয়েদের স্বাস্থ্য সুরক্ষায় দৃষ্টান্ত স্থাপন করলো কালিয়াচক দুই নম্বর ব্লকের আলিনগর গ্রাম পঞ্চায়েত। আজ স্থানীয় দশটি স্বয়ংবর গোষ্ঠীর হাতে সেনেটারী ভেন্ডিং মেশিন তুলে দেওয়ার পাশাপাশি স্থানীয় ৫০০ মহিলাকে বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন প্রদান করা হয়। পঞ্চায়েতের উদ্যোগে স্থানীয় সমস্ত মহিলাদের ঋতুস্রাব বিষয়ে সচেতন করা হয়। আগামী দিনে স্থানীয় এই ১০ টি স্বয়ংবর গোষ্ঠী একেবারে স্বল্প মূল্যে মহিলাদের স্যানিটারি ন্যাপকিন বিতরণ করবে। উত্তরবঙ্গ উন্নয়ন জলপথ ও সেচ দপ্তরের প্রতিমন্ত্রী তথা মোথাবাড়ি বিধানসভা কেন্দ্রের বিধায়ক সাবিনা ইয়াসমিনের উপস্থিতিতে এছাড়া উপস্থিত ছিলেন কালিয়াচক ২ নম্বর ব্লকের বিডিও, আলিনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান আখতারী খাতুন, বিশিষ্ট সমাজসেবী মোঃ ওবায়দুল্লাহ সহ একাধিক তৃণমূলের জনপ্রতিনিধিরা। আলিনগর গ্রাম পঞ্চায়েতে এই শুভ উদ্যোগের আয়োজন করা হয়।

**পূর্ব রেলওয়ে**

**হাওড়া ডিভিসনে পার্সেল স্পেস লিজ দেওয়ার জন্য ই-নিলাম**

**নং ঃ সিওএম/পার্সেল/লিজিং/লং টার্ম ই-অক/এইচডব্লুএইচ/২০২৪/পিটি-III, তাং. ২৩.০৫.২০২৪**
**সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার,** পূর্ব রেলওয়ে, হাওড়া, ৫ম তল, রেলযাত্রী নিবাস বিল্ডিং, হাওড়া রেলওয়ে স্টেশনের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক দুই বছরের জন্য দুই পর্যায়-এ হাওড়া ডিভিসন থেকে যাত্রাকারী বিভিন্ন যাত্রীবাহী ট্রেনের ০৩টি আরটিভিপি এবং ০২টি এসএলআর-এর লিজ প্রদানের জন্য আইআরইপিএস ওয়েবসাইটে ই-অকশন মডিউলের মাধ্যমে ই-নিলাম আহ্বান করা হচ্ছে। বিশদ নিয়ম ও শর্তাবলি সমেত অকশন ক্যাটালগ **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। এই ই-নিলামের জন্য দরপ্রস্তাব **www.ireps.gov.in**-এ ই-অকশন মডিউলের মাধ্যমে দাখিল করতে হবে। ব্যবসায়ীদের ই-নিলামে অংশগ্রহণের জন্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে ই-অকশন মডিউলের মাধ্যমে একবার নথিভুক্তি বাধ্যতামূলক। ব্যবসায়ীদের এছাড়াও ক্লাস-III ডিজিটাল সিগনেচার গ্রহণের প্রয়োজনীয়তা আছে। **অকশন ক্যাটালগের বিবরণ ঃ (১) অকশন ক্যাটালগ নং ঃ** পিসিএল-এইচডব্লুএইচ- এল২৫-৬এ। **ট্রেন ঃ** ট্রেন নং. ১৩০০৫/০৬ হাওড়া-অমৃতসর-হাওড়া থেকে যাত্রাকারী ট্রেনের ০১টি আরটিভিপি। **নিলাম শুরুর তারিখ ও সময় ঃ** ০৪.০৬.২০২৫ তারিখ দুপুর ১টা। (২) **অকশন ক্যাটালগ নং ঃ** পিসিএল- এইচডব্লুএইচ- এল২৫-৬বি। **ট্রেন ঃ** ট্রেন নং. ১২৩৭১/৭২ এবং ১২৩০৩/০৪ - ১২৩৮১/৮২ -এর ০২টি আরটিভিপি এবং ট্রেন নং. ১২৩৪৭ এবং ২২৩৮৭-এর ০২টি এসএলআর। **নিলাম শুরুর তারিখ ও সময় ঃ** ০৬.০৬.২০২৫ তারিখ দুপুর ১টা। HWH-106/2025-26

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indian railways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

**BIDHANNAGAR MUNICIPAL CORPORATION**
**POURA BHAVAN, BIDHANNAGAR**

An e-Quotation for **"Supply, installation, testing, commissioning of CC-TV at ward no. 32 and 39"** is being invited by EE, (E&M) Deptt. BMC vide NIQ No. **02/PHE(E&M)/BMC (2nd Call) Dated: 28-05-2025** & Tender ID: **2025_MAD_854647_1 and 2** details are available with office of Executive Engineer PHE (E&M) Bidhannagar Municipal Corporation. Corrigendum, if any will be published in office website & Notice Board only. Please visit: **https://wbtenders.gov.in**. Last date of Bid submission: **24th June 2025.**

Sd/-
**Executive Engineer, (E&M)**
**Bidhannagar Municipal Corporation**

**ঝাড়মাঝগ্রাম এস কে ইউ এস লিমিটেড**
রেজি নোঃ ৩৭ তারিখ ২৫।০৩।১৯৬১
ক্রান্তি, জলপাইগুড়ি
**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সমিতির সকল প্রতিনিধি সদস্য / সদস্যদের জানানো যাচ্ছে যে আগামী ২২।০৬।২০২৫ তারিখে **রবিবার সকাল ১১'টা থেকে বিকাল ৩ টা** পর্যন্ত ঝাড়মাঝগ্রাম এস কে ইউ এস লিমিটেড সমিতির বিশেষ সাধারণ সভা হবে। **স্থানঃ ঝাড়মাঝগ্রাম এস কে ইউ এস লিমিটেড অফিস** , ক্রান্তি, জলপাইগুড়ি। উক্ত সভায় পরিচালন কমিটির সদস্যদের বি.ও.ডী নির্বাচন হবে। এই উপলক্ষে সময়সূচি প্রকাশ হয় **২৯.০৫.২০২৫ তারিখে**। এই উপলক্ষ্যে মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করার তারিখ ও সময় ০২।০৬। ২০২৫ **থেকে ০৪।০৬।২০২৫ সকাল ১১ টা থেকে বেলা ২টা** পর্যন্ত সমিতির কার্যালয় হবে। বিশদভাবে জানার জন্য সমিতির কার্যালয় যোগাযোগ করুন।

Sd/-
Highest Designated Employee
Jhar Majhgram S.K.U.S. Ltd.

**Office of the Pradhan**
**DALDALI GRAM PANCHAYAT**
**NOTICE INVITING TENDER No. NIQ No.- 01/DGP/2025-26**

Sealed Tender is invited from experienced and resourceful bidders for execution of 10(Ten) Nos. different works. Date of sale of Tender form on any working day from **28/05/2025 to 04/06/2025 (from 12.00 PM to 12:00 PM)**. Last date of dropping of Sealed Tender form on or before **04/06/2025 up to 12:00 PM.** Date of opening of Tender **04/06/2025 at 2:00 PM.** For details please visit office of the undersigned on any working days.

**Sd/- Pradhan**
**Daldali Gram Panchayat**

**নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড**
সিআইএনঃ এল০১১৩২ডব্লুবি১৯৯০পিএলসি০৪৮৯৯১
রেজি. অফিসঃ ১৫বি, হেমন্ত বসু সরণী, তৃতীয় তল, কলকাতা-৭০০০০১
ফোনঃ ২২১০-০৫৫৩, ফ্যাক্সঃ ৯১-৩৩-২২১০-০৫৪১
ইমেলঃ enquiry@norbentea.com, ওয়েবসাইটঃ www.norbentea.com

**৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বছরের জন্য স্বতন্ত্র নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণীর সংক্ষিপ্তসার**

(টাকা লক্ষে)

| ক্রম. নং. | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্তি ৩১.০৩.২০২৫ | এ বছর এখনও পর্যন্ত সংখ্যা ৩১.০৩.২০২৫ | পূর্ববর্তী বছরে শেষ হওয়া সংশ্লিষ্ট ৩ মাস ৩১.০৩.২০২৪ |
|---|---|---|---|---|
| | | পরীক্ষিত | পরীক্ষিত | পরীক্ষিত |
| ১ | কারবার থেকে মোট আয় | ১০৮.৩০ | ৭৬৫.২২ | ১১৮.২১ |
| ২ | সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারণ আইটেম) | (১০২.৯০) | (১৭.৩২) | (১০১.৭৬) |
| ৩ | সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারণ আইটেমের পরে) | (১০২.৯০) | (১৭.৩২) | (১০১.৭৬) |
| ৪ | সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) করের পরে (ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারন আইটেমের পরে) | (১০৩.২৫) | (১৭.৬৭) | (১০৩.৪৫) |
| ৫ | সময়ের জন্য মোট বিস্তৃত আয় / (ক্ষতি) [সময়ের জন্য লাভ/ক্ষতি (কর পরবর্তী) এবং অন্যান্য বিস্তৃত আয় (কর পরবর্তী) অন্তর্ভুক্ত] | (৭৯.৯৯) | ৫.৫৯ | (১০৮.৩৬) |
| ৬ | ইক্যুইটি শেয়ার ক্যাপিটাল (ফেস ভ্যালু প্রতিটি ১০ টাকা) | ১,২৯৬.৮১ | ১,২৯৬.৮১ | ১,১৭৫.০০ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি শেয়ার (Ind AS অনুসারে) | ২২৫.৮০ | ২২৫.৮০ | ১৩৪.৯৪ |
| ৮ | প্রতি শেয়ার থেকে আয় (প্রতিটি ১০ টাকা) | | | |
| | ১. মৌলিক | (০.৮৮) | (০.১৫) | (০.৮৮) |
| | ২. মিশ্র | (০.৮৩) | (০.১৪) | (০.৮৮) |

মন্তব্যঃ
ক) উপরোক্ত তথ্যটি এসইবিআই (তালিকাভুক্তি এবং অন্যান্য প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ এর ৩৩ নং প্রবিধানের অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি উদ্ধৃতি। অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটঃ www.bseindia.com. / www.nseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট http://norbentea.com/pdf/sqfr_mar_2025.pdf-এ পাওয়া যাবে।
খ) উপরোক্ত নিরীক্ষিত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ২৮ মে, ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে।

স্বা/-
(মনোজ কুমার দাগা)
চেয়ারম্যান
ডিআইএনঃ ০০১২৩৩৮৬

তারিখঃ ২৮ মে, ২০২৫
স্থানঃ কলকাতা

**দ্য রামেশ্বর জুট মিলস লিমিটেড**
সিআইএনঃ এল১৭১১০ডব্লুবি১৯৩৫পিএলসি০৪৬১১১
রেজি. অফিসঃ ৯/১, আর. এন. মুখার্জী রোড, কলকাতা-৭০০০০১
টেলিফোন নং.ঃ ০৩৩-২২৬২ ৪৪১৩ (এক্সটেনশন ৮৬০)
ই-মেলঃ rjm.ho@rjm.co.in, ওয়েবসাইটঃ www.rameshwarajute.com

**৩১.০৩.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণীর সংক্ষিপ্তসার ২৮.০৫.২০২৫ তারিখে পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত**

(টাকা লক্ষে)

| ক্রম. নং. | বিবরণ | তিন মাস সমাপ্তি ৩১.০৩.২০২৫ | আগের তিন মাস সমাপ্তি ৩১.১২.২০২৪ | পূর্ববর্তী বছরের শেষ তিন মাস ৩১.০৩.২০২৪ | পূর্ববর্তী বছরের শেষ নয় মাস ৩১.০৩.২০২৫ | পূর্ববর্তী সময়ের জন্য বছর থেকে তারিখ পরিসংখ্যান শেষ ৩১.০৩.২০২৪ |
|---|---|---|---|---|---|---|
| | | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (পরীক্ষিত) | (পরীক্ষিত) |
| ১ | অপারেশন থেকে মোট আয় (নেট) | ৫.৯০ | ১৩.১৫ | ১০.৮৫ | ৩৮.২৩ | ৩২.০৩ |
| ২ | সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অতি-সাধারণ আইটেমের আগে) | (৭৭.২১) | (৪৮.০৫) | (৬৯.৪২) | (২৩৬.২৬) | (৩০৮.০০) |
| ৩ | সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং/অথবা অতি-সাধারণ আইটেমের পরে) | (৭৭.২১) | (৪৮.০৫) | (৬৯.৪২) | (২৩৬.২৬) | (৩০৮.০০) |
| ৪ | সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) করের পরে, (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারন আইটেমের পরে) | (৩.১১) | (৪৮.০৫) | (৪২.৩০) | (১৬২.১৬) | (২৮০.৮৮) |
| ৫ | সময়ের জন্য মোট ব্যাপক আয়/(ক্ষতি) {(কর পরে) এবং অন্যান্য সময়ের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত ব্যাপক আয় (কর পরে)} | ১,১৭৮.৫৩ | (৭৮.৩০) | (৩০.৫৮) | ১,৩৮৭.৫৭ | (৩৪.৫৭) |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ |
| ৭ | রিজার্ভ (আগের বছরের ব্যালেন্স শীটে দেখানো পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | - | - | - | ৯,৫১৩.৯৬ | ৮,১২৬.৩৯ |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০ টাকা প্রতিটি) (বার্ষিক নয়) | | | | | |
| | ক) মূল | (১.১৮) | (১৮.০৬) | (১৫.৯০) | (৬০.৯৫) | (১০৫.৫৭) |
| | খ) মিশ্র | (১.১৮) | (১৮.০৬) | (১৫.৯০) | (৬০.৯৫) | (১০৫.৫৭) |

মন্তব্যঃ
ক) উপরোক্তটি SEBI (তালিকাবদ্ধ বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ এর ৩৩ নং রেগুলেশনের অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের একটি উদ্ধৃতি। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট কলকাতা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com এবং কোম্পানির ওয়েবসাইট ঃ http://firameshwarajute.com/quartarly_results.php এ পাওয়া যাবে। নীচে প্রদত্ত QR কোড স্ক্যান করেও এটি অ্যাক্সেস করা যেতে পারে।
খ) কোম্পানি (ভারতীয় অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড) নিয়ম, ২০১৫ অনুসারে ৩১.০৩.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতিতে কোনও ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম সমন্বয় করা হয়নি।

দ্য রামেশ্বর জুট মিল লিমিটেড-এর পক্ষে
স্বা/-
আর. পি. পানসারি
(চেয়ারম্যান)
ডিআইএন - ০০৮৬৯২২২

স্থানঃ কলকাতা
তারিখঃ ২৮.০৫.২০২৫

**BEFOUND MOVEMENT LIMITED**
**(Formerly known as Regency Trust Limited)**
**Reg. Office:** Unit 5B, Level 5, RDB Boulevard, Plot K1, Sector V, Block EP & GP, Salt Lake City, Bidhan Nagar CK Market, Salt lake, Kolkata - 700 091.
**CIN :** L27109WB1988PLC045119 | **Website :** www.regencytrust.co.in | **Email ID :** rtltd2011@gmail.com

**EXTRACT OF AUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED MARCH 31, 2025**

Rs. (In Lakhs)

| Sr. No. | Particulars | Quarter ended | | | Year ended | |
|---|---|---|---|---|---|---|
| | | 31-Mar-25 (Audited) | 31-Dec-24 (Unaudited) | 31-Mar-24 (Audited) | 31-Mar-25 (Audited) | 31-Mar-24 (Audited) |
| 1 | Total Revenue from Operations | 125.00 | 5.00 | 57.00 | 145.00 | 123.00 |
| 2 | Net Profit / (Loss) for the period before Tax (before Exceptional and/or Extraordinary items) | 49.42 | -7.58 | 3.75 | 3.46 | 5.59 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items) | 49.42 | -7.58 | 3.75 | 3.46 | 5.59 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | 50.91 | -7.58 | 1.99 | 3.25 | 3.94 |
| 5 | Total Comprehensive Income for the period (after tax) | 50.91 | -7.58 | 1.99 | 3.25 | 3.94 |
| 6 | Equity Share Capital (Face Value of Re. 1/- each) | 100.00 | 100.00 | 100.00 | 100.00 | 100.00 |
| 7 | Reserves (excluding revaluation reserve) as shown in the audited Balance Sheet of the previous year) | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| 8 | Earning per share | | | | | |
| | 1. Basic : | 0.51 | -0.08 | 0.04 | 0.03 | 0.06 |
| | 2. Diluted : | 0.51 | -0.08 | 0.04 | 0.03 | 0.06 |

**Notes :**
a The above Results have been reviewed by the Audit Committee and taken on Record by the Board of Directors at its meeting held today.
b The Segment - wise details are not applicable to the Company as the Company has only one segments.
c Previous period's figures have been reclassified / regrouped, wherever necessary.

For Befound Movement Limited
(Formerly known as Regency Trust Limited)
Sd/-
Rajesh Kapoor
Managing Director
DIN: 02757121

Date : May 28, 2025
Place : Mumbai

## ফ্যাশন ও রূপ চর্চা

# পাকা আম খেলেই বাড়ছে ব্রণ? সত্যিটা জানলে চমকে যাবেন

গরমে যেন কিছু খেতেই ইচ্ছা করে না অনেকের। তা সত্ত্বেও আম খেতে ভালোবাসেন প্রায় সকলেই। আট থেকে আশি ফলের রাজার প্রেমে পড়েছেন সকলেই। তবে আম খাওয়ার নাকি বেশ কিছু বিপদও আছে। রসাল এই হলুদ ফলই নাকি ডেকে আছে ত্বকের ক্ষতি। অনেকেই মনে করেন, আম খেলে বাড়ে ব্রণ। তবে বিশেষজ্ঞদের দাবি, একথা নাকি পুরোপুরি সত্যি নয়। কেন তা ব্যাখ্যাও করেছেন বিশেষজ্ঞরা। ভালো ফলন, পোকামাকড়ের হাত থেকে রক্ষার জন্য আমে অনেক সময় কৃষকরা রাসায়নিক স্প্রে করেন। তাই বাজার থেকে কিনে আনার পর অবশ্যই ভালো করে আম ধুয়ে নিতে হবে। না হলে আমের গায়ে লেগে থাকা রাসায়নিক থেকে ত্বকের চরম ক্ষতি করতে পারে। তাই অবশ্যই আম খাওয়ার আগে বেশ কিছুক্ষণ মুখ কেটে জলে ডুবিয়ে রাখুন। তারপর খান।

তবে শুধু যে আম ত্বকের ক্ষতি করে তা নয়। বিশেষজ্ঞদের একাংশের মতে, আম খাওয়ার ফলে ত্বক আরও উজ্জ্বলও হয়। আম অ্যান্টি অক্সিডেন্ট সমৃদ্ধ। তাই আম খেলে ত্বককে জীবাণু সংক্রমণ থেকে দূরে রাখা সম্ভব।

আমে রয়েছে ভিটামিন এ। যা ত্বকের লাবণ্য বাড়ায়। ভিটামিন সি সমৃদ্ধ আম ত্বকে কোলাজেন প্রস্তুতে সাহায্য করে। সূর্যের অতিবেগুনি রশ্মির ক্ষতিকারক প্রভাব থেকে ত্বককে রক্ষা করতে সাহায্য করে আম। এছাড়া কোষ্ঠকাঠিন্যের সমস্যা দূর করে আম। আর কোষ্ঠকাঠিন্যের সমস্যা দূর হলে স্বাভাবিকভাবে ত্বকে ঔজ্জ্বল্য ফিরবে। হবে আরও সুন্দর, ঝকঝকে। তাই গ্রীষ্মের খাদ্যতালিকায় আম রাখতেই পারেন। তবে অবশ্যই আম খাওয়ার আগে ভালো করে ধুয়ে নিতে ভুলবেন না।

# চুলের স্বাস্থ্যোন্নতিতেও করলার গুণ অনেক, জানলে চমকে যাবেন

প্রচন্ড গরম। তাই এই সময়ে খাদ্যতালিকায় প্রায় সকলেরই উচ্ছে, করলা আছেই। কারণ, এই তেতো দুই সবজির খাদ্যগুণ কম নয়। তবে জানেন কি, চুলের স্বাস্থ্যোন্নতিতেও উচ্ছে, করলার জুড়ি মেলা ভার। কারণ, উচ্ছে, করলার মতো তেতো সবজিতে ভিটামিন এ, বি, সি এবং অ্যান্টি অক্সিডেন্ট থাকে। যা চুলের গোড়াকে আরও শক্তপোক্ত করে। চুল পড়া কমায়। আবার চুলের দ্রুত বৃদ্ধিতেও সাহায্য করে। এ তো না হয় গেল উপকারিতার কথা। উচ্ছে, করলা কীভাবে ব্যবহার করলে চুলের স্বাস্থ্যোন্নতিতে কাজে লাগবে? জেনে নিন-

উপকরণঃ উচ্ছে কিংবা করলা (চুলের মাপ অনুযায়ী), জল, নুন।

প্রণালীঃ উচ্ছে কিংবা করলা ভালো করে ধুয়ে নিন। পিছন এবং সামনের দিক কেটে নিন। ভিতর থেকে বীজ বের করে ফেলে দিন। এবার গায়ের উপরের শক্ত অংশ কেটে ফেলে দিন। ছোট ছোট করে কেটে নিন সেগুলি। এবার ব্লেন্ডারে দিয়ে পেস্ট তৈরি করে নিন। ঝাঁকনিতে ঢেলে রস চেপে বের করে নিন। তাতে সামান্য নুন মেশান। ভালো করে ওই রস চুলের গোড়ায় লাগান। বেশ কিছুক্ষণ মাসাজ করুন। তাতে মাথায় ত্বকে রক্ত সঞ্চালন ভালো হবে। তার ফলে চুল পড়ার সমস্যা কমবে।

পেস্টটি এবার বাকি চুলে মেখে নিন। আধঘণ্টা এভাবেই রাখুন। শুকিয়ে গেলে প্রথমে জল দিয়ে ভালো করে ধুয়ে নিন। সবশেষে শ্যাম্পুও করে নিতে পারেন। এই পদ্ধতিতেই কমবে চুল পড়ার সমস্যা। অল্প দিনেই ঝলমলে হবে চুল। নরমও হবে। সপ্তাহে কমপক্ষে তিনবার করলা কিংবা উচ্ছের হেয়ার প্যাক ব্যবহার করতে পারেন। তাতেই পাবেন উপকার।

# ভাতের মাড় ত্বক ও চুলের জন্য এত উপকারী, জানতেন?

উজ্জ্বল ত্বক ও স্বাস্থ্যকর চুল পেতে কে না চায়! এই দুই ক্ষেত্রে উন্নতিতে ভাতের মাড়ের আছে দারুণ কার্যকর। এক হাজার বছর আগে জাপানে সৌন্দর্য চর্চায় চাল ধোয়া জল ও ভাতের মাড় ব্যবহৃত হতো। সময়ের সঙ্গে তা বিশ্বব্যাপী পরিচিতি পায়। আর এটি এমনই এক রূপচর্চার উপাদান, যা আপনি খুব সহজে, প্রায় বিনা খরচে বাড়িতে তৈরি করে নিতে পারেন।

কীভাবে বানাবেনঃ তিনভাবে 'রাইস ওয়াটার' বা চাল ধোয়া জল বানাতে পারেন। ১. আধা কাপ চাল দুই কাপ জলে ৩০ মিনিটের মতো ভিজিয়ে রাখুন। ২. ৩০ মিনিট ভিজিয়ে রাখা চালের জল ২৪-৪৮ ঘণ্টা ঘরে রেখে ফার্মেন্টেড করেও ব্যবহার করতে পারেন। যখনই গন্ধ বের হবে, বুঝবেন, এখন এটা ব্যবহারের জন্য প্রস্তুত। এই জল একটা স্প্রে বোতলে রেখে সংরক্ষণ করতে পারেন। ৩. এটা তো সবার জানা, চাল সেদ্ধ করার পর অতিরিক্ত যে জল ফেলে দেওয়া হয়, সেটিই ভাতের মাড়। আরে এই ভাতের মাড় একটা পাত্রে নিয়ে ঠান্ডা করে ফ্রিজে রেখে ব্যবহার করতে পারেন।

ত্বকের যত্নেঃ

১. ত্বক উজ্জ্বল করেঃ চাল ধোয়া জল বা ভাতের মাড়ে আছে ভিটামিন বি, সি ও ই, যা ত্বকের কালো দাগ কমিয়ে ত্বক উজ্জ্বল করে।

২. অ্যান্টি-এজিং ঃ চাল ধোয়া জল বা ভাতের মাড় অ্যান্টি-অক্সিডেন্ট সমৃদ্ধ, যা ফ্রি-র্যাডিকেলের বিরুদ্ধে যুদ্ধ করে। আর ত্বক সজীব রাখতে সহায়তা করে।

৩. প্রাকৃতিক ময়েশ্চারাইজারঃ চাল ধোয়া জল বা ভাতের মাড় ত্বক কোমল করে, পুষ্টি জোগায়।

৪. অ্যান্টি-ইনফ্ল্যামেটরি গুণ ঃ ত্বকে র‍্যাশ বা লাল লাল ভাব, ফুলে ওঠার বিরুদ্ধে কাজ করে। ত্বকের অতিরিক্ত তেল শোষণ করে ও ওপরের স্তর পরিষ্কার রেখে ব্রণ রুখে দিতেও সহায়ক।

কীভাবে ব্যবহার করবেন-

টোনার হিসেবে ঃ মুখ ভালো করে ধুয়েমুছে নিন। এবার চাল ধোয়া জল বা ভাতের মাড় তুলায় লাগিয়ে তা মুখের সবখানে লাগান।

ফেস মাস্ক ঃ চাল ধোয়া জল বা ভাতের মাড়ের সঙ্গে চালের গুঁড়া মিশিয়ে পেস্ট বানিয়ে মুখে ব্যবহার করুন। শুকিয়ে এলে ধুয়ে ফেলুন।

ক্লিনজার ঃ ফেসওয়াশের বদলেও ব্যবহার করতে পারেন। ভাতের মাড় দিয়ে মুখে ম্যাসাজ করুন। তারপর ধুয়ে ফেলুন।

চুলের যত্নে- চালের জল বা ভাতের মাড়ে আছে অ্যামিনো অ্যাসিড, যা চুল শক্তিশালী করে।

ত্বকের যত্নে ঃ

১. চুল হয় শক্তিশালী ঃ চালের জল বা ভাতের মাড়ে আছে অ্যামিনো অ্যাসিড, যা চুল শক্তিশালী করে। চুলের ভাঙন রোধ করে।

২. ঝলমলে ও সিল্কি ঃ চুল ঝলমলে ও সিল্কি করতে সাহায্য করে।

৩. নতুন চুল গজায়ঃ ফার্মেন্টেড চালের জলে 'ইনোসিটল' নামের একপ্রকার কার্বোহাইড্রেট থাকে। এটি নতুন করে চুল গজাতে ও চুলের বৃদ্ধির জন্য সহায়ক।

# ইটানগরের হিমালয়ান বিশ্ববিদ্যালয় কর্তৃক ডঃ অচ্যুত সামন্তকে ৬৭তম সম্মানসূচক ডক্টরেট প্রদান

ভুবনেশ্বর, ২৮ মেঃ প্রখ্যাত সমাজসেবক, শিক্ষাবিদ এবং KIIT এবং KISS-এর প্রতিষ্ঠাতা, ডঃ অচ্যুত সামন্তকে অরুণাচল প্রদেশের ইটানগরের হিমালয়ান বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডক্টর অফ লিটারেচার (ডি. লিট.) ডিগ্রি (অনরিস কাউসা) প্রদান করা হয়। আজ অনুষ্ঠিত গ্র্যান্ড সমাবর্তন অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে তাকে এই মর্যাদাপূর্ণ সম্মান প্রদান করা হয়। হিমালয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং পরিচালনা পর্ষদ সর্বসম্মতিক্রমে ডঃ সামন্তকে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ সম্মানসূচক ডিগ্রি প্রদানের সুপারিশ এবং সিদ্ধান্ত গ্রহণ করেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা, গ্রামীণ পূর্ত, সংসদীয় বিষয়ক, পর্যটন ও গ্রন্থাগার মন্ত্রী পাসাং দর্জি সোনা বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান হেমন্ত গোয়েল উপাচার্য অধ্যাপক (ড.) প্রকাশ দিবাকরণ সহ দেশব্যাপী বিশিষ্ট ব্যক্তিবর্গ, পণ্ডিত এবং শিক্ষার্থীরা।

# উত্তর-পূর্ব রেলওয়ের পর্যালোচনা সভা

গোরখপুর, ২৮ মে ঃ ২৬ মে, ২০২৫ তারিখে গোরখপুরের বাণিজ্যিক বিভাগে প্রিন্সিপাল চিফ কমার্শিয়াল ম্যানেজার শ্রী প্রকাশ চন্দ্র জয়সও?ালের সভাপতিত্বে লখনউ, ইজ্জতনগর এবং বারাণসী ডিভিশনের সিনিয়র কমার্শিয়াল ম্যানেজার এবং সদর দপ্তরের বাণিজ্যিক বিভাগের কর্মকর্তাদের সাথে গ্রীষ্মকালে যাত্রীদের সুবিধার্থে, টিকিটবিহীন ভ্রমণ রোধ এবং রেলওয়ের রাজস্ব বৃদ্ধির বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রেখে, প্রিন্সিপাল চিফ কমার্শিয়াল ম্যানেজার শ্রী প্রকাশ চন্দ্র জয়সওয়াল বলেন যে গ্রীষ্মকালে যাত্রীদের অতিরিক্ত ভিড় নিয়ন্ত্রণের জন্য একটি কর্ম পরিকল্পনা তৈরি করা উচিত এবং এর উপর কার্যকর কাজ করা উচিত। তিনি যাত্রীদের জন্য স্টেশনগুলিতে পর্যাপ্ত পানীয় জলের প্রাপ্যতা নিশ্চিত করার নির্দেশ দেন। শ্রী জয়সওয়াল স্টেশনগুলিতে পর্যাপ্ত টিকিট কাউন্টার পরিচালনা, এটিএম (স্বয়ংক্রিয় টিকিট ভেন্ডিং) মেশিনের সুষ্ঠু পরিচালনা এবং ইউটিএস মোবাইল অ্যাপের ব্যাপক প্রচারের উপর জোর দেন। প্রিন্সিপাল চিফ কমার্শিয়াল ম্যানেজার বাণিজ্যিক কর্মকর্তাদের স্টেশনগুলিতে প্রতিবন্ধীদের জন্য উপলব্ধ সুযোগ-সুবিধা পর্যালোচনা এবং ত্রুটিগুলি দূর করার নির্দেশ দেন। তিনি বলেন, উত্তর-পূর্ব রেলওয়েতে ডিজিটাল পেমেন্টের মাধ্যমে পেমেন্ট গ্রহণ করা উচিত এবং অতিরিক্ত ভিড়ের ক্ষেত্রে, মোবাইল ইউটিএস মেশিনের মাধ্যমে টিকিট বিক্রি করা উচিত। টিকিট ছাড়া ভ্রমণ রোধ করার জন্য স্টেশন, ট্রেন এবং রেল বিভাগে নিয়মিত নিবিড় টিকিট চেকিং, বাস রেইড চেকিং ইত্যাদি পরিচালনা করার নির্দেশ দেন শ্রী জয়সওয়াল। সভায় প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপকযাত্রী পরিষেবা শ্রী বিজয় কুমার, উপ-প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপকমালবাহী শ্রী সুমিত কুমার, উপ-প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপকযাত্রী পরিষেবা শ্রী অমিত কুমার শ্রীবাস্তব, সিনিয়র বিভাগীয় বাণিজ্যিক ব্যবস্থাপক ইজ্জতনগর শ্রী সঞ্জীব শর্মা, সিনিয়র বিভাগীয় বাণিজ্যিক ব্যবস্থাপকলখনৌ শ্রী আশুতোষ গুপ্ত, সিনিয়র বিভাগীয় বাণিজ্যিক ব্যবস্থাপক বারাণসী শ্রী শেখ রেহমান, সিনিয়র বাণিজ্যিক ব্যবস্থাপক টিকিট চেকিং শ্রী পবন কুমার মিশ্র, সিনিয়র বাণিজ্যিক ব্যবস্থাপক জেনারেল শ্রী প্রশান্ত কুমার, সহকারী বাণিজ্যিক ব্যবস্থাপক যাত্রী পরিষেবা শ্রী অলোক কুমার শ্রীবাস্তব, সহকারী বাণিজ্যিক ব্যবস্থাপক আদালত শ্রী অমরেশ্বর নিধন ত্রিপাঠী, সচিব প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক শ্রী রাজশেখর মিশ্র, সহকারী বাণিজ্যিক ব্যবস্থাপক সদর দপ্তর শ্রী জিতেন্দ্র কুমার সিং এবং সহকারী বাণিজ্যিক ব্যবস্থাপক যাত্রী পরিষেবা ও ক্যাটারিং শ্রী প্রশান্ত মিশ্র উপস্থিত ছিলেন। প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক যাত্রী পরিষেবা শ্রী বিজয় কুমার কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# পঞ্চকুলায় একই পরিবারের ৭ জনের রহস্য-মৃত্যু, তদন্তে পুলিশ

পঞ্চকুলা, ২৮ মে ঃ রোমহর্ষক এক ঘটনা ঘটলো হরিয়ানার পঞ্চকুলায়। দেহরাদূনের বাসিন্দা একই পরিবারের ৭ সদস্যের দেহ উদ্ধার হল একটি গাড়ি থেকে। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, তাঁরা আত্মঘাতী হয়েছেন। সোমবার মধ্যরাতে পঞ্চকুলার ২৭ নম্বর সেক্টরে দাঁড়িয়ে থাকা একটি গাড়ি থেকে ৭ জনের নিথর দেহ উদ্ধার হয়েছে। পুলিশ জানিয়েছে, একটি বাড়ির সামনের রাস্তায় দাঁড়িয়ে ছিল গাড়িটি, সেই গাড়ির ভিতর থেকে ৭ জনের দেহ উদ্ধার হয়। প্রাথমিক তদন্তে পরিবারের আত্মহত্যার বিষয়টি জোরালোভাবে অনুমান করা হচ্ছে। পুলিশ জানিয়েছে, ঋণ পরিশোধ না করার কারণেই এই মর্মান্তিক ঘটনা ঘটেছে। সূত্র অনুসারে, দেহরাদূনের বাসিন্দা প্রবীণ মিত্তল সোমবার তাঁর পরিবারের সঙ্গে বাগেশ্বর ধামে আয়োজিত হনুমান কথা অনুষ্ঠানে যোগ দিতে পঞ্চকুলায় এসেছিলেন। অনুষ্ঠান শেষ হওয়ার পর, তাঁরা দেহরাদূনে ফিরে যাওয়ার সময় আত্মহত্যার মতো কঠোর পদক্ষেপ নেন বলে মনে করা হচ্ছে। নিহতদের পরিচয় জানা গেছে, ৪২ বছর বয়সী প্রবীণ মিত্তল, যিনি দেহরাদূনের বাসিন্দা, তাঁর বাবা-মা, স্ত্রী এবং তাঁদের তিন সন্তান - দুই মেয়ে এবং এক ছেলে। পঞ্চকুলার ডিসিপি হিমাদ্রি কৌশিক বলেন, আমরা খবর পেয়েছি, ৬ জনকে ওজস হাসপাতালে আনা হয়। আমরা যখন পৌঁছই, তখন জানতে পারি যে তারা সবাই মৃত। আরেকজনকে সেক্টর ৬-এর সিভিল হাসপাতালে আনা হয়েছিল তাকেও মৃত ঘোষণা করা হয়েছে। প্রাথমিকভাবে মনে হচ্ছে এটি আত্মহত্যার ঘটনা। নিহতরা সকলেই একই পরিবারের সদস্য।

## ওমনি হোল্ডিংস লিমিটেড

রেজিঃ অফিসঃ ১৮, নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০০০১

সিনঃ এল৫১১০০ডব্লুবি১৯৭৯পিএলসি৩২৩৭৬ ফোনঃ ২২৩০৯০৯৫, ই-মেইলঃ omniko11979gmail.com

**৩১শে মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং আর্থিক বছরের জন্য স্বতন্ত্র নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতি**

(০০. টাকা।)

| ক্রম নং | বিবরণ | তিন মাস শেষ | | | শেষ বছর | শেষ বছর |
|---|---|---|---|---|---|---|
| | | ৩১.০৩.২০২৫ | ৩১.০৩.২০২৪ | ৩১.১২.২০২৪ | ৩১.০৩.২০২৫ | ৩১.০৩.২০২৪ |
| | | নিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত | নিরীক্ষিত |
| ১. | কার্যক্রম থেকে মোট আয় | ৭৮৩৭.৪০ | ১৫৩১০.৬০ | ০ | ৭,৮৩৭.৪০ | ১৫৩১০.৬০ |
| ২. | করপূর্ববর্তী সময়ের জন্য নিট লাভ(ক্ষতি) (ব্যতিক্রমীআইটেম এবং অসাধারণ আইটেম) | ৬,৩৯৭.৯২ | ১১,৯৩৮.৯৯ | -৩৬৭.০১ | ৬,২৩১.০৮ | ১১,৬১৫.৯২ |
| ৩. | করের পূর্ববর্তী সময়ের জন্য নিট লাভ (ক্ষতি)(ব্যতিক্রমী আইটেম এবং অথবা অসাধারণ আইটেমের পরে) | ৬,৩৯৭.৯২ | ১১,৯৩৮.৯৯ | -৩৬৭.০১ | ৬,২৩১.০৮ | ১১,৬১৫.৯২ |
| ৪. | করের পরবর্তী সময়ের জন্য নিট লাভ (ক্ষতি)(ব্যতিক্রমী আইটেম এবং অথবা অসাধারণ আইটেমের পরে) | ৫,৪২৫.৯২ | ১০,০৮৩.০৪ | -৩৬৭.০১ | ৫,২৪১.৩৭ | ৯,৭৫৯.৯৭ |
| ৫. | এই সময়ের জন্য মোট বিস্তৃত আযএই সময়ের জন্য লাভ (ক্ষতি)(করের পরে) এবং অন্যান্য বিস্তৃত আয(করের পরে) | ৯,৪৯৯.৯৪ | ৫২,৭১৩.৫০ | -৪৭,১৪৮.৬২ | ২৫০,৩৮৫.১৬ | ৩৪১,৪০৪.৫৭ |
| ৬. | ইকুইটি শেয়ার মূলধন | ২৪০,০০০ | ২৪০,০০০ | ২৪০,০০০ | ২৪০,০০০ | ২৪০,০০০ |
| ৭. | পূর্ববর্তী বছরের ব্যালেন্স শিটে দেখানো পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে রিজার্ভ | ২,২৭৭,৫৫০.৮১ | ২,০২৭,৬৪৫.৬৫ | ২,০২৭,৬৪৫.৬৫ | ২,২৭৭,৫৫০.৮১ | ২,০২৭,৬৪৫.৬৫ |
| ৮. | প্রতি শেয়ারে আয় '১ /- (চলমান এবং বন্ধ কার্যক্রমের জন্য) | ০.৭৬ | | | | |
| | (ক) মৌলিক | ২.৬৩ | ৪.১৯ | -০.১৫ | ২.১৮ | ৪.০৭ |
| | (খ) পাতলা | ২.৬৩ | ৪.১৯ | -০.১৫ | ২.১৮ | ৪.০৭ |

দ্রষ্টব্যঃ (ক) উপরেরটি সেবি(তালিকাভুক্তি এবং অন্যান্য প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ এর ৩৩ নং প্রবিধানের অধীনে স্টক এক্সচেঞ্জের সাথে পালিয়ে যাওয়া নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি উদ্ধৃতি। বিস্তারিত আর্থিক ফলাফল এবং এই উদ্ধৃতিটি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ২৮শে মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত তাদের পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে। নিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস কলকাতা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.csindia.com) পাওয়া যাচ্ছে।

বোর্ডের আদেশক্রমে
সাক্ষর /-
অরুণ কুমার লোহিয়া
ব্যবস্থাপনা পরিচালক
ডিআইএনঃ০০৬১৩১১৪

স্থানঃ কলকাতা
তারিখঃ ২৮.০৫.২০২৫

# সালার থেকে মহাকাশে- মুর্শিদাবাদের গর্ব মোঃ মামতাজুল হাসানে

এজাজ আহম্মেদ, সালার, ২৮ মে ঃ মুর্শিদাবাদের সালারের সন্তান মোঃ মামতাজুল হাসান। এক মধ্যবিত্ত পরিবারে জন্ম, প্রতিকূলতা ছিল সঙ্গী, তবুও থেমে যাননি। অদম্য ইচ্ছাশক্তি, কঠোর পরিশ্রম এবং অধ্যবসায়ের মাধ্যমে আজ তিনি পৌঁছে গেলেন দেশের অন্যতম গর্বই, ইসরো-তে, একজন স্পেস ইঞ্জিনিয়ার হিসেবে। প্রযুক্তি শিক্ষায় নিজেকে গড়ে তুলে মামতাজুল প্রমাণ করলেন-স্বপ্ন যদি বড় হয়, সাহস থাকলে সালারের মাটিতেও জন্ম হতে পারে মহাকাশবিজয়ের যাত্রার। অদম্য ইচ্ছাশক্তি, কঠোর পরিশ্রম এবং দুরন্ত অধ্যাবসায়ের মাধ্যমে এযেন অসাধ্য সাধন করেছেন মুর্শিদাবাদের সালারের মহম্মদ মামতাজুল হাসান। ছোট থেকে এই কৃতী লেখাপড়ায় অত্যন্ত মেধাবী ছিলেন। এই মেধাবী ছাত্রই ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো-য় একজন স্পেস ইঞ্জিনিয়ার হিসেবে চাকরি পেয়েছেন। চলতি মাসের ৫ তারিখেই তাঁর কাছে এসে পৌঁছেছে অ্যাপয়নমেন্ট লেটার। মামতাজুলের বাবা মহম্মদ আজগর আলি সালারের রেজিস্ট্রি অফিসে কপি রাইটার। ছেলের এমন সাফল্যে স্বভাবতই উচ্ছ্বসিত বাবা। সাংবাদিকদের মুখোমুখি হয়ে মহম্মদ আজগর আলি এদিন বলেন, খবরটা শোনার পরেই চোখে জল এসে গিয়েছিল। পড়াশোনার প্রতি ওঁর নেশা ছোট থেকেই ছিল। আমরা সবাই সাধ্যমতো ওর পাশে থাকার চেষ্টা করে গিয়েছি। আগামীদিনে প্রতিষ্ঠিত হয়ে ছেলে যেন এলাকার মানুষের জন্য কিছু ভাবে এবং সমাজের উন্নয়নে কাজ করে। এটাই আমি চাইব। মামতাজুল হাসানের মা একটি স্কুলের প্যারাটিচার। তিনিও ছেলের এই নজরকাড়া সাফল্যে আনন্দে উচ্ছ্বসিত। নিজের এই দুরন্ত সাফল্য প্রসঙ্গে মামতাজুল হাসান বলেন, এটা কোনওদিন ভাবিনি। এই মাসের ৫ তারিখ আমি অ্যাপয়নয়মেন্ট লেটার পেয়েছি। অনুভূতিটি ঠিক কী তা মুখে বলে প্রকাশ করতে পারব না। পরিশ্রমের কোনও বিকল্প নেই। লক্ষ্য স্থির রেখে পরিশ্রম করলেই সফলতা আসবে। আমি প্রথমে বেসরকারি সংস্থায় চাকরি করতাম। সরকারি চাকরির পরীক্ষাতেও বসতাম। অনেকগুলি সরকারি চাকরির পরীক্ষা দিয়েছি। তার মধ্যে এটায় হয়ে গেল। আমিও যখন এই চাকরির কথা জানলাম, অবাক হয়ে গিয়েছিলাম। সালারের ছেলে আজ গোটা জেলার গর্ব! মুর্শিদাবাদের সালারের কৃতী সন্তান মহম্মদ মামতাজুল হাসান যেন এক ইতিহাস রচনা করেছেন। মেধাবী এই ছাত্রের জন্য আজ গোটা মুর্শিদাবাদের বুক চওড়া। গর্বে আপ্লুত বাবা-মাও থেকে মুর্শিদাবাদবাসী।

# প্রস্তুত ৪৪ জন বিধায়ক

ইমফল, ২৮ মে ঃ রাষ্ট্রপতি-শাসিত মণিপুরে নতুন সরকার গঠনের জন্য প্রস্তুত ৪৪ জন বিধায়ক। সরকার গঠনের দাবি নিয়ে আজ বুধবার নয় বিধায়ককে সঙ্গে নিয়ে তিনি রাজভবনে গিয়ে রাজ্যপাল অজয়কুমার ভাল্লার সঙ্গে দেখা করেছেন, জানিয়েছেন বিজেপি নেতা (বিধায়ক) থোকচোম রাধেশ্যাম সিং। রাজভবনে রাজ্যপালের সঙ্গে দেখা করে বাইরে এসে এই বিবৃতি দিয়েছেন রাধেশ্যাম। থোকচোম রাধেশ্যাম বলেন ' ইচ্ছা অনুযায়ী সরকার গঠনের জন্য ৪৪ জন বিধায়ক প্রস্তুত। আমরা রাজ্যপালকে এই বিষয়টি জানিয়েছি। চলমান সমস্যার সমাধান কী হতে পারে তা নিয়েও রাজ্যপালের সঙ্গে আমরা আলোচনা করেছি।' তিনি বলেন, ' রাজ্যপাল আমাদের সব বক্তব্য মন দিয়ে শুনেছেন। সব শুনে জনগণের সর্বোত্তম স্বার্থে ইতিবাচক পদক্ষেপ তিনি গ্রহণ করবেন বলে আমাদের আশ্বস্ত করেছেন।'

সরকার গঠনের দাবি জানাবেন কিনা জানতে চাইলে রাধেশ্যাম সিং বলেন, ' ব্যাপারে বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বই সিদ্ধান্ত নেবেন। আমরা আমাদের অবস্থান জানিয়েছি। জানিয়েছি, সরকার গঠনের জন্য আমরা প্রস্তুত। এখন বিষয়টি কেন্দ্রীয় নেতৃত্ব এবং রাজ্যপাল ভেবে দেখবেন।'

## SPANGLE MARKETING LIMITED

CIN: L51311WB1984PLC050209
Regd. Office :P-103, Princeep Street, 3rd Floor,Room No.24, Kolkata-700072 Email:parida.1995@rediffmail.com
Website : www.spanglemarketing.in
Phone: 033 2237 0373 / 5021

**STATEMENT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2025. IND-AS COMPLIANT**

(₹. in Lakhs)

| Sl No | Particulars | Quarter Ended 31.03.25 | Quarter Ended 31.12.24 | Quarter Ended 31.03.24 | Year Ended 31.03.25 | Year Ended 31.03.24 |
|---|---|---|---|---|---|---|
| | | Audited | Unaudited | Audited | Audited | Audited |
| 1 | Total income from operations | -56.92 | 2.14 | -4.71 | -5.29 | -2.89 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/ or Extraordinary items) | -61.06 | -2.70 | -9.05 | -21.21 | -16.09 |
| 3 | Net Profit / (Loss) for the period before Tax, (after Exceptional and/or Extraordinary items) | -61.06 | -2.70 | -9.05 | -21.21 | -16.09 |
| 4 | Net Profit/(Loss) for the period after tax (after Exceptional and/ or Extraordinary items) | -61.06 | -2.70 | -9.05 | -21.21 | -16.09 |
| 5 | Total Comprehensive income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | -61.06 | -2.70 | -9.05 | -21.21 | -16.09 |
| 6 | Equity Share Capital | 220.22 | 220.22 | 220.22 | -21.21 | 220.22 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year | 0.00 | 0.00 | 0.00 | 111.05 | 132.27 |
| 8 | Earning Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations)- | | | | | |
| | 1. Basic : | -0.277 | -0.012 | -0.041 | -0.096 | -0.073 |
| | 2. Diluted : | -0.277 | -0.012 | -0.041 | -0.096 | -0.073 |

Notes:
1. The above statement of Audited financial results for the quarter and year ended 31st March, 2025 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meeting held on 28th May, 2025
2. The statement of Audited financial results for the quarter and Year ended 31st March, 2025 have been prepared in compliance with the recognition and measurement principle laid down in the Indian Accounting Standard 34 " Interim Financial Reporting "("Ind AS 34") prescribed under section 133 of the Companies Act, 2013 required with relevant rules thereunder and other recognised accounting practices and policies generally accepted in india.
3. The statutory Auditor have carried out a "Limited Review Report" on the Audited financial results for the quarter and Year ended 31st March, 2025 in terms of Regulation 33 of the SEBI(Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. There are no qualifications in the report issued by the auditors.
4. The Company is engaged in Investment business (i.e. Financial Acitivity) and there is no separate reportable segment as per Ind AS 108.
5. Figure for the previous period have been regrouped/ rearranged whenever considered necessary to confirm to the current period presentation/ classification / disclosure.
6. The Financial Results of the Company are submitted to Metropolitan Stock Exchange of India Limited and are available on company's website at www.spanglemarketing.in
7. This statement is as per Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015
8. There is no Investor complaints received or pending as on quarter ending 31st March, 2025.

For and on behalf of the Board of Directors
For Spangle Marketing Limited

Sd/- (Palash Chandra Karmakar) Director DIN:06514584
Sd/- (S. K. Parida) WTD DIN:00062443
Sd/- Pradosh Ranjan Biswal CFO PAN: CSHPB5555Q
Sd/- Amit Kumar Giri Company Secretary M NO: A65846

Place : Kolkata
Date : 28.05.2025

# ভারতের হামলায় ধ্বংস পাক বায়ুসেনার ভূগর্ভস্থ অস্ত্রভাণ্ডার!

নয়াদিল্লি, ২৮ মে ঃ পাক বায়ুসেনার ভূগর্ভস্থ ঘাঁটিও গুঁড়িয়ে গিয়েছে ভারতের হামলায়! চাঞ্চল্যকর তথ্য উঠে এল সম্প্রতি প্রকাশ্যে আসা বেশ কয়েকটি উপগ্রহচিত্রে। দেখা যাচ্ছে, মুরিদকে বায়ুসেনা ঘাঁটির ভূগর্ভস্থ অস্ত্রভাণ্ডার থেকে মাত্র ৩০ মিটার দূরে বিরাট গর্ত হয়ে গিয়েছে। প্রায় তিন মিটার চওড়া গর্ত হয়েছে সেখানে। পহেলগাঁওয়ে জঙ্গি হামলার প্রত্যাঘাতে পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের ৯ জায়গায় হামলা চালিয়ে সন্ত্রাসবাদের আঁতুড়ঘর গুঁড়িয়ে দিয়েছিল ভারত। তার পাল্টা জম্মু থেকে গুজরাট পর্যন্ত লাগাতার ড্রোন হামলা চালায় পাকিস্তান। চেষ্টা চলে ভারতের সেনা ঘাঁটিতে আক্রমণের। পাকিস্তানের সব হামলা রুখে দেওয়ার পর আসিফ মুনিরকে শিক্ষা দিতে ১০ মে রাতে পাকিস্তানের বায়ুসেনা ঘাঁটিতে হামলা চালায় ভারত। ওই একরাতেই গুঁড়িয়ে দেওয়া হয় পাকিস্তানের ১১টি বায়ুসেনা ঘাঁটি। ওই স্ট্রাইকের পর এই প্রথমবার প্রকাশ্যে এল পাক বায়ুসেনার মুরিদ ঘাঁটির ছবি। মাক্সার টেকনোলজি নামে এক সংস্থা প্রকাশ করেছে এই উপগ্রহচিত্রগুলি। সেই ছবি পর্যালোচনা করে ড্যামিয়েন সাইমন নামে এক জিও-ইন্টেলিজেন্স গবেষকের মত, যেভাবে বিরাট এলাকাজুড়ে গর্ত তৈরি হয়েছে তাতে অনুমান করা যায় ওই অংশে ভূগর্ভস্থ পরিকাঠামো ছিল। সম্ভবত সেখানেই বায়ুসেনা ঘাঁটির কমান্ড এবং ড্রোন ব্যবহারের মতো বিষয়গুলি পরিচালিত হত। ওই ভূগর্ভস্থ পরিকাঠামো লক্ষ্য করে ভারত আক্রমণ শানিয়েছিল বলে অনুমান করা যেতে পারে।

### নাম পরিবর্তন

আমি Prasanta Kumar Dhut So Shibu Ram Dhut Vill P.O Manikpat থানা- আরামবাগ, জেলা- হুগলী W.B. স্থায়ী বাসিন্দা কিছু নথিতে ভুলবশত Prashanta kr. Dhut So SH SHIBU RAM DHUT নাম উল্লেখ আছে। গত ২৮৫২৫ তারিখে Arambagh court Ld. Executive Magistrate এভিডেভিট (SL no 7248) বলে Prasanta Kumar Dhut SO Shibu Ram Dhut এবং Prasanta Kumar Dhut So Shibu Ram Dhut এবং Sibaram Dhut Prashanta Kr Dhut So SH SHIBH RAM Dhut উভয়ই এক ও অভিন্ন ব্যক্তি হইল।

### নাম পরিবর্তন

আমি Sekh Alamgir SO Sekh Sajahan, Vill- Bahukhedail P.O Hayatpur, P.S Arambagh, Dist Hooghly, Pin-712412 আমার কন্যার জন্ম সার্টিফিকেটে ভুল বশত Shaikh Alamgir নাম উল্লেখ আছে। গত ২৮.০৫.২৫ এ আরামবাগ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটে এফিডেভিট (SL-NO 7246) বলে Sekh Alamgir and Shaikh Alamgir এক এবং আভিন্ন ব্যক্তি হইল।

### নাম পরিবর্তন

আমি Mousumi Medda Wo Prajesh Medda Do Lakshmikanta De বয়স ৪২ permanent resident of Tajpur Gram, Tajpur, থানা Kotulpur, জেলা-Bankura পিন-৭২২১৬১ presently residing at Benga, Dist-Hooghly পিন-৭১২৬১৫, আমার পিতার কিছু কাগজে ভুল বশত Laxmikanta Dey নাম উল্লেখ আছে। গত ২১০৫২৫ তারিখে বিষ্ণুপুর কোর্টে 1st Class জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এফিডেভিট (SL-NO 5379) বলে Lakshmikanta De Laxmikanta Dey উভয়েই এক ও অভিন্ন ব্যক্তি।

### Name Change

I, Shankhasubhra Dawn (Old Name) S/O– Subhasis Dawn resident of Vill- 11 Ramsundar Munsi Lane, Po-Khagra, Ps-Berhampore, Dist- Murshidabad, West Bengal, Pin-742103 do hereby decrale that I have changed my name from Shankhasubhra Dawn to Sankhasubhra Dawn and hencefort I shall be known as Sankhasubhra Dawn (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 28/05/2025. My name Sankhasubhra Dawn & Shankhasubhra Dawn both are same and one identical person.

### Name Change

I, Eyakub Sk (Old Name) S/O– Khodabax Sk resident of Vill- Baninathpur, Po-Sargachhi Ashram, Ps-Berhampore, Dist-murshidabad, West Bengal, Pin-742134, do hereby decrale that I have changed my name from Eyakub Sk to Yaqub Sk and hencefort I shall be known as Yaqub Sk (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 27/05/2025. My name Yaqub Sk & Eyakub Sk both are same and one identical person.

### Name Change

I, Mohammad Mustak Hossain (Old Name) S/O– Mohammad Manijul Hoque resident of Vill & Po- Amarpur, Ps- Rejinagar, Dist- Murshidabad, West Bengal, Pin- 742189, do hereby decrale that I have changed my name from Mohammad Mustak Hossain to Md Mustak Hossain and hencefort I shall be known as Md Mustak Hossain (new name) in all purpose, vide an affidavit sworn before the notary public Berhampore court on 27/05/2025. My name Md Mustak Hossain & Mohammad Mustak Hossain both are same and one identical person.

### Name Change

I RAJKRISHNA DAS S/O SMARAJIT DAS RESIDENT OF VILL-BAIKUNTHA SARAK TAL TALA PARA,P.O-SAKTINAGAR,PIN-741102,P.S-KOTWALI,DIST-NADIA.DO HEREBY DECLARE THAT I HAVE CHANGE MY NAME FROM RAJKRISHNA DAS TO RAJKRISHNA ADHIKARI AND HENCEFORTH I SHALL BE KNOWN AS RAJKRISHNA ADHIKARI IN ALL PURPOSE,VIDE AFFIDAVIT NO 3698 SWORN BEFORE THE NOTARY PUBLIC AT THE EXECUTIVE MAGISTRATE COURT KRISHNAGAR ON 10-03-25.RAJKRISHNA ADHIKARI AND RAJKRISHNA DAS BOTH ARE SAME AND ONE IDENTICAL PERSON.

### Name Change

I SMARAJIT DAS S/O LATE- HARIPADA DAS RESIDENT OF VILL-BAIKUNTHA SARAK TAL TALA PARA,P.O-SAKTINAGAR,PIN-741102,P.S-KOTWALI,DIST-NADIA.DO HEREBY DECLARE THAT I HAVE CHANGE MY NAME FROM SMARAJIT DAS TO SARAJIT ADHIKARI AND HENCEFORTH I SHALL BE KNOWN AS SARAJIT ADHIKARI IN ALL PURPOSE,VIDE AFFIDAVIT NO 3697 SWORN BEFORE THE NOTARY PUBLIC AT,THE EXECUTIVE MAGISTRATE COURT KRISHNAGAR ON 10-03-2025.SARAJIT ADHIKARI AND SMARAJIT DAS BOTH ARE SAME AND ONE IDENTICAL PERSON

# ৭ বাগান ফুটবলারকে সঙ্গে নিয়ে থাইল্যান্ডের বিপক্ষে ২৮ সদস্যের দল ঘোষণা মার্কুয়েজের

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ মেঃ** ভারতীয় জাতীয় ফুটবল দলের প্রধান কোচ মানোলো মার্কুয়েজ বুধবার অর্থাৎ ২৮ মে ঘোষণা করেছেন কলকাতায় প্রস্তুতি শিবিরে থাকা ২৮ জন ফুটবলারই থাইল্যান্ড সফরে যাচ্ছেন। এই সফরে ভারত মুখোমুখি হবে থাইল্যান্ডের জাতীয় দলের বিপক্ষে। প্রীতি ম্যাচটি অনুষ্ঠিত হবে আগামী ৪ জুন, বিকেল ৬টায় (ভারতীয় সময়) থান্মাসাত স্টেডিয়ামে। গত ১৯ মে থেকে কলকাতায় অনুশীলন শুরু করেছিল ব্লু টাইগার্স। সেখানে ছয় দিনের কড়া অনুশীলনের মধ্যে ছিল সকালের জিম সেশন ও বিকালের মাঠের অনুশীলন। এই সময়ে দল দুটি প্রস্তুতি ম্যাচও খেলে, যেখানে তারা উভয় ম্যাচেই জয়ী হয়। প্রথম ম্যাচে ২৬ মে, ভারত ২-১ গোলে পরাজিত করে সন্তোষ ট্রফি বিজয়ী বাংলা দলকে। ওই ম্যাচে গোল করেন ব্র্যান্ডন ফার্নান্দেজ এবং আশিক কুরুনিয়ান। এরপর ২৭ মে তারা ৩-০ গোলে হারায় উত্তর ২৪ পরগণাকে। সেই ম্যাচে গোলের তালিকায় নাম লেখান সুনীল ছেত্রী, চিংলেনসানা সিং ও উদান্তা সিং। থাইল্যান্ড ম্যাচের পর ভারত সরাসরি পাড়ি দেবে হংকং, যেখানে ১০ জুন অনুষ্ঠিত হবে ২০২৭ সালের এএএফসি এশিয়ান কাপের যোগ্যতা অর্জনের ফাইনাল রাউন্ডের ম্যাচ। ভারতীয় সময় বিকেল ৫টা ৩০মিনিটে শুরু হবে সেই গুরুত্বপূর্ণ লড়াই।

**এবার দেখে নেওয়া যাক থাইল্যান্ড সফরের জন্য ঘোষিত ভারতের ২৮ সদস্যের স্কোয়াডঃ**

গোলরক্ষক-হৃতিক তিওয়ারি, বিশাল কাইথ, গুরমিত সিং, অমরিন্দর সিং।

ডিফেন্ডার-নওরেম রোশন সিং, রাহুল ভেকে, চিংলেনসানা সিং, আনোয়ার আলি, বরিস সিং থাংজাম, সন্দেশ ঝিঙ্গান, আশিস রাই, শুভাশীষ বোস, মেহেতাব সিং, টেকচাম অভিষেক সিং।

মিডফিল্ডার-সুরেশ সিং ওয়াংজাম, নওরেম মহেশ সিং, আয়ুষ দেব ছেত্রী, উদান্তা সিং, লালেনগমাওইয়া রালতে (আপুইয়া), লিস্টন কোলাসো, আশিক কুরুনিয়ান, ব্র্যান্ডন ফার্নান্দেজ, নিখিল প্রভু।

ফরোয়ার্ড-সুনীল ছেত্রী, এডমুন্ড লালরিন্ডিকা, মনবীর সিং, সুহেল আহমেদ ভাট, লালরিনজুয়ালা ছাংতে

এই স্কোয়াডে অভিজ্ঞতা ও তরুণ শক্তির মিশেল রয়েছে। সুনীল ছেত্রী, সন্দেশ ঝিঙ্গানও ব্র্যান্ডন ফার্নান্দেজের মতো অভিজ্ঞ খেলোয়াড়দের সাথে রয়েছেন নতুন প্রতিভা যেমন সুহেল ভাট এবং আয়ুষ ছেত্রী। কোচ মার্কুয়েজ ইতিমধ্যে জানিয়ে দিয়েছেন, তিনি খেলোয়াড়দের পারফরম্যান্সে সন্তুষ্ট এবং থাইল্যান্ড ও হংকং ম্যাচে দল ভালো ফল করবে বলে আশাবাদী। ফুটবলপ্রেমীদের নজর এখন থাকবে ৪ জুনের ম্যাচে, যেখানে ভারতীয় দল কীভাবে নিজেদের গুছিয়ে মাঠে নামে এবং প্রস্তুতির ফসল কতটা ঘরে তোলে, সেটাই দেখার। এছাড়াও, হংকংয়ের বিরুদ্ধে এশিয়ান কাপের কোয়ালিফায়ারস ম্যাচে জয় পাওয়া ভারতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে।

# ইংল্যান্ড-অস্ট্রেলিয়ায় খেলা সহজ হবে না

## গিলকে সতর্কবাণী কপিল দেবের

**নয়াদিল্লি, ২৮ মেঃ** শুভমান গিল ভারতীয় টেস্ট ক্রিকেট দলের নেতৃত্বে এক নতুন অধ্যায় শুরু করতে চলেছেন। তবে ইংল্যান্ডের কঠিন সফরে তাঁর এই দায়িত্ব নিয়ে সমালোচনার ঝড় উঠেছে। কিন্তু কিংবদন্তি ক্রিকেটার কপিল দেব এই তরুণ খেলোয়াড়ের প্রতি সমর্থন জানিয়েছেন, বলেছেন যে গিল অধিনায়কত্বের জন্য প্রস্তুত। বিরাট কোহলি এবং রোহিত শর্মার মতো সিনিয়র খেলোয়াড়দের অনুপস্থিতিতে, নতুন বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ চক্রে দলের রূপান্তরের সময় গিলের হাতে অধিনায়কত্ব তুলে দেওয়া হয়েছে। তবে, টেস্ট ক্রিকেটে তাঁর ব্যাটিং গড় নিয়ে সমালোচক এবং ভক্তদের মধ্যে সন্দেহ প্রকাশ পেয়েছে। চলতি মাসের শুরুতে শুভমান গিলকে টেস্ট দলের অধিনায়ক হিসেবে নির্বাচিত করা হয়। এর মাধ্যমে তিনি ভারতের পঞ্চম তরুণতম টেস্ট অধিনায়ক হিসেবে নাম লিখিয়েছেন। জসপ্রীত বুমরাহ এবং ঋষভ পন্থের মতো অভিজ্ঞ খেলোয়াড়দের বাদ দিয়ে তাঁকে এই দায়িত্ব দেওয়া হয়েছে। এই সিদ্ধান্ত নিয়ে অনেকে প্রশ্ন তুললেও, বিশ্বকাপজয়ী সাবেক অধিনায়ক কপিল দেব গিলের পক্ষে সোচ্চার। স্পোর্টস্টারকে দেওয়া এক

সাক্ষাৎকারে তিনি বলেন, ''এটি একটি নতুন দায়িত্ব, এবং আমি এর ইতিবাচক দিকটাই দেখি। তাঁর আগের ইংল্যান্ড সফরে গড় কী ছিল, তা নিয়ে আলোচনা না করে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নেওয়া উচিত। তাঁকে তাঁর সম্ভাবনার জন্য বেছে নেওয়া হয়েছে, এবং আমি বিশ্বাস করি তিনি সফল হবেন। ইংল্যান্ড এবং অস্ট্রেলিয়ার মতো জায়গায় খেলা কখনোই সহজ নয়, তবে কাউকে না কাউকে দায়িত্ব নিতে হবে।'' গিল ২০২০ সালে টেস্ট ক্রিকেটে অভিষেকের পর থেকে ৩২টি টেস্ট ম্যাচ খেলেছেন। তবে ইংল্যান্ডে তাঁর পারফরম্যান্স ছিল হতাশাজনক। ছয়টি ইনিংসে তিনি মাত্র ৮৮ রান করেছেন, গড় ১৪.৬৬। এই পরিসংখ্যান সত্ত্বেও কপিল দেব আশাবাদী। তিনি বলেন, ''নির্বাচকরা তাঁর সব শক্তিশালী দিক বিবেচনা করে দীর্ঘমেয়াদি বিনিয়োগ হিসেবে তাঁকে অধিনায়ক করেছেন। তাঁর দল এবং ভক্তদের সমর্থন প্রয়োজন। তিনি তরুণ, শিখবেন এবং দলের সেরাটা বের করে আনবেন। আমার কাছে গিল এমন একজন খেলোয়াড়, যিনি বিশ্বের সেরাদের সঙ্গে লড়তে প্রস্তুত। জসপ্রীত বুমরাহের সমর্থন পেলে গিল একজন শক্তিশালী অধিনায়ক হিসেবে আবির্ভূত হবেন।'' শুভমান গিল নিজেও অধিনায়কত্বের দায়িত্ব পাওয়ার পর প্রথম প্রতিক্রিয়ায় এটিকে বড় সম্মান এবং বড় দায়িত্ব বলে অভিহিত করেছেন। বিসিসিআইয়ের সঙ্গে কথোপকথনে তিনি বলেন, ''ছোটবেলায় যখন কেউ ক্রিকেট খেলা শুরু করে, তখন তার স্বপ্ন থাকে ভারতের হয়ে খেলার। শুধু ভারতের হয়ে খেলা নয়, দীর্ঘদিন ধরে টেস্ট ক্রিকেট খেলার। এই সুযোগ পাওয়া আমার জন্য বড় সম্মান এবং এটি একটি বড় দায়িত্ব।'' রোহিত শর্মার উত্তরসূরি হিসেবে গিল ভারতের ৩৭তম টেস্ট অধিনায়ক হয়েছেন এবং ইতিহাসে পঞ্চম তরুণতম অধিনায়ক।

# অবসরেও সক্রিয় রোহিত! তাঁর বিশেষ আর্জিতেই দায়িত্বে ফিরলেন ফিল্ডিং কোচ টি দিলীপ?

**মুম্বই, ২৮ মেঃ** তিনি দলে না থেকেও দলে আছেন! 'তিনি' মানে রোহিত শর্মা। চলতি মাসেই টেস্ট ক্রিকেটকে বিদায় জানিয়েছেন। যাকে ঘিরে জন্ম নিয়েছে একগুচ্ছ প্রশ্ন, দানা বেঁধেছে একাধিক সংশয়। কেন ইংল্যান্ড সফরের আগে অবসর নিলেন রোহিত? কোচ গম্ভীরের সঙ্গে মতানৈক্যই সরে যাওয়ার ফ্যাক্টর নয় তো? উত্তর যাই হোক না কেন, রোহিতের নিষ্ক্রমণে টিম ইন্ডিয়ার অন্দরে যে ফাটল দেখা দিয়েছে সেটা দিনের আলোর মতো স্পষ্ট। সেই ফাটলের ছাপ পড়েছে অধিনায়ক নির্বাচন, দল বাছাই থেকে শুরু করে বিরাট কোহলির অবসরেও! দলের অন্দরে রোহিত জনপ্রিয় ছিলেন-সেটা স্বীকার করেছেন নবাগত অধিনায়ক শুভমান গিল। রোহিত কতটা প্রভাব ফেলেছিলেন সেটা বোঝা গেল আজ। সূত্রের খবর, কয়েক দিন আগে ছাঁটাই হওয়া ফিল্ডিং কোচ টি দিলীপ যে ফের দায়িত্বে ফিরেছেন, তার নেপথ্যে নাকি রোহিতের বড় ভূমিকা রয়েছে। তাঁর 'বিশেষ' আর্জিতেই দলের ফিল্ডিং বিভাগ সামলাবেন দিলীপ। আর সেটা আসন্ন ইংল্যান্ড সিরিজ থেকেই! বিরাট, রোহিত দুই তারকা ক্রিকেটার সরে দাঁড়ানোর অনেক আগে

বিসিসিআই গৌতম গম্ভীরের দুই সহকারীর চুক্তি বাতিল করে। একজন সহকারী কোচ অভিষেক নায়ার। অন্যজন ফিল্ডিং কোচ টি দিলীপ। এর আগে জানা গিয়েছিল, বোর্ড নাকি দিলীপের জায়গায় কোনও এক বিদেশি কোচকে আনতে আগ্রহী। কিন্তু নির্ধারিত সময়ে সেটা করা সম্ভব হয়নি। তারপরই দিলীপকে ফের আগের দায়িত্বে বহাল করার সিদ্ধান্ত নেওয়া হয়। এখন জানা যাচ্ছে, এর পেছনে প্রত্যক্ষ ভূমিকা রয়েছে বিদায়ী অধিনায়ক রোহিত শর্মার। তিনিই কোচ গৌতম গম্ভীরকে দিলীপের পুনর্বহালের 'বিশেষ' আর্জি জানান। সূত্রের খবর, দিলীপের আগের চুক্তিই নবীকরণ হয়েছে। মেয়াদ বেড়েছে এক বছর। ইতিপূর্বে জানা গিয়েছিল, বিসিসিআই রায়ান টেন দুশখতেকে ফিল্ডিং কোচ বানাতে চায়। যিনি আগে কলকাতা নাইট রাইডার্সের দায়িত্ব সামলেছেন। এখন সেই পরিকল্পনা থেকে সরে আসছে বোর্ড। দুশখতেকে গৌতম গম্ভীরের সহকারী করা হতে পারে বলে খবর। উল্লেখ্য, টিম ইন্ডিয়ার অন্দরে জনপ্রিয় টি দিলীপ একগুচ্ছ নিয়ম আমদানি করেন। কোনও খেলোয়া। ট্রেনিংয়ে ভাল পারফর্ম করলে তাঁকে মেডেল পরিয়ে পুরস্কার দেওয়া হত, মেডেল পরাতেন প্রাক্তন কোনও ক্রিকেটার। ইংল্যান্ড সফরে ফের সেই রীতিই ফিরতে চলেছে ভারতীয় দলের নেট প্র্যাকটিসে!

# বিশ্বকাপের লক্ষ্যে প্রো লিগে জয়ের জন্য ঝাঁপাল ভারতীয় দল

**নয়াদিল্লি, ২৮ মেঃ** ২০২৬ সালের হকি বিশ্বকাপে সরাসরি খেলার সুযোগ পেতে হলে প্রো লিগে শীর্ষস্থানে থাকা ছাড়া উপায় নেই ভারতের। এই লক্ষ্যকে সামনে রেখেই আসন্ন ইউরোপীয় পর্বের প্রতিটি ম্যাচকে বিশেষ গুরুত্ব দিচ্ছে হরমনপ্রীত সিংয়ের নেতৃত্বাধীন ভারতীয় হকি দল। এই পর্বের প্রতিপক্ষ নেদারল্যান্ডস, আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া এবং বেলজিয়ামের মতো শক্তিশালী দল। তাই শুরু থেকেই প্রত্যেক ম্যাচে সর্বশক্তি দিয়ে ঝাঁপাতে চলেছে ভারত। বর্তমানে লিগ টেবিলে ১৫ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছে ভারত। প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে ইংল্যান্ড ও বেলজিয়াম, উভয়েরই পয়েন্ট ১৬। ফলে এই ইউরোপীয় সফরের ম্যাচগুলোই নির্ধারণ করে দেবে ভারত কোথায় শেষ করবে। শীর্ষস্থানে থেকে লিগ শেষ করতে পারলেই ২০২৬ বিশ্বকাপে সরাসরি খেলার সুযোগ মিলবে। আর সেই লক্ষ্যেই চলছে কঠোর অনুশীলন। গত তিন সপ্তাহ ধরে বেঙ্গালুরুতে সাই জাতীয় শিবিরে অনুশীলন করছে ভারতীয় দল। ফিটনেস, গেমপ্ল্যান এবং মানসিক প্রস্তুতির উপর জোর দেওয়া হচ্ছে। ভারতীয় দলের সহ-অধিনায়ক হার্দিক সিং বলেন, ''এই পর্বে আমাদের একের পর এক ম্যাচ খেলতে হবে। খুব একটা বিশ্রামের সুযোগ নেই। তাই ফিটনেস ট্রেনিংয়ের দিকেও জোর দেওয়া হচ্ছে। আমাদের দল ছন্দে রয়েছে। পরিকল্পনামাফিক এগোতে পারলে শীর্ষস্থান দখল করা সম্ভব।'' ৭ জুন থেকে শুরু হচ্ছে ইউরোপীয় পর্ব। প্রথম ম্যাচেই মুখোমুখি হবে ভারত এবং নেদারল্যান্ডস। এরপর ৯ জুন ফিরতি ম্যাচে ফের দেখা হবে এই দুই দলের। এরপর ১১ ও ১২ জুন ভারতের প্রতিপক্ষ আর্জেন্টিনা। ১৪ ও ১৫ জুন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মুখোমুখি হবে ভারত। সব শেষে ২১ ও ২২ জুন বেলজিয়ামের বিরুদ্ধে মাঠে নামবে হরমনপ্রীতরা। এই পর্বে সব ম্যাচই অনুষ্ঠিত হবে আমস্টেলভিন (নেদারল্যান্ডস) এবং অ্যান্টওয়ার্প (বেলজিয়াম)। ভারতীয় কোচ ক্রেগ ফাল্টন জানিয়ে দিয়েছেন, এই টুর্নামেন্টের গুরুত্ব উপলব্ধি করে কোনও রকম ঝুঁকি নেওয়া হবে না। তিনি বলেন, ''আমরা বিশ্বকাপে সরাসরি জায়গা করে নেওয়ার মতো

পারফরম্যান্স দিতে প্রস্তুত। এটি প্যারিস অলিম্পিকের পর সবচেয়ে কঠিন ট্রেনিং ব্লক আমাদের জন্য।'' ভারতীয় দল বিগত এক দশকেরও বেশি সময় ধরে বিশ্ব হকিতে অন্যতম ফিট দল হিসেবে পরিচিত। তবে, ফাল্টনের মতে, প্যারিস অলিম্পিকে যে মানদণ্ড তারা স্থাপন করেছিল, সেখানে ফের পৌঁছাতে হলে আরও এক ধাপ উপরে উঠতে হবে। তাই প্রতিটি খেলোয়াড়ের উপর ব্যক্তিগতভাবে নজর দেওয়া হচ্ছে, যেন কেউ ফর্ম বা ফিটনেসে পিছিয়ে না পড়ে। প্রসঙ্গত, হরমনপ্রীত সিং, মানপ্রীত সিং, হার্দিক সিং, তথা অভিজ্ঞ ও উদীয়মান খেলোয়াড়দের সমন্বয়ে গঠিত এই দলটি গত বছর একাধিক আন্তর্জাতিক ম্যাচে নজরকাড়া পারফরম্যান্স দিয়েছে। কিন্তু প্রো লিগের এই পর্বে তাদের সম্মুখীন হতে হচ্ছে বিশ্বের সেরা দলগুলোর সঙ্গে, তাই প্রতিটি মুহূর্তেই দিতে হবে সেরা পারফরম্যান্স। ভারতীয় শিবিরে এখন একটাই বার্তা-একটা সুযোগ, একটা লক্ষ্য-বিশ্বকাপ! এই সংকল্প নিয়েই মাঠে নামতে চলেছে ব্লু টিম। সমর্থকদের আশাবাদ, ফিটনেস এবং ফর্মের এই ধারাবাহিকতা বজায় থাকলে ভারত এই কঠিন পর্ব পেরিয়ে বিশ্বকাপে তাদের জায়গা নিশ্চিত করতেই পারবে।

# সুনীলের ফিরে আসায় তরুণরা হতাশ হয়ে পড়বে, অভিমত জাতীয় দলের এই প্রাক্তন অধিনায়কের

**নয়াদিল্লি, ২৮ মেঃ** ২০০৫ সাল। ভারতীয় ফুটবল দলের অধিনায়ক তখন ভেঙ্কটেশ সন্মুগম আর সুনীল ছেত্রী তখন সবে আলো ছড়াতে শুরু করেছেন, বয়স মাত্র ২০। ভেঙ্কটেশ তখন একজন সিনিয়র খেলোয়াড়কে অনুরোধ করে জাতীয় দল থেকে সরে দাঁড়াতে বলেন, যাতে সুনীল ছেত্রী সুযোগ পান। সেটা ছিল অধিনায়ক হিসাবে ভেঙ্কটেশের একটি সাহসী সিদ্ধান্ত। এবার সেই ভেঙ্কটেশই সুনীলের প্রত্যাবর্তন নিয়ে গভীর হতাশা প্রকাশ করলেন। একদিন যাঁর জন্য দরজা খুলে দিয়েছিলেন তাঁর অবসরের পরেও ফিরে আসা প্রসঙ্গে এই প্রাক্তন ফুটবলারের অভিমত, ভারতীয় ফুটবল কেন সেই পথে হাঁটছে না যা তিনি ২০ বছর আগে করেছিলেন। সুনীল ফিরে আসায় নতুন ফুটবলাররা উঠে আসতে পারছেন না বলে অভিমত এই প্রাক্তন ভারতীয় মিডফিল্ডারের। এফসি মাদ্রাসের টেকনিক্যাল ডিরেক্টর ভেঙ্কটেশ এক সংবাদমাধ্যমকে বলেছেন, ''দুই যুগ আগে আমি এক সিনিয়র ফুটবলারকে বলেছিলাম, বুট জোড়া তুলে রাখ, তাহলে তরুণ প্রতিভা সুনীল ছেত্রীর পথ প্রশস্ত হবে।'' এখানেই থামেননি প্রাক্তন এই তারকা ফুটবলার। তিনি মনে করছেন, সুনীলের ফিরে আসা ভারতীয় ফুটবলের ক্ষেত্রে খারাপ খবর। ভেঙ্কটেশ বলেন, ''সুনীলের ফিরে আসা ভারতীয় ফুটবলের পক্ষে খারাপ খবর। এর ফলে তরুণ ফুটবলাররা হতাশ হবে। আমি সুনীলকে দোষ দিচ্ছি না। সে বড়জোর এক-দু'টি ম্যাচ খেলবে। কিন্তু সুনীলের পরিবর্তে তরুণ কাউকে দলে নিলে সে আরও দশ বছর খেলবে।'' হতাশ ভেঙ্কটেশ আরও বলেন, ''পরোক্ষভাবে আমরা সবাইকে জানিয়ে দিচ্ছি যে, আমাদের কাছে আর কোনও খেলোয়াড় নেই। আমরা কিন্তু দেখছি, প্রচুর তৃণমূল স্তরের কর্মসূচি নেওয়া হয়েছে। হচ্ছে অনেক টুর্নামেন্টও। তাও আমরা নির্ভর করে আছি ৪০ বছরের এক ফুটবলারের উপর। ২০ বছর পিছনে তাকান। আমরা কিন্তু এরকমটা করেছিলাম।''

# এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের মিক্সড রিলেতে সোনা ভারতের

**নয়াদিল্লি, ২৮ মেঃ** ২৬তম এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে বুধবার ভালই কাটল ভারতীয় অ্যাথলিটদের কাছে। এদিন ভারতের ঘরে এসেছে ৪X৪০০ মিটার মিক্সড রিলেতে সোনা। সেই সঙ্গে ব্যক্তিগত বিভাগ থেকে এসেছে বেশ কয়েকটি পদক। গতবারও ৪X৪০০ মিটার মিক্সড রিলেতে সোনা জিতেছিল ভারত। এবারও তারা সেই ধারা অব্যহত রাখল। এই দলের সদ্য ছিলেন রূপাল চৌধুরী, সন্তোষ কুমার, বিশাল টিকে ও শুভা ভেঙ্কাটেসান। সোনা জেতার পথে তাঁরা সময় নিয়েছেন ৩:১৮:১২ সেকেন্ড। মিক্সড দলের হয়ে রিলেতে সোনা জেতার পাশাপাশি ভারতের উদীয়মান ক্রীড়াবিদ এবং মিরাটের বাসিন্দা রূপাল চৌধুরী ব্যক্তিগত বিভাগে রুপো জিতে দেশকে গর্বিত করেছেন। এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে মহিলাদের ৪০০ মিটার দৌড়ে, তিনি ৫২.৬৮ সেকেন্ড সময় নিয়ে দ্বিতীয় স্থান অর্জন করে রুপো জিতে নেন। পাশাপাশি ডেকাথেলনে রুপো জিতেছেন তেজাস্বিন শঙ্কর ৭৬১৮ স্কোর করে। এই বিভাগে সোনা জিতেছেন চিনের ফেই জিয়াং। তাঁর স্কোর ৭৬৩৪। পুরুষদের ট্রিপল জাম্পে ১৬.৯০ মিটার লাফিয়ে রুপো জিতেছেন ভারতের প্রবীণ চিত্রাভেল।






# আই-লিগে অবনমনের উপর স্থগিতাদেশ জারি করল এআইএফএফ আপিল কমিটি

**নয়াদিল্লি, ২৯ মেঃ** আই-লিগ থেকে প্রোমোশনের পাশাপাশি রেলিগেশনের বিষয়টিও এখন অনিশ্চয়তার মুখে। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের অপিল কমিটি মঙ্গলবার আই-লিগ থেকে রেলিগেশন প্রক্রিয়ার উপর স্থগিতাদেশ জারি করেছে। এই সিদ্ধান্ত দিল্লি এফসি এবং এসসি বেঙ্গালুরুর জন্য বড় স্বস্তি এনেছে, যারা ১২ দলের এই প্রতিযোগিতায় সর্বনিম্ন দুটি স্থানে থেকে রেলিগেশনের মুখে ছিল। অপিল কমিটি চূড়ান্ত রায় না দেওয়া পর্যন্ত রেলিগেশন প্রক্রিয়া স্থগিত রাখার নির্দেশ দিয়েছে। দিল্লি এফসি (২২ ম্যাচে ১৪ পয়েন্ট) এবং এসসি বেঙ্গালুরু (২২ ম্যাচে ২১ পয়েন্ট) অপিল কমিটির কাছে রেলিগেশন থেকে মুক্তি চেয়ে আবেদন করেছিল। তারা এআইএফএফ-এর ভিশন ২০৪৭ পরিকল্পনার উল্লেখ করে বলেছে যে, এই পরিকল্পনায় আই-লিগে ১৬টি দল অন্তর্ভুক্ত করার কথা রয়েছে। এছাড়াও, তারা যুক্তি দিয়েছে যে, শীর্ষ স্তরের ইন্ডিয়ান সুপার লিগে যেহেতু কোনো রেলিগেশন নেই, তাই দ্বিতীয় স্তরের আই-লিগ থেকেও দলগুলোকে রেলিগেশনের মুখোমুখি হতে হবে না। এই আবেদন প্রথমে এআইএফএফ-এর ডিসিপ্লিনারি কমিটির কাছে জমা দেওয়া হয়েছিল, যারা এটিকে অপিল কমিটির কাছে পাঠিয়ে দেয়। এসসি বেঙ্গালুরু তাদের আবেদনে দাবি করেছে যে, নামধারী এফসি তাদের বিরুদ্ধে একটি ম্যাচে 'অনুপযুক্ত' খেলোয়াড় খেলিয়েছে। ওই খেলোয়াড়টি সাসপেন্ডেড ছিলেন। কিন্তু প্রতিযোগিতার

নিয়মে স্পষ্টতার অভাবের কারণে বিভ্রান্তি সৃষ্টি হয় এবং নামধারী ওই খেলোয়াড়কে মাঠে নামায়। এসসি বেঙ্গালুরু টুর্নামেন্টের নিয়ম অনুযায়ী ওই ম্যাচ থেকে তিন পয়েন্ট দাবি করেছে, যা যদি মঞ্জুর হয়, তাহলে আইজল এফসি রেলিগেশনের মুখে পড়তে পারে। অপিল কমিটি, নেতৃত্বে রয়েছেন অবসরপ্রাপ্ত বিচারপতি রাজেশ ট্যান্ডন, তাদের অন্তর্বর্তী আদেশে বলেছে, এআইএফএফ-এর ডিসিপ্লিনারি কমিটির আদেশ পর্যালোচনা করলে দেখা যায় যে, তারা আই-লিগ ২০২৪-২৫-এর রেলিগেশন প্রক্রিয়াকে উপেক্ষা করেছে। অতীতে এআইএফএফ নিজেই বহুবার রেলিগেশন মওকুফ করেছে। কমিটি আরও উল্লেখ করেছে, মামলার পরিস্থিতি বিবেচনা করে, রেলিগেশন সংক্রান্ত যেকোনো আদেশ স্থগিত রাখা উচিত এবং চূড়ান্ত শুনানি পর্যন্ত এটি কার্যকর করা উচিত নয়। দিল্লি এফসি এবং এসসি বেঙ্গালুরু আরও যুক্তি দিয়েছে যে, যোগ্য কর্তৃপক্ষের দ্বারা যেকোনো রেলিগেশনের সিদ্ধান্ত গুরুতর শাস্তিমূলক পরিণতির দিকে নিয়ে যাবে। তারা প্রথমে এই বিষয়ে ডিসিপ্লিনারি কমিটির কাছে চ্যালেঞ্জ জানিয়েছিল। অপিল কমিটি এআইএফএফ-কে এই বিষয়ে তাদের আপত্তি দাখিল করার জন্য দুই দিন সময় দিয়েছে এবং আগামী ৩০ মে এই মামলার পরবর্তী শুনানি হবে। কমিটি আরও জানিয়েছে, 'এই আদেশের একটি কপি এবং আবেদনপত্র আইজল এফসি-কে পাঠানো হবে, যাতে তারা ইচ্ছা করলে এই প্রক্রিয়ায় অংশ নিতে পারে।' এর আগে, ইন্টার কাশি চার্চিল ব্রাদার্সকে আই-লিগের চ্যাম্পিয়ন ঘোষণার অপিল কমিটির সিদ্ধান্তকে কোর্ট অফ আরবিট্রেশন ফর স্পোর্টসে চ্যালেঞ্জ করেছিল। সিএএস এই রায়ের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেছে এবং এআইএফএফ-সহ সংশ্লিষ্ট সকল পক্ষকে তাদের জবাব দাখিল করতে বলেছে। এই মামলার নতুন শুনানির তারিখ এখনও ঘোষণা করা হয়নি। এছাড়াও, দিল্লি এফসি-সহ চারটি আই-লিগ ক্লাব ইন্টার কাশির বিরুদ্ধে 'অনুপযুক্ত' খেলোয়াড় মাঠে নামানোর অভিযোগে দিল্লি হাইকোর্টে মামলা দায়ের করেছে। এই মামলাগুলোর চূড়ান্ত ফলাফল এখনও অপেক্ষমাণ। আই-লিগের এই চলমান বিতর্ক ফুটবল প্রেমীদের মধ্যে উত্তেজনা বাড়িয়ে তুলেছে। রেলিগেশন এবং প্রোমোশনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত কী হবে, তা জানতে সকলের দৃষ্টি এখন অপিল কমিটির দিকে।

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar
Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com

পেট্রোলিয়াম এবং
প্রাকৃতিক গ্যাস মন্ত্রক
ভারত সরকার

सत्यमेव जयते

# বিকশিত পশ্চিমবঙ্গ
# বিকশিত ভারত

## পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায়
## সিটি গ্যাস বিতরণ প্রকল্পের
## ভিত্তিপ্রস্তর স্থাপন
## করবেন
# নরেন্দ্র মোদী
**প্রধানমন্ত্রী**

## সিটি গ্যাস বিতরণ প্রকল্পের মুখ্য বৈশিষ্ট্য এবং লাভ

1 ১০০০ কোটি টাকারও বেশী বিনিয়োগ সহ ৪২ লাখ–এরও বেশী লোকের জন্য শক্তির উপলব্ধতা

2 পিএনজি সংযোগের মাধ্যমে ২.৫ লাখ–এরও বেশী গৃহ, ব্যবসা এবং শিল্পের জন্য বিশ্বস্ত, লাভজনক এবং ২৪x৭ গ্যাস সরবরাহ সুনিশ্চিত

3 সিএনজি স্টেশন দ্বারা যানবাহন থেকে হওয়া দূষণ হ্রাস, স্বচ্ছ এবং সুস্থ ভবিষ্যতের ভিত গড়তে সহায়ক

4 স্বচ্ছ শক্তি এবং প্রাকৃতিক গ্যাসের ব্যবহার করে ভারতের নেট–জিরো লক্ষ্যের প্রতি পদক্ষেপ

5 ২২ লাখ–এরও বেশী শ্রম দিবস কর্মসংস্থান সৃষ্টি, প্রত্যক্ষ এবং পরোক্ষ কর্মসংস্থান এবং স্থানীয় অর্থনৈতিক উন্নতির বৃদ্ধি

6 ৪২ লাখ–এরও বেশী লোকের জন্য শক্তির উপলব্ধতা, জীবন মানের উন্নতি এবং আঞ্চলিক উন্নতিতে স্থায়ী বৃদ্ধি

7 গ্রীন হাউস গ্যাস নির্গমনে ২৭ শতাংশ হ্রাস – ২৫ বছরে ৯৮ TMT –এর সমতুল

## গৌরবময় উপস্থিতি

**ড. সি ভি আনন্দ বোস**
রাজ্যপাল, পশ্চিমবঙ্গ

**মমতা ব্যানার্জী**
মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ

**হরদীপ সিং পুরী**
কেন্দ্রীয় মন্ত্রী, পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রক

**মনোজ টিগ্গা**
সাংসদ, আলিপুরদুয়ার

**অনন্ত মহারাজ**
সাংসদ, রাজ্যসভা

**সুমন কাঞ্জিলাল**
বিধায়ক, আলিপুরদুয়ার

**বিশাল লামা**
বিধায়ক, কালচিনি

২৯ মে, ২০২৫, দুপুর ২ টো | প্যারেড গ্রাউন্ড, আলিপুরদুয়ার, পশ্চিমবঙ্গ

**ডিডি নিউজ এবং অন্যান্য প্রধান টিভি চ্যানেলগুলিতে সরাসরি সম্প্রচার**